CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 16 June, 2024 ■ আগরতলা ১৬ জুন ২০২৪ ইং ■ ১ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## জি-৭ সম্মেলন

# মোদী ও মেলোনির মধ্যে প্রতিরক্ষা নিরাপত্তা সহযোগিতা নিয়ে চর্চা



**আপুলিয়া, ১৫ জুন (হি.স.)।।** ইতালির আপুলিয়া শহরের জি৭ সম্মেলনের ফাঁকে দ্বিপাক্ষিক বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলেনি। তাঁদের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা-সহ নানা বিষয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী মোদী নিজেই এক্স হ্যান্ডেলে এই বৈঠক সম্পর্কে জানিয়েছেন।

মোদী জানান, 'প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে খুব ভাল বৈঠক হয়েছে। ভারতকে জি৭ শীর্ষ সম্মেলনের অংশ হতে আমন্ত্রণ জানানোর জন্য ও চমৎকার আয়োজনের জন্য তাঁকে ধন্যবাদ। আমরা বাণিজ্য, শক্তি, প্রতিরক্ষা, টেলিকম এবং আরও অনেক ক্ষেত্রে ভারত-ইতালি সম্পর্ককে আরও শক্তিশালী করার উপায় নিয়ে আলোচনা করেছি। উভয় দেশ জৈব জ্বালানি, খাদ্য প্রক্রিয়াকরণ এবং গুরুত্বপূর্ণ খনিজগুলির মতো ভবিষ্যত ক্ষেত্রগুলিতে একসঙ্গে কাজ করবে।'

উল্লেখ্য, আপুলিয়ায় জি৭ সম্মেলন শেষে দেশের উদ্দেশ্যে রওনা দিয়েছেন প্রধানমন্ত্রী মোদী। ভারতীয় সময় অনুযায়ী, শনিবার ভোররাতে এক্স-এ মোদী জানান, 'আপুলিয়াতে জি৭ শীর্ষ সম্মেলনে খুবই ফলপ্রসূ দিন ছিল। বিশ্ব নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় ও বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।' আতিথেয়তার জন্য ইতালি সরকার ও সে দেশের জনগণকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী মোদী।

এদিকে, ইতালির আপুলিয়ায় জি৭ সম্মেলনের ফাঁকে সেলফি তুললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি। শুক্রবার জি৭ সম্মেলনের ফাঁকে সেলফি তোলেন মোদী ও মেলোনিয়া। হাসিমুখে উভয়কে নিজেদের ছবি মোবাইলে ফ্রেমবন্দি করতে দেখা যায়।

এদিকে, ফলপ্রসূ ইতালি সফর শেষে শনিবার সকালেই মাতৃভূমিতে এসে পৌঁছেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার ভোররাতে ইতালি থেকে বিশেষ বিমানে নতুন দিল্লির উদ্দেশ্যে রওনা হন মোদী, আর সকালেই স্বদেশে ফেরেন তিনি। তৃতীয়বার ভারতের প্রধানমন্ত্রী হওয়ার পর এটাই মোদীর প্রথম বিদেশ সফর। এই সফরে আমেরিকা প্রেসিডেন্ট-সহ বিশ্বের বিভিন্ন নেতাদের সঙ্গে সাক্ষাৎ করেছেন মোদী।

## পশ্চিমবঙ্গে নির্বাচনোত্তর সন্ত্রাস খতিয়ে দেখতে

# বিপ্লব দেবের নেতৃত্বে বিজেপির চার সদস্যক কমিটি গঠন করলেন নাড্ডা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** পশ্চিমবঙ্গে নির্বাচনোত্তর সন্ত্রাসে সাধারণ মানুষের প্রাণ উষ্ঠাগত। অথচ, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিরব দর্শকের ভূমিকা পালন করছেন। ফলে, শাসক দল তৃনমূল আশ্রিত সমাজদ্রোহীরা বিরোধী দলের কর্মী ও ভোটারদের উপর অকথ্য নির্যাতন শুরু করেছেন। পশ্চিমবঙ্গের এই পরিস্থিতি খতিয়ে দেখতে বিজেপি রাষ্ট্রীয় সভাপতি জে পি নাড্ডা সাংসদ বিপ্লব কুমার দেবের নেতৃত্বে চার সদস্যক কমিটি গঠন করেছেন। ওই কমিটির সদস্যরা আগামীকাল সন্ধ্যায় দুই দিনের পশ্চিমবঙ্গ সফরে যাবেন।

বিজেপি রাষ্ট্রীয় সাধারণ সম্পাদক এবং মুখ্যালয় প্রভারী অরুণ সিং আজ প্রেস বিবৃতিতে বলেন, দেশে ২৮টি রাজ্য ও ৮টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলে সবেমাত্র লোকসভা নির্বাচন সম্পন্ন হয়েছে। এরই পাশাপাশি ৪টি রাজ্যে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। তাতে, দুইটি রাজ্যে ক্ষমতার পরিবর্তন হয়েছে বলে দেশবাসী লক্ষ্য করেছেন। সর্বত্রই নির্বাচনী প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হলেও, পশ্চিমবঙ্গে তার ব্যাতিক্রমী পরিস্থিতির সাক্ষী রয়েছেন সাধারণ



মানুষ। তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, পশ্চিমবঙ্গে ২০২১ সালের বিধানসভা নির্বাচনী পরিস্থিতির পুনারাবৃত্তি এইসাধারণ নির্বাচনেও মানুষ দেখতে পেয়েছেন।

অরুণ সিং কটাক্ষ করে বলেন, এহেন অস্থির পরিস্থিতি সত্ত্বেও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিরব দর্শকের ভূমিকা পালন করছেন।ফলে, শাসক দল তৃনমূল আশ্রিত সমাজদ্রোহীরা বিরোধী দলের কর্মী ও ভোটারদের উপর অকথ্য নির্যাতন চালিয়েছেন। এমনকি, কলকাতা হাইকোর্টে এ সংক্রান্ত মামলা নথিভুক্ত হয়েছে। রাজ্যে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী মোতায়েনের সময়সীমা ২১ জুন পর্যন্ত বেড়েছে এবং উচ্চ আদালতে পরিবর্তী শুনানি আগামী ১৮ জুন ধার্য হয়েছে।

অরুণ জানিয়েছেন, পশ্চিমবঙ্গে উদ্ভূত এই পরিস্থিতি খতিয়ে দেখার জন্য বিজেপি রাষ্ট্রীয় সভাপতি জে পি নাড্ডা সাংসদ বিপ্লব কুমার দেবের নেতৃত্বে চার সদস্যক কমিটি গঠন করেছেন। ওই কমিটিতে বাকি সদস্যরা হলেন, সাংসদ রবিশঙ্কর প্রসাদ, সাংসদ ব্রিজলাল এবং সাংসদ কবিতা পাতিদার।

সূত্রের খবর, রবিবার সন্ধ্যায় কলকাতায় পৌঁছেই বিজেপির প্রতিনিধি দল প্রথমে মাহেশ্বরী ভবনে ☞ ৬ এর পাতায় দেখুন

## আজকের বিদ্যার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ ঃ রাজীব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** আজকের বিদ্যার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ।

আজ বনমালীপুর মন্ডলের উদ্যোগে নজরুল কলাক্ষেত্রে আয়োজিত মাধ্যমিক-উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিদ্যার্থীদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে একথা বলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য।

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, ৯ বনমালীপুর মন্ডল ☞ ৬ এর পাতায় দেখুন

## স্কুল ছাত্রের প্রাণ বাঁচাতে অসহায় মায়ের আর্জি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** বন্ধুদের সাথে বাইকে ঘুরতে বেরিয়ে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন এক ছাত্র। তাকে উন্নত চিকিৎসার জন্য বহিঃরাজ্যে নিয়ে যেতে হবে। স্কুল ছাত্রের প্রাণ বাঁচাতে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহার কাছে আর্জি জানিয়েছন অসহায় মা।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, বন্ধুদের সাথে বাইকে ঘুরতে বেরিয়ে। দুর্ঘটনাগ্রস্ত হয়েছিল উত্তর চড়িলাম গ্রাম পঞ্চায়েতের পুরান বাড়ি এলাকার বাসিন্দা দশম শ্রেণির পাঠরত ☞ ৬ এর পাতায় দেখুন

## ভুল সংশোধনী

'বিধানসভায় গ্রুপ সি গ্রুপ ডি নিয়োগ প্রক্রিয়া বাতিলের দাবিতে বিক্ষোভ বাম যুবদের'-এই শিরোনামে পত্রিকায় প্রথম পাতায় যে খবর বেরিয়েছে তাতে লেখা 'নিয়োগ প্রক্রিয়া বাতিলের দাবিতে'- সেই জায়গায় পড়তে হবে 'নিয়োগ প্রক্রিয়া বাতিল করার প্রতিবাদে' বিক্ষোভ বাম যুবদের। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখিত।

কর্মাধ্যক্ষ।

## নিট পরীক্ষার ফলাফল কেলেঙ্কারির প্রতিবাদে

# কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কুশপুত্তলিকা পুড়িয়ে বিক্ষোভ যুব কংগ্রেসের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** নিট পরীক্ষার ফলাফল কেলেঙ্কারির প্রতিবাদে আজ রাজপথে বিক্ষোভ মিছিল করেছে প্রদেশ যুব কংগ্রেস। এদিন কর্মীরা কামান চৌমুহনীতে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের কুশপুত্তলিকা পুড়িয়ে বিক্ষোভ দেখিয়েছেন। পাশাপাশি, তাঁরা ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ দাবি করেন। এদিন বিক্ষোভ মিছিলটি প্রেস ক্লাবের সামনে থেকে শুরু হয়ে কামান চৌমুনিতে গিয়ে শেষ হয়। তারপর, কামান চৌমুহনীতে ধর্মেন্দ্র প্রধানের কুশপুত্তলিকা পুড়িয়ে বিক্ষোভ দেখিয়েছেন।



রাজ্য যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা বলেন, ভারতীয় জনতা পার্টি জন বিরোধী সংগঠন। দেশের যুবকদের স্বার্থে কাজ করেনি। যুবকদের অশান্তির কাণ্ডারী বানিয়ে তুলছে। নিট পরীক্ষার ফলাফল কেলেঙ্কারির প্রতিবাদে আজ রাজপথে বিক্ষোভ মিছিল করেছে প্রদেশ যুব কংগ্রেস।

পাশাপাশি তিনি অভিযোগ করেন, শিক্ষা নিয়ে নোংরা রাজনীতি করছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। তাই সংগঠনের তরফ থেকে অতিসত্বর ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবি জানানো হয়েছে।

## নিট পরীক্ষার বিচার বিভাগীয় তদন্তের দাবিতে এআইডিএসও-র বিক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** নিট পরীক্ষার ফলাফল নিয়ে এবার সরব হয়েছে এআইডিএসও। আজ সংগঠনের তরফ থেকে নিট পরীক্ষার বিচার বিভাগীয় তদন্ত সহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীদের কলেজে ভর্তিতে সুব্যবস্থার দাবিতে শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে।

সংগঠনের জনৈক নেতা জানিয়েছেন, নিট পরীক্ষার ফলাফল নিয়ে ব্যাপক দুর্নীতি হয়েছে। এরই প্রতিবাদে দেশ জুড়ে শিক্ষক,ছাত্র ও অভিভাবকরা আন্দোলনে সামিল হয়েছেন। তাই এআইডিএসও পক্ষ থেকেও বিচার বিভাগীয় তদন্ত সহ ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো ☞ ৬ এর পাতায় দেখুন

## যুবকদের স্বপ্ন নিয়ে ছিনিমিনি খেলছে বিজেপি সরকার ঃ আশিস



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** সারা দেশে জ্বলন্ত সমস্যা হল বেকার সমস্যা। বেকারত্বের জ্বালায় দিশেহারা যুবককরা। তাছাড়া, প্রতিনিয়ত যুবকদের স্বপ্ন নিয়ে ছিনিমিনি খেলছে বিজেপি সরকার। আজ প্রদেশ যুব কংগ্রেসের সাংগঠনিক সভায় বিজেপি সরকারের বিরুদ্ধে এমনটাই অভিযোগ তুলেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। সাথে তিনি যোগ করেন, এরই প্রতিবাদে আগামীদিনে যুবকদের নিয়ে প্রদেশ যুব কংগ্রেস আন্দোলনে নামবে।

আজ আগরতলা প্রেসক্লাবে ত্রিপুরা প্রদেশ যুব কংগ্রেসের উদ্যোগে ত্রিপুরা রাজ্যের প্রত্যেক ব্লক এবং জেলা সভাপতিদের নিয়ে এক সেমিনারের আয়োজন করা হয়েছে। এই সেমিনারে উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, ত্রিপুরা রাজ্য যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা সহঅন্যান্য নেতৃত্ব। এদিন শ্রী সাহা দাবি করেন, রাজ্যের যুব কংগ্রেসের সংগঠনে নব জোয়ার এসেছে। প্রত্যাশিতভাবে কংগ্রেসের যুব সংগঠনের প্রতি ☞ ৬ এর পাতায় দেখুন

## কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সাব্রুম স্টেশন থেকে যাত্রা শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** দক্ষিণ ত্রিপুরা এবং অসমের যোরহাট জেলার জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ করে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন নং. ১৩১৭৩/১৩১৭৪ (শিয়ালদহ — আগরতলা — শিয়ালদহ) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস-এর পরিষেবা আগরতলা থেকে সাব্রুম পর্যন্ত এবং ট্রেন নং. ১৫৭৬৯/১৫৭৭০ (আলিপুরদুয়ার জং.-লামডিং-আলিপুরদুয়ার জং.) ইন্টারসিটি এক্সপ্রেস-এর পরিষেবা লামডিং থেকে মরিয়নি পর্যন্ত সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছে। এই ট্রেনগুলির সম্প্রসারণ ১৬ জুন, ২০২৪ থেকে কার্যকর হবে।

ট্রেননং. ১৩১৭৩ (শিয়ালদহ-সাব্রুম) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ১৬জুন, ২০২৪তারিখ থেকে প্রত্যেকমঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার ও রবিবারে ০৬:৫০ ঘণ্টায়শিয়ালদহ থেকেরওনাদিয়েপ্রত্যেক বুধবার, শুক্রবার, শনিবার ও সোমবারে ২০:০০ ঘণ্টায়সাব্রুম পৌঁছবে। একইভাবে, ট্রেননং. ১৩১৭৪ (সাব্রুম-শিয়ালদহ) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ১৮ জুন, ২০২৪তারিখ থেকে প্রত্যেকমঙ্গলবার, বৃহস্পতিবার, শনিবার ও রবিবারে ☞ ৬ এর পাতায় দেখুন

## জাতীয় সড়ক নির্মাণে সরকারি অর্থের নয়ছয়ের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** জাতীয় সড়ক নির্মাণে সরকারি অর্থের হরির লুট। মাত্র দেড় কানি জমির উপর সার্ভের পরবর্তী সময়ে করা সুপারি ও লেবু চাড়া গাছের বাজেট এলো ১ কোটি ৩৭ লাখ ৮১ হাজার ১০০ টাকা সার্ভে অনুযায়ী।এতে করে জমির মালিক জহর দেববর্মার পরিবার কয়েক যুগ যুগ বসে খেতে পারবে।

এই বাজেটের রাশির বিষয় সামনে আসতেই রীতিমত কম্পন শুরু হয়ে যায় সরকারের অন্দর মহলে।১০৮ নং জাতীয় সড়কের লেম্বুছড়া থেকে ০৮ নং জাতীয় সড়ক এম বি বি বিমানবন্দর পর্যন্ত নির্মাণ করা হবে। লেম্বুছড়া থেকে এম বি বি বিমানবন্দর পর্যন্ত পুরান রাস্তা না ধরে সম্পূর্ণ নতুন রাস্তা অর্থাৎ জমির উপর দিয়ে এই রাস্তার নির্মাণ কাজ শুরু হয়। ২০২২ সালে পশ্চিম ত্রিপুরা জেলা শাসক কার্যালয় থেকে এই সড়কের সার্ভে করা হলে,রাস্তার গতি পথে যার জমি, বাড়ি ঘর এসেছে তারা সেই মোতাবেক টাকাও পেয়েছেন অনেকই।কিন্তু লেম্বুছড়া শংকর সেনাপতি পাড়ার বাসিনা জহর দেববর্মার প্রায় দেড় কানি জায়গার সার্ভের পরবর্তী সময় করা সুপারি ও লেবু চাড়া বাবদ পশ্চিম ত্রিপুরা জেলা শাসক কার্যালয়ের সার্ভে অনুযায়ী বাজেট আসে ১ কোটি ৩৭ লাখ ৮১ হাজার ১০০ টাকা।

এই বাজেটের বিষয় সামনে আসতেই এলাকায় গুঞ্জন শুরু হয়ে যায় কি ভাবে এত টাকা বাজেট আসে।বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠতে শুরু করে এই সার্ভের সঙ্গে যুক্ত একাংশ কর্মীদের বিশাল অঙ্কের অর্থের বিনিময়ে এই বাজেট বানিয়েছেন জহর দেববর্মা।

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক কার্যালয় তরফে যে সার্ভেটি করানো হয় এবং এতে ষ সরকারি অর্থের হরির লুটের ব্যাবস্থা করা হয়েছে।জহর দেববর্মার এই বাজেট আসতেই ☞ ৬ এর পাতায় দেখুন

## টানা বৃষ্টিতে পাহাড়ে ধ্বস পড়ে জাতীয় সড়কে যান চলাচল বিঘ্নিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** আজ সকাল থেকে অবিরাম বর্ষণে পাহাড়ে ধস পড়ে মুঙ্গিয়াকামি থানাধীন ৩৬ মাইল, ৩৫ মাইল এবং ৪৪ মাইল এলাকায় স্তব্ধ জাতীয় সড়ক। বন্ধ যান চলাচল। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে মুঙ্গিয়াকামি থানার পুলিশ। আজ দুইদিনের টানা বৃষ্টিতে পাহাড়ে ধস পড়ে মুঙ্গিয়াকামি থানাধীন ৩৬ মাইল, ৩৫ মাইল এবং ৪৪ মাইল এলাকায় স্তব্ধ জাতীয় সড়ক। তাতে আটকে পড়ে বহু যানচলাচল। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে পুলিশ। পর্রবতী সময়ে ড্রজারের দিয়ে রাস্তা পরিষ্কার করা হয়েছিল।দীর্ঘ দুই ঘন্টার পুনরায় যান চলাচল শুরু হয়েছিল।

## দুই মিনিটের ঘূর্নিঝড়ে লন্ডভন্ড খোয়াই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ।।** শনিবার দুই মিনিটের ঘূর্ণিঝড়ে লন্ডভন্ড খোয়াই মধ্য গনকী এবং পশ্চিম সোনাতলা। ওই ঘূর্ণিঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

এক লহমার ঝড় বৃষ্টিতে দারুন ভাবে প্রভাবিত হয়েছে সাধারণ জনজীবন।

ঘূর্ণিঝড়ে খোয়াই মধ্য গনকী এবং পশ্চিম সোনাতলা এলাকার



একাংশ বাড়িঘর ক্ষয়ক্ষতি সম্মুখীন হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৪৪ ▫ ১৬ জুন ২০২৪ ইং▫ ১ আষাঢ়▫ রবিবার ▫১৪৩১ বঙ্গাব্দ

## নয়া প্রতারণার ফাঁদ

প্রতারকরা নানা কৌশলে প্রতারণার ফাঁদ পাতিয়া মানুষের সর্বনাশ করিতেছে। সহজ সরল মানুষ এইসব প্রতারকদের ফাঁদে পা দিয়া সর্বস্ব হারাইতেছেন। দিন যত যাইতেছে প্রতারকদের কৌশল বাড়িতেছে। আধুনিক বিজ্ঞান প্রযুক্তিকে ব্যবহার করিয়া তাহারা এসব সর্বনাশা পথ অবলম্বন করিতেছে এতদিন তাহারা ফোনের মাধ্যমে ওটিপি জানিয়ে একাউন্ট খালি করিয়া নিতনিতো। ওটিপি জানিয়া অনলাইন প্রতারণা, ভিডিও কলে প্রতারণা, আধার এনাবেল পেমেন্টের মাধ্যমে প্রতারণা ইত্যাদি ফন্দি এখন পুরনো। সম্প্রতি বাড়িয়াছে ফেসবুক ব্যবহার করিয়া শেয়ার মার্কেটে বিনিয়োগের নামে প্রতারণা। প্রতারকদের অভিনব পদ্ধতি, এবার শেয়ার মার্কেটে বিনিয়োগকারীদের ফেসবুকের মাধ্যমে খুঁজিয়া তাহাদের শিকার বানাইতেছে প্রতারকরা। মানুষকে অধিক লাভের প্রলোভন দেখাইয়া প্রতারকরা বিভিন্ন প্রতিষ্ঠানে টাকা বিনিয়োগ করিতে বলিতেছে। যাহারা অবসর নিয়াছেন তাহাদের মিউচুয়াল ফান্ডে ইনভেস্ট করানোর নামে এই ধরনের প্রতারণা করা হইতেছে। এসএমএসের মাধ্যমে লিংক পাঠাইয়া ইনভেস্ট করাইতেছে। পরবর্তী সময় সাধারণ মানুষ বিনিয়োগের সেই টাকা ফেরত পাইতেছে না। বয়স্ক মানুষ থেকে শুরু করিয়া যাহারা শিক্ষিত তাহারাও টার্গেট হইতেছেন। তাই এই প্রতারণা থেকে সাবধান থাকিতে হইবে। এই ধরনের প্রতারকদের ফাঁদে পা দিয়া মানুষের অনেক টাকা ক্ষতি হইতেছে। তাই সাধারণকে সচেতন করিতে পুলিশের তরফে সচেতনতা শিবিরের আয়োজন করা প্রয়োজন। প্রতারকদের এইসব নতুন নতুন কৌশল সম্পর্কে পুলিশ প্রশাসনকে আরো কঠোর মনোভাব গ্রহণ না করিলে পরিস্থিতি দিনের পর দিন আরও অবনতির দিকে ধাবিত হইবে তাহা বলিবার অপেক্ষা রাখে না। প্রতারকদের হাত হইতে সাধারন মানুষকে রক্ষা করিতে হইলে এইসব প্রতারক চক্রের নতুন নতুন কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করিবার উদ্যোগ গ্রহণ করিতে হইবে। কেননা এইসব অপরাধ প্রবণতা সম্পর্কে সাধারণ মানুষের কোন ধারণা নাই। পুলিশ প্রশাসনকেই এইসব বিষয়ে জনগণকে সতর্ক করিতে হইবে। অন্যথায় সাধারণ মানুষ এইসব প্রতারণার ফাঁদে পা দিয়া সর্বশ্রান্ত হইবে। এখনো পর্যন্ত বহু অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী অধিক মুনাফার লোভে এইসব প্রতারক চক্রদের ফাঁদে পা দিয়া সর্বোচ্চ হারাইয়াছেন। অতএব সাধু সাবধান!

## সমস্ত প্রচেষ্টা বিফলে, মারা গেল গুজরাটে বোরওয়েলে পড়ে যাওয়া শিশুটি

আমরেলি, ১৫ জুন (হি.স.): এনডিআরএফ-সহ অন্যান্য উদ্ধারকারী দলের সমস্ত প্রচেষ্টা বিফলে চলে গেল। গুজরাটের আমরেলিতে মারা গেল বোরওয়েলে পড়ে যাওয়া শিশুটি। শনিবার সকাল ৫.১০ মিনিট নাগাদ বোরওয়েল থেকে বের করে আনা হয় শিশুটিকে, ততক্ষণে সবশেষ। দমকল অফিসার এইচ সি গাধভি জানিয়েছেন, 'সকাল ৫.১০ মিনিট নাগাদ বোরওয়েল থেকে উদ্ধার করার পর শিশুটিকে মৃত ঘোষণা করা হয়।'

খেলতে খেলতে শুক্রবার বোরওয়েলে পড়ে যায় দেড় বছরের ওই শিশুকন্যাটি। এই ঘটনাটি ঘটেছে গুজরাটের আমরেলি জেলার সুরগাপারা গ্রামে। প্রায় ৪৫-৫০ ফুট গভীর বোরওয়েলে আটকে পড়ে শিশুটি। ওই নলকূপের গর্ত থেকে শিশুটিকে উদ্ধার করতে কোমর বেঁধে নেমে পড়ে উদ্ধারকারী দল। দীর্ঘ চেষ্টার পর শিশুটিকে উদ্ধার করা গেলেও, প্রাণে বাঁচানো সম্ভব হল না।

## সুস্বাস্থ্যের জন্য চক্রাসন অনুশীলন জরুরি, যোগ দিবসের আগে ভিডিও-বার্তা মোদীর

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.): আন্তর্জাতিক যোগ দিবসের হাতেগোনা আর মাত্র কিছু দিন বাকি, তার আগে দেশবাসীকে যোগের মাধ্যমে সুস্থ থাকার পরামর্শ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আন্তর্জাতিক যোগ দিবসের আগে দেশবাসীকে সুস্থ থাকার পরামর্শ দিতে এক্স হ্যান্ডেলে প্রায়দিনই বিভিন্ন যোগাসনের পদ্ধতি ও গুণাবলী সম্পর্কে জানাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

আন্তর্জাতিক যোগ দিবসের আগে শনিবারও এক্স হ্যান্ডেলে ভিডিও পোস্ট করে যোগাসনের উপকারিতার কথা উল্লেখ করেছেন মোদী। এদিন ভিডিও-তে চক্রাসন অনুশীলন করার পদ্ধতি দেখানো হয়েছে। তাতে উল্লেখ করা হয়েছে, সুস্বাস্থ্যের জন্য চক্রাসন অনুশীলন খুবই জরুরি। প্রধানমন্ত্রী জানান, 'সুস্বাস্থ্যের জন্য চক্রাসন অনুশীলন করুন। এটি হার্টের জন্য দুর্দান্ত এবং রক্ত প্রবাহ স্বাভাবিক করতে সহায়তা করে।'

উল্লেখ্য, আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানকে প্রধানমন্ত্রী প্রথম থেকেই বিশেষ গুরুত্ব দিয়ে আসছেন। এর আগে রাষ্ট্রসংঘেও যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেন তিনি। বস্তুত, তাঁর উদ্যোগেই রাষ্ট্রসংঘ ২১ জুনকে আন্তর্জাতিক যোগ দিবস হিসাবে ঘোষণা করে।

## টি-টোয়েন্টি বিশ্বকাপ : সর্বোচ্চ রান, উইকেট, সবই এখন আফগানিস্তানের

নিউইয়র্ক, ১৫ জুন (হি.স.): এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে ৩টি ম্যাচ জয়ে আফগানিস্তানের নেট রানরেট এখন ৪.২৩০, যা ২০ দলের মধ্যে সর্বোচ্চ। দ্বিতীয় সর্বোচ্চ নেট রানরেট 'বি' গ্রুপে থাকা অস্ট্রেলিয়ার (৩.৫৮০)। ওপেনার রহমানউল্লাহ গুরবাজ এখন পর্যন্ত টুর্নামেন্টের সর্বোচ্চ রানসংগ্রাহক, ৩ ম্যাচে ১৫৪.৬৩ স্ট্রাইকরেটে এই ডানহাতি করেছেন ১৬৭ রান। দ্বিতীয় সর্বোচ্চ ১৪১ রান করেছেন যুক্তরাষ্ট্রের অ্যারন জোনস। আর ফজলহক ফারুকী সর্বোচ্চ উইকেটশিকারি। ১টি ফাই-ফারস ও ১টি ফোর-ফারসহ ৩ ম্যাচে ১২ উইকেট নিয়েছেন তিনি। ৮ উইকেট নিয়ে দ্বিতীয় স্থানে প্রোটিয়া পেসার এনরিখ নর্কিয়া।

## নতুন কোচের নাম ঘোষণা করল ডর্টমুন্ড

লন্ডন, ১৫ জুন (সি.স.): ডর্টমুন্ডের কোচের পদ থেকে সরে দাঁড়িয়েছিলেন এডিন টেরজিক। টেরজিকের জায়গায় স্থলাভিষিক্ত হলেন তারই সহকারী নুরি সাহিন। শুক্রবার (১৪ জুন) নুরিকে কোচ হিসেবে নিয়োগ করল ডর্টমুন্ড। এক বছরের চুক্তিতে গত ডিসেম্বরে বরুশিয়ায় সহকারী কোচ হিসেবে নিয়োগ পেয়েছিলেন তিনি। খেলোয়াড়ী জীবনে এই জার্মান বরুশিয়া ছাড়াও রিয়াল মাদ্রিদ, লিভারপুল, ওয়ার্ডার ব্রেমেন ও ফেইনর্ডের প্রতিনিধিত্ব করেছেন।

# পিতা রবীন্দ্রনাথের সহায়ক ছিলেন রথীন্দ্রনাথ

অমিতাভ সরকার

নুষটার নাম বললেই প্রথমেই সবার মনে আসে একজন পৃথিবী বিখ্যাত মানুষের সন্তান তিনি। এইটাই তাঁর প্রথম ও শেষ পরিচয়। আর যেন কোনো পরিচয় থাকতে নেই। ব্যক্তির নিজস্ব সত্তাকে মেঘের আড়ালে রেখে যখন তাঁকে অপরের খ্যাতির আলোয় মেপে দেখা হয়, আমরা তখন ভুলে যাই, যাঁকে নিয়ে আলোচনা করছি স্বতন্ত্রভাবে চিন্তা করলে তিনি উপযুক্ত সম্মান লাভ করার যোগ্য, কিন্তু যারা এমনিতেই স্বভাবের দিক থেকে অন্তর্মুখী, প্রচারবিমুখ, লাজুক তাঁদের তো এমনিতেই মানুষ দূরে সরিয়ে রাখবে। বাঙালির স্বভাবই হচ্ছে তেলা মাথায় তেল দেওয়া। ফলত উপযুক্ত প্রতিভাবান কখনো তাঁর সঠিক সময়ে সঠিক মূল্য পান না। যাঁকে নিয়ে কথা বলতে গিয়ে এই গৌরচন্দ্রিকা, তিনি রথীন্দ্রনাথ ঠাকুর, যাঁর নাম বলতেই আমরা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠ পুত্র বলেই এতকাল চিনে এসেছি। বংশপরিচয়ের আড়ালে যে তিনি কতখানি প্রতিভাবান ছিলেন, ইতিহাস তার কোনো মূল্যায়ন তো সে অর্থে করেইনি, উপরন্তু তাঁকে ভুল বোঝা হয়েছে, তাঁর নামে অপবাদ দেওয়া হয়েছে, এক সময় তিনি তাঁর পিতার প্রিয় প্রতিষ্ঠানের চেনা পরিবেশ থেকে অনেক দূরে নিজেকে অন্তরীণ করে রাখেন। কেউ তাঁকে বোঝেনি। বোঝা উচিৎ ছিল। তাঁর জীবনটা কেটে গেল বিখ্যাত পিতার সেবায়, কবির স্মৃতির রোজকার সংরক্ষণের কাজে।

রথীন্দ্রনাথ কবির দ্বিতীয় সন্তান এবং একমাত্র দীর্ঘকাল জীবিত থাকা পুত্র। ওঁর ছোটোভাই শমীন্দ্রনাথ কিশোর বয়সে কলেরায় মারা যান। ছোটো বয়সে মা মৃণালিনী দেবী, একে একে দুই সহোদরা, রেণুকা, মাধুরীলতা এবং ঠাকুর পরিবারের অন্যান্য পরিজনের মৃত্যুমিছিল তিনিও দেখেছেন। কবির এই পুত্রটিকে তাঁর নিজস্ব ধ্যানধারণায় শিক্ষা দিতে শুরু করবেন, ১৯০১ সালে শান্তিনিকেতনে প্রতিষ্ঠিত ব্রহ্মচর্য বিশ্ববিদ্যালয়ের প্রথম দিকের ছাত্রদের মধ্যে রথীন্দ্রনাথ অন্যতম। পরবর্তী কালে শিলাইদহের পল্লী পুনর্গঠনের কাজে বিজ্ঞান মনোভাবাপন্ন রবীন্দ্রনাথ পুত্রকে আমেরিকায় ইলিনয় বিশ্ববিদ্যালয়ে কৃষিবিজ্ঞান পড়তে পাঠাবেন, ১৯০৯ এ দেশে ফিরে গ্রামাঞ্চলে প্রযুক্তি শিক্ষিত রথীন্দ্রনাথ চাষীদের উন্নত চাষবাসের বিভিন্ন পদ্ধতি সম্বন্ধে অবগত করবেন, মৃৎ বিজ্ঞানের জ্ঞানকে কাজে লাগিয়ে মাটি পরীক্ষার জন্য পরীক্ষাগার তৈরি, ট্রাক্টর চালিয়ে জমি চাষ করতে শেখানো, আলু আখ প্রভৃতির চাষাবাদ দ্বারা বিবিধ গ্রামোন্নয়ন রথীন্দ্রনাথেরই করা।

পিতার সাহিত্যমনস্কতার অন্যতম সহায়ক ছিলেন রথীন্দ্রনাথ। জোড়াসাঁকোয় স্থাপিত "বিচিত্রা" ক্লাবে কলকাতার বিদগ্ধ মানুষদের যুক্ত করে সাহিত্যসৃষ্টির উৎকর্ষ সৃষ্টিতে রবীন্দ্রনাথের অবদানই ছিল সবচেয়ে বেশি। এমন প্রতিভাবান পুত্র না থাকলে বিশ্বকবির বিবিধ সার্বিক প্রচেষ্টা কতটা প্রসারিত হতো তা হলফ করে বলা যায় না। কিন্তু ও শান্ত ধীর মানুষটাকে দেখে বোঝাই যেত না যে তিনি এতো কাজে নিয়োজিত আছেন। এমনকি আমেরিকায় থাকতেও কসমোপলিটান ক্লাব নামে একটি প্রতিষ্ঠান তৈরি করেছিলেন। বাংলায় স্বদেশী আন্দোলনে পরোক্ষভাবে সমর্থন করা, পিতার গান গেয়ে জাতীয় তহবিলের জন্য চাঁদা তোলা, অনুশীলন সমিতিতে জুজুৎসু শেখানো এসব কাজের পরেও তাঁর জীবনের অন্যতম মোড় ঘুরল, যখন আমেরিকা থেকে ফেরার পর ১৯১০ সালে প্রতিমা দেবীর সঙ্গে রথীন্দ্রনাথের বিবাহ হলো, এবং ঘটনাটি উল্লেখযোগ্য এই কারণে যে এটি ঠাকুরবাড়ির প্রথম বিধবা বিবাহ। মৃণালিনী দেবী জীবিত থাকাকালীনই গগনেন্দ্রনাথের ভগ্নী বিনয়িনী দেবীর কন্যাকে পছন্দ করে রেখেছিলেন, পরে অন্যত্র বিবাহ এবং হঠাৎ বৈধব্যদশা। যে কবিগুরু নয় বছর আগেও পিতার আদেশে বলেন্দ্রনাথের বিধবা স্ত্রী সুশীলা দেবীকে পুনর্বিবাহ দিতে অসম্মতি জানিয়ে ছিলেন এই কয়বছরের ব্যবধানে সম্পূর্ণ পালটে গিয়ে জ্যেষ্ঠ পুত্রকে সবার বিরুদ্ধে গিয়ে পরিবারের নিয়ম ভাঙলেন। বাকি জীবনে এই দম্পতি বিশেষত প্রতিমা দেবী হয়ে ওঠেন তাদের বাবামশায়। এর অন্যতম দক্ষিণ হস্ত। কবির পক্ষে সবকিছু একা চালানো অসম্ভব হয়ে পড়ছিল, তাই রথীন্দ্রনাথকে শান্তিনিকেতনের ভার নিতে হলো। ১৯২১ সালে আনুষ্ঠানিক ভাবে বিশ্বভারতীর যুগ্মসচিব হলেন রথীন্দ্রনাথ ও প্রশান্তচন্দ্র মহলানবিশ। পরে ৩৫ বছর রথী ঠাকুর একাই এই দায়িত্ব পালন করে গেছেন। উনি সমস্তরকম ভাবে বিভিন্ন সহায়তা না করলে রবীন্দ্রনাথের পক্ষে এত বিপুল সংখ্যক সৃষ্টি করা আদৌ কতটা সম্ভব ছিল সেটা বিবেচনার বিষয়। বিশ্বভারতীর প্রথম পর্বে দৈনিক ১৮ ঘণ্টাও পরিশ্রম করতে হয়েছে তাকে, অধ্যাপনাও করেছেন, সৌজাত্যবিদ্যার মতো কঠিন বিষয় পড়িয়েছেন, পাঠ্যসূচি নিয়েও ভেবেছেন, সহকর্মীদের সাথেও ভালো সম্পর্ক ছিল, তাদের সাহায্যও করেছেন। অনেক সম্মানীয় পদের আমন্ত্রণও রথীন্দ্রনাথও শুধু বিশ্বভারতী ও পিতা রবীন্দ্রনাথের আদর্শের কথা ভেবেই গ্রহণ করেননি। জহরলাল নেহরু প্রমুখের লোভনীয় প্রস্তাবও তিনি এভাবে অচিরেই প্রত্যাখ্যান করেছেন।

তিনি বিভিন্ন স্থানে পিতার ভ্রমণসঙ্গী ছিলেন। ১৯১০ সালে দু'জন যেন খুবই কাছাকাছি, তাছাড়া ১৯১২ সালে লন্ডনে, কিছুদিন বাদে ১৯১৩ এ খবর আসবে রবীন্দ্রনাথ সাহিত্যে নোবেল পাচ্ছেন। বিভিন্ন সময়ে কবির ভাষণ তৈরি, বিভিন্ন চিঠিপত্রের, রচনার কপি সংরক্ষণের ব্যবস্থা রথীন্দ্রনাথেরই অবদান। পিতার মৃত্যুর পর "রবীন্দ্রভবন" গড়ে তোলা, রবীন্দ্রজীবনী লেখায় প্রভাতকুমার মুখোপাধ্যায়কে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা প্রভৃতির পাশে রথীন্দ্রনাথের সাহিত্যচর্চা, উদ্যানচর্চা, ছবি আঁকা, চামড়া ও কাঠের কাজ প্রভৃতি অন্যান্য প্রশংসনীয় দিক।

কন্যা নন্দিনী দেবীর (১৯২২ সালে প্রতিমা দেবী ও রথীন্দ্রনাথ শান্তিনিকেতনে বসবাসকারী গুজরাটি ব্রাহ্মণ দামোদর চতুর্ভুজ ও তার রুগ্ন স্ত্রীর কাছ থেকে তাদের মেয়েকে দত্তক নেন। মেয়েটি ঠাকুর পরিবারের কেউ না হলেও দাদামশায় রবীন্দ্রনাথের অনেক প্রিয় ছিল। পরে ১৯৩৯ এ বোম্বাইয়ের বস্ত্রশিল্পপতি অজিত সিং মোরারজি সাথে ওর বিয়ে হয়, কবির জীবদ্দশায়, কবির মৃত্যুর পর বিবাহবিচ্ছেদ হয়, পরে শান্তিনিকেতনে ডা. গিরিধারী লালকে বিবাহ করেন।) লেখা থেকে জানা যায় উনি ভালো রান্না করতে পারেন। জ্যাম, জেলি, আচার, দই পাতা তার পছন্দের কাজ ছিল, সাথে বিভিন্ন সুগন্ধি ও প্রশাধনী দ্রব্যও তৈরি করে বাজারেও ছেড়ে ছিলেন। তাঁর আতর।

Arty Perfume নামে পরিচিত ছিল। শিকার, ছিল তাঁর আরেক নেশা। উত্তরায়ণে সন্ধ্যায় রিজের আড্ডা ছিল খুব প্রিয়। রবীন্দ্রনাথ একই বাড়িতে বেশিদিন থাকতে চাইতেন না। সখ মেটাতে উদয়নগৃহ, উদীচি, কোনার্ক, পুনশ্চ বাড়িগুলো রথীন্দ্রনাথ তৈরি শ্যামলী, করেন। বহুমুখী প্রতিভার অধিকারী এই মিতভাষী মানুষটি ভালো এস্রাজও বাজাতেন, সুগায়কও ছিলেন, তবে এতটাই প্রচারবিমুখ যে জনসমক্ষে করতে চাইতেন না। ওনার কণ্ঠস্বর বা রেকর্ডও কারোর সংগ্রহে নেই। রবীন্দ্রনাথকে নিয়ে লেখা "পিতৃস্মৃতি" রথীন্দ্রনাথের উল্লেখযোগ্য গ্রন্থ। বিজ্ঞানবিষয়ক বই প্রাণতত্ত্ব, অভিব্যক্তি। সৃষ্ট বাঁধাঘাট (বিচিত্রা ১৯৩৭), এক ভাল্লুকের গল্প (সন্দেশ ১৯৬১)। প্রকাশিত বই "On the Edges of Time", অনুবাদ গ্রন্থ- অশ্বঘোষের বুদ্ধচরিত। রচিত কবিতা- পুরুষের মন, শেষ দান, বাঙালি মেয়ে প্রভৃতি। লেখার ভাষা বাংলা ও ইংরেজি ক্ষেত্রেই সহজ ও সাবলীল। রথীন্দ্রনাথের আঁকা অসংখ্য ছবি আছে। এড়িয়ে গেলেও ১৯৪৮ সালে ১০ মার্চ দিল্লিতে তাঁর ছবি ও অন্যান্য কাজের প্রদর্শনী স্বয়ং জহরলাল নেহরু উদ্বোধন করেন। চীন থেকে তাকে উপাধি প্রদান করা কলাভবনে ও কলকাতায় সেই জন্য উৎসবও হয়েছিল।

বিভিন্ন ফুলের ছবি আঁকার সঙ্গে ফুলের বাগান, গাছগাছালি সব তাঁর গুহাঘরে" বসে করতেন। অনেকেই জানেন না ভারত স্বাধীন হওয়ার পর জহরলাল নেহরুর কাছে পিতার রচিত জনগণমন "অধিনায়ক" গানটি জাতীয় সঙ্গীত করার সুপারিশে তিনিই প্রকৃত উদ্যোগ নিয়ে ছুটে গিয়েছিলেন। ১৯৫১ সালে বিশ্বভারতী যে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়রূপে পরিচিতি পায় নেপথ্যে অক্লান্ত প্রচেষ্টা তাঁরই ছিল।

১৯৪১ সালে কবিগুরু গত হওয়ার পর রথীন্দ্রনাথের প্রথম লক্ষ্য ছিল যাতে বিশ্বভারতীতে কোনোরকম দুর্নীতি প্রবেশ না করতে পারে। শান্তিনিকেতন ব্রহ্মচর্য বিদ্যালয়ের ছাত্র রথীন্দ্রনাথ প্রথম উপাচার্য হলেও দু বছর পর দেরাদুনে চলে যান। যে মানুষ বিশ্বভারতীর জন্যে সর্বস্ব উজাড় করে দিলেন, বিনিময়ে আর্থিক অনিয়মের মিথ্যে অভিযোগে ফাঁসিয়ে দেওয়া হলো। আদালত অভিযোগ ভুল প্রমাণিত করলেও কষ্টটা রয়েই গেল। এসব কিছুর পরেও উনি সবধরনের মানুষকে আপন করে নিতেন ওঁর মধুর ব্যবহারে। জীবনে কেউ ওনাকে কারোর সাথে কোনোদিন চিৎকার করে কথা বলতে শোনেনি। বাবার মতো শিল্পী মন, যোগ্যতা ক্ষমতা রথীন্দ্রনাথের বহুলাংশেই ছিল। কিন্তু বিখ্যাত এটি বাবার ছত্রছায়া থেকে বেরোতে পারেননি তিনি। প্রতিমা দেবীর সঙ্গেও সম্পর্ক পরবর্তীকালে সব গভীরতর হয়নি। কবিগুরুর অতি প্রিয় পুত্রবধূ মত প্রিয় বাবামশায়কে সমস্ত রকম সেবাযত্ন দিয়ে যান আগলে রেখেছেন, কবির ব্যবহৃত তথ্যাদি, "স্মৃতির দিঁ রক্ষণাবেক্ষণে নিয়োজিত রেখেছেন ওনার পুণ সারাজীবন। রথীন্দ্রনাথ সেভাবে ওনাকে পাননি। আন এসবের পরেও কুৎসা রটনায় শান্তিনিকেতন থেকে ইংরেজি অধ্যাপক নির্মলচন্দ্র চট্টোপাধ্যায় ও মীরা চট্টোপাধ্যায়কে সরিয়ে দিলে ক্ষুব্ধ যার অপমানিত রথীন্দ্রনাথ শারীরিক কারণ দেখিয়ে পদত্যাগ করলেন এবং দেহরাদুনে সোজাসাপটা ভাবে নির্মলচন্দ্রের কাছে তার স্ত্রী মীরা দেবী এবং তাদের শিশুপুত্র জয়ব্রতকে নিজের সাথে নিয়ে যাওয়ার প্রস্তাব চাইলেন। ব্যাপারটা কোনো লুকোচাপা করে নয়, সবাইকে জানিয়েও। আশ্চর্য ব্যাপার, উদার হৃদয় নির্মলচন্দ্র অনুমতিও দিলেন। ১৯৫৩ থেকে ১৯৬১। জীবনের শেষ আট বছর তিনি দেহরাদুনেই থাকলেন। তিনটি ভাড়াবাড়ির পর রাজপুর রোডে নিজের তৈরি মিতালি" বাড়িতেই বাকি জীবন কাটে। তবে প্রতিমা দেবীকে কিন্তু ভোলেননি। কুশলাদি খবরে প্রতিদিন চিঠি লিখে গেছেন রথীন্দ্রনাথ। প্রতিমা দেবীও ভাগ্যের ওপর ছেড়ে রথীন্দ্রনাথের জন্য উতলা হয়েছেন। ১৯৬১ সাল। বাবা রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মশতবর্ষ। সেখানে স্বয়ং রথীন্দ্রনাথ আমন্ত্রিত হলেন না। তবুও আশ্রম ছুঁয়ে গেলেন। এই তাঁর শেষবারের মতো আসা। সারা বাংলাদেশ যখন কবিগুরুর একশো বছর পালনের বাহুল্যে অনেকটাই ব্যস্ত, কেউ খোঁজ ও নিল না, বা ব্যাপারটা প্রচারেরও এলো না, যে ৩ রা জুন ১৯৬১ কবিপুত্র রথীন্দ্রনাথ চিরঘুরের দেশে চলে গেনল। কবিগুরুর অন্ত্যেষ্টিক্রিয়া করেছিলেন সবীরেন্দ্রনাথ ঠাকুর। (রথীন্দ্রনাথ অসুস্থ হয়ে পড়েছিলেন শ্মশানে পৌঁছাতে পারেননি) রথীন্দ্রনাথের অন্ত্যেষ্টি করেনন নির্মলন্দ্রও সত্যব্রত। যে মানুষটা সারাটা জীবন এত করে গেলেন, বিশ্বভারতীর জন্য সর্বস্ব দিয়েও প্রতিদানস্বরূপ বিশ্বভারতী থেকেও কোনোরূপ সম্মান তো পাত দূরের কথা, জীবদ্দশায় এমনকি মৃত্যুর এত বছর চুপা পরেও তাঁর যোগ্যতার, নানাবিধ বিচিত্র প্রতিভার খুলে আমরা কোনোই সুবিচার করিনি বা করতে সীম পারিনি। এটা কি বাঙালি বা মানুষ হিসেবে যে আমাদের ব্যর্থতা নয়। **(সৌজন্যে দৈঃ স্টেটসম্যান)**

# আড্ডা কি আর বেঁচে থাকার রসদ নয়?

আড্ডা ছিল বাঙালির 'চলমান সংস্কৃতি'। এবং এতটাই ছিল তার সর্বজনগ্রাহ্যতা যে, অক্সফোর্ড ইংলিশ ডিকশনারির একাদশ সংস্করণে শব্দটি জায়গা করে নেয় ২০০৪ সালে। শঙ্কা জাগে, হয়তো একসময় শুধু অভিধানেই এর উল্লেখ থাকবে। নতুন প্রজন্ম 'মিট' করবে, আর 'আড্ডা' মারবে না। অমিতাভ চট্টোপাধ্যায়

কফি হাউসের সেই আড্ডাটা যে আজ আর নেই, ক'বেই কথায়-সুরে বলে গিয়েছেন গৌরীপ্রসন্ন মজুমদার-মান্না দে। কিন্তু বাঙালির নির্ভেজাল আড্ডাও কী আর আগের মতো আছে? গ্রামবাংলার চণ্ডীমণ্ডপ, রাস্তার ধারের মাচা এখন ইতিহাসের পাতায়। শহর-শহরতলির রকও উঠে গিয়ে মাথা তুলেছে বহুতল। রকবাজ বাঙালির 'ঠেক' ভেঙে গিয়েছে। পুজোমণ্ডপেও চট করে কেউ আড্ডা মারতে বসে না। পটলডাঙার টেনিদা, হাবুল, ক্যাবলা, প্যালাদের মতো রকে বসে আড্ডা মারার প্রজন্ম দ্রুত অপসৃয়মাণ। শুধু কি তাই? মেস বাড়িতে ঘনাদার আড্ডা, ক্লাবে বসে তাস-ক্যারম খেলার ফাঁকে আড্ডা, দোকানে চায়ের কাপে তুফান তোলা আড্ডাও যেন ক্রমশ স্মৃতির পাতায় ঢুকে পড়ছে। হঠাৎ আড্ডা নিয়ে এত হা- হুতাশ কেন?

কারণ, ভারতীয় দলের তরুণ লেগ স্পিনার রবি বিষ্ণোইয়ের একটি ইনস্টাগ্রাম পোস্ট। ধামাকাদার আইপিএল মরশুম শেষে রবি গ্রামের বাড়িতে বিশ্রাম নিতে গিয়েছেন। রাজস্থানের যোধপুরের অখ্যাত সেই গ্রাম বিরামি। সার্থকনামা। দৈনন্দিন ব্যস্ততার 'বিরাম'। কয়েকটি ছবি পোস্ট করে রবি তার ক্যাপশন দিয়েছেন, 'গ্রামীণ জীবন: যেখানে চা হচ্ছে জ্বালানি এবং গসিপ হল বেঁচে থাকার রসদ'। বস্তুত, এটাই কিন্তু ছিল গোটা দেশ তথা বাংলারও এক সময়ের চেনা ছবি। কিন্তু সময়ের সঙ্গে তা অনেকটাই পাল্টে গিয়েছে। ঠিক যেন যাযাবরের কথায়, 'আধুনিক বিজ্ঞান মানুষকে দিয়েছে বেগ, কিন্তু কেড়ে নিয়েছে আবেগ। তাতে আছে গতির আনন্দ, নেই যতির আয়েস'। মানুষ ক্রমাগত ছুটছে, পড়ে যাচ্ছে। উঠে আবার ছুটছে। এখনকার মানুষ থামতে জানে না। এটাও ঠিক যে, 'অন্তবিহীন পথ চলাই জীবন'। কিন্তু কীভাবে চলব, সেটাও তো ভাবতে হবে।

কেউ কেউ বলবেন, আবেগ দিয়ে জীবন চলে না, বাস্তব দিয়ে চলে। বাস্তবের মাটিতে পা রেখেই সবকিছু ভাবতে হয়। তাহলে তো মানুষ আর যন্ত্রমানবের মধ্যে কোনও তফাত থাকে না। দুনিয়ার সবচেয়ে বড় যুদ্ধ হল, মন আর মস্তিষ্কের মধ্যে নিরন্তর লড়াই। আর এটাও সত্যি যে, প্রতিটি মানুষের আলাদা আলাদা বৃত্ত থাকে। কেউ সেই বৃত্তের বাইরে যেতে পারে না। কিন্তু সেই বৃত্ত কতটা বড় হবে, তাতে ক'জনের ঠাঁই হবে, কত বিন্দু জুড়ে সেই বৃত্ত সম্পূর্ণ হবে, তা নিজেদেরই ঠিক করে নিতে হয়। কেউ হয়তো চোখের আড়াল হলে মনের আড়ালে চলে যায়। আবার কেউ 'নয়ন সমুখে না থাকলেও নয়নের মাঝখানে ঠাঁই নেয়'। সেই সম্পর্কের বন্ধন তৈরি হয় নানা কারণে। আর কোনও স্বার্থের সম্পর্করহিত যে নিখাদ ভালো লাগার তৃপ্তি, সেটাই তৈরি হত বন্ধুত্বের মাধ্যমে। আড্ডায় বসে। তার নানা ধরন-প্রকরণ।

দক্ষিণ কলকাতার প্যারাডাইস ক্যাফের আড্ডা ছিল সোনার খনি। মৃণাল সেন, ঋত্বিক ঘটক, সলিল চৌধুরী, হৃষীকেশ মুখোপাধ্যায়, তাপস সেন, বিজন ভট্টাচার্য, বংশী চন্দ্রগুপ্তের মতো যশস্বী যে আড্ডায় বসবেন,



সেখানে যে পরচর্চা-পরনিন্দা হবে না, বলাই বাহুল্য। আড্ডা বসত সত্যজিৎ রায়ের বাড়িতে। অবনীন্দ্রনাথ ঠাকুরের বাড়িতে বসত বঙ্গীয় কলা সংসদের আড্ডা। হেমেন্দ্রকুমার মজুমদারের বিডন স্ট্রিটের বাড়ির আড্ডায় ভিড় জমাতেন বহু চিত্রশিল্পী। সুনীল গঙ্গোপাধ্যায়ের বাড়িতে প্রবীণ-নবীন সাহিত্যিকদের আড্ডা জমত। এ রকম সাহিত্য-চলচ্চিত্র-শিল্পভিত্তিক আড্ডা এক সময় কলকাতার আনাচ-কানাচে তৈরি হয়েছিল। কালীঘাট ট্রাম ডিপোর উল্টোদিকে চায়ের দোকানে আড্ডা দিতেন সাগরময় ঘোষ। ধর্মতলায় কার্জন পার্কের সবুজ ঘাসও অনেক আড্ডার সাক্ষী। কিন্তু তার বাইরেও ছিল শুধু নিখাদ আড্ডা, টাইম পাস। যার ছিল না কোনও নির্দিষ্ট আঙ্গিক। সিনেমা-খেলা থেকে শুরু করে চিত্রতারকাদের অন্দরমহল, ব্যক্তিগত জীবনযাপন নিয়ে কেচ্ছা, সিপিএম-কংগ্রেস, মোহনবাগান-ইস্টবেঙ্গল থেকে ইন্ডিয়া-পাকিস্তান, উত্তম-সৌমিত্র থেকে পাড়ার উঠতি সুন্দরী, সোভিয়েত ইউনিয়নের পতন থেকে তৃতীয় বিশ্বযুদ্ধ নিয়ে ভবিষ্যদ্বাণী, আদি রসাত্মক গল্প--- বিশেষজ্ঞের কোনও অভাব ছিল না। তার সঙ্গে বাড়তি পাওনা--- পরস্পরের সঙ্গে বেঁধে বেঁধে থাকা। এখনকার মতো বিচ্ছিন্ন দ্বীপের মতো নয়। যৌথ পরিবারের যে রূপ ছিল স্বাভাবিক, তারই ছোট সংস্করণ তৈরি হত এই সমস্ত আড্ডায়। পরস্পরের বিপদে-আপদে খবর পেলেই ঝাঁপিয়ে পড়ার মানসিকতা ছিল। ছিল স্বস্তির আশ্বাস। বন্ধুর বাড়ির অনুষ্ঠানে কোমরে গামছা বেঁধে পরিবেশন, অসুস্থ আত্মীয়ের জন্য হাসপাতালে রাত জাগা, মৃত প্রতিবেশীর দেহ নিয়ে শ্মশানযাত্রা ছিল অবশ্য কর্তব্য। তাতে দেহের ক্লান্তি ছিল, মনের শ্রান্তি ছিল না। এই সমস্ত আড্ডা, গল্প নিজেদের আরও জীবনের সঙ্গে জুড়ে দেয়, তা আমরা হারিয়েছি। অর্থ উপার্জনের প্রয়োজনীয়তা আগেও ছিল, এখনও আছে। কিন্তু তার বাইরে 'জীবন' বলেও একটা ব্যাপার ছিল। তা তৈরি হত এই ধরনের আড্ডার আসরে, গল্প-গুজবের ফাঁকে, সম্পর্কের নানা পরতে। তার মূল্য অনেক। আর এখন! দু'-চারজন একসঙ্গে হলেও মনোযোগ পড়ে থাকে হাতের স্মার্টফোনে। এখন আড্ডা হয় 'গুগল মিট'-এ! আড্ডা জমাতে মাঝেমধ্যে এলাহি আয়োজন করে বিভিন্ন মাল্টিপ্লেক্স, কফি শপ। যেখানে হাতি- ঘোড়া- রাজা- উজির মেরে সময় কাটানোর চেয়েও বড় হয়ে দাঁড়ায় পে-প্যাকেজ, ফরেন ট্রিপ, শেয়ার-মিউচুয়াল ফান্ডে লগ্নির হিসেবনিকেশ। একঘেয়ে জীবন থেকে মুক্তির খোঁজে আড্ডা সত্যিই আর হয় না। কর্মব্যস্ত জীবন, ফেসবুক, সোশাল সাইটের চক্করে আড্ডা তার গুরুত্ব, চরিত্র--- দুটোই হারিয়েছে। আড্ডা ছিল বাঙালির 'চলমান সংস্কৃতি'। এবং এতটাই ছিল তার সর্বজনগ্রাহ্যতা যে, অক্সফোর্ড ইংলিশ ডিকশনারির একাদশ সংস্করণে শব্দটি জায়গা করে নেয় ২০০৪ সালে। শঙ্কা জাগে, হয়তো একসময় শুধু অভিধানেই এর উল্লেখ থাকবে। নতুন প্রজন্ম 'মিট' করবে, আর 'আড্ডা' মারবে না।

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

# কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সম্প্রসারণ হয়ে সাব্রুম স্টেশন থেকে যাত্রা শুরু করবে আলিপুরদুয়ার জং. — লামডিং ইন্টারসিটি এক্সপ্রেস মরিয়নি পর্যন্ত সম্প্রসারণ



মালিগাঁও, ১৫ জুন, ২০২৪: দক্ষিণ ত্রিপুরা এবং অসমের যোরহাট জেলার জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ করে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন নং. ১৩১৭৩/১৩১৭৪ (শিয়ালদহ — আগরতলা --- শিয়ালদহ) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস-এর পরিষেবা আগরতলা থেকে সাব্রুম পর্যন্ত এবং ট্রেন নং. ১৫৭৬৯/১৫৭৭০ (আলিপুরদুয়ার জং.-লামডিং-আলিপুরদুয়ার জং.) ইন্টারসিটি এক্সপ্রেস-এর পরিষেবা লামডিং থেকে মরিয়নি পর্যন্ত সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছে। এই ট্রেনগুলির সম্প্রসারণ ১৬ জুন, ২০২৪ থেকে কার্যকর হবে।

ট্রেন নং. ১৩১৭৩ (শিয়ালদহ-সাব্রুম) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ১৬ জুন, ২০২৪ তারিখ থেকে প্রত্যেক মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার ও রবিবারে ০৬:৫০ ঘণ্টায় শিয়ালদহ থেকে রওনা দিয়ে প্রত্যেক বুধবার, শুক্রবার, শনিবার ও সোমবারে ২০:০০ ঘণ্টায় সাব্রুম পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ১৩১৭৪ (সাব্রুম-শিয়ালদহ) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ১৮ জুন, ২০২৪ তারিখ থেকে প্রত্যেক মঙ্গলবার, বৃহস্পতিবার, শনিবার ও রবিবারে ০৬:২০ ঘণ্টায় সাব্রুম থেকে রওনা দিয়ে প্রত্যেক বুধবার, শুক্রবার, রবিবার ও সোমবারে ১৯:২০ ঘণ্টায় শিয়ালদহ পৌঁছবে। এই সম্প্রসারণের ফলে, ত্রিপুরার দক্ষিণাঞ্চলের যাত্রীরা কলকাতার সাথে সরাসরি সংযোগ পাবেন। ব্যবসায়ী, শিক্ষার্থী, রোগীরা ব্যাপকভাবে উপকৃত হবেন।

ট্রেন নং. ১৫৭৬৯ (আলিপুরদুয়ার জং.-মরিয়নি) ইন্টারসিটি এক্সপ্রেস দৈনিক ভিত্তিতে ১৬ জুন, ২০২৪ তারিখ থেকে ০৩:৪৫ ঘণ্টায় আলিপুরদুয়ার জং. থেকে রওনা দিয়ে একই দিনে ২০:০০ ঘণ্টায় মরিয়নি পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ১৫৭৭০ (মরিয়নি-আলিপুরদুয়ার জং.) ইন্টারসিটি এক্সপ্রেস দৈনিক ভিত্তিতে ১৭ জুন, ২০২৪ তারিখ থেকে ০৯:১৫ ঘণ্টায় মরিয়নি থেকে রওনা দিয়ে একই দিনে ০০:৫০ ঘণ্টায় আলিপুরদুয়ার জং. পৌঁছবে। এই সম্প্রসারণের ফলে উত্তরবঙ্গের সাথে আপার আসাম অঞ্চলের বিদ্যমান রেল যোগাযোগকে আরও শক্তিশালী করবে এবং এই অঞ্চলে অর্থনৈতিক গতিবিধিকে প্রচার করবে। এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইট, এনটিইএস-এ পাওয়া যাবে এবং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রার শুরু করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

# অসমের চার সাহিত্যিককে সাহিত্য অকাডেমি-২০২৪ পুরস্কার, মুখ্যমন্ত্রীর অভিনন্দন

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.) : অসমের চার সাহিত্যিককে সাহিত্য অকাডেমি-২০২৪ পুরস্কার দিয়ে সম্মানিত করতে নির্বাচিত করা হয়েছে। যাঁদের সাহিত্য অকাডেমি-২০২৪ পুরস্কারে সম্মানিত করা হবে তাঁরা শিশুসাহিত্যে রঞ্জু হাজরিকা, বড়ো কবিতা সংকলনের জন্য ভার্জিন জেকোভা মুশাহারি, যুব বিভাগে নয়নজ্যোতি শর্মা এবং বড়ো ভাষায় ছোটগল্প সংকলনের জন্য রানি বড়ো।

অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা তাঁর অফিশিয়াল সামাজিক মাধ্যম এক্স হ্যান্ডলে সমস্ত সাহিত্য অকাডেমি-২০২৪ পুরস্কারে ভূষিতদের অভিনন্দন জানিয়ে তাঁদের কৃতিত্বের জন্য গর্ব ব্যক্ত করেছেন।

সাহিত্য আকাডেমি বিভিন্ন ভারতীয় ভাষায় সাহিত্যে অনুকরণীয় অবদানকে সম্মান জানিয়ে মর্যাদাপূর্ণ ২০২৪ সালের পুরস্কার-প্রাপকদের নাম ঘোষণা করেছে। সাহিত্য আকাডেমি কর্তৃপক্ষ আরও ঘোষণা করেছেন, সংস্কৃত ভাষার সাহিত্যে পুরস্কারের জন্য নির্বাচিতকে পরবর্তী তারিখে আলাদাভাবে প্রকাশ করা হবে।

অসমের যে চারজন সাহিত্যিককে এবারের সাহিত্য অকাডেমি পুরস্কারে ভূষিত করা হবে তাঁদের মধ্যে শিশুসাহিত্যে রঞ্জু হাজরিকাকে তাঁর অসমীয়া উপন্যাস 'বিপন্ন বিষমই খেল'-এর জন্য বাছাই করা হয়েছে। এই উপন্যাসটি তার বর্ণনামূলক দক্ষতা এবং সাংস্কৃতিক গভীরতা দিয়ে পাঠকদের বিমোহিত করেছে, যা হাজরিকার সাহিত্যিক দক্ষতাকে প্রতিফলিত করেছে।

দ্বিতীয়ত, ভার্জিন জেকোভা মুশাহারিকে তাঁর বড়ো কবিতা সংকলন 'বুহুমা বয়নিবউ'-এর জন্য পুরস্কারের জন্য নির্বাচিত করেছে সাহিত্য অকাডেমি। তাঁর কবিতা সংকলনের বয়ান উপস্থাপনের সৌন্দর্য্য ও বড়ো সংস্কৃতি এবং পরিচয়ের গভীর অন্বেষণের জন্য খ্যাতি লাভ করেছে।

তৃতীয়ত, যুব বিভাগে নয়নজ্যোতি শর্মাকে তাঁর অসমীয়া ছোটগল্প সংকলন 'জাল কোটা জুই''এর জন্য সম্মানিত করতে নির্বাচন করা হয়েছে। মানুষের আবেগ এবং সামাজিক গতিশীলতার অন্তর্দৃষ্টিপূর্ণ চিত্রায়নের জন্য শর্মার গল্প রচনা প্রশংসিত হয়েছে।

চতুর্থত, রানি বড়ো তাঁর বড়ো ভাষায় লেখা ছোটগল্প সংকলন 'সাইখলুম'-এর জন্য স্বীকৃতি পেয়েছেন। রানি বড়োর গল্পগুলি বাস্তববাদ এবং কল্পনার মিশ্রণের সঙ্গে বিচিত্র ভাবনাগুলিকে গভীরভাবে পাঠকদের অনুরণিত করায় এবারের সাহিত্য অকাডেমি পুরস্কারের জন্য তাঁকে নির্বাচিত করা হয়েছে।

প্রসঙ্গত, সাহিত্য অকাডেমির সভাপতি মাধব কৌশিকের পৌরোহিত্যে সাম্প্রতিক এক সভায় অনুমোদিত পুরস্কারগুলি ২০১৮ সালের ১ জানুয়ারি এবং ২০২২ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে প্রকাশিত সাহিত্যকর্মকে স্বীকৃতি দিয়েছে। বাছাই প্রক্রিয়ায় ভাষা-নির্দিষ্ট জুরি জড়িত ছিল। প্রত্যেক জুরিতে তিনজন করে সদস্য ছিলেন। তাঁরা দাখিলকৃত সাহিত্যকর্মগুলি যত্ন সহকারে মূল্যায়ন করে সর্বসম্মত কিংবা সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে পুরস্কার-প্রাপকদের নাম সুপারিশ করেছেন।

প্রত্যেক পুরস্কারপ্রাপ্ত একটি খোদাইকৃত তাম্রফলক সংবলিত একটি ক্যাসকেট এবং নগদ ৫০ হাজার টাকা করে পুরস্কার পাবেন। একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্টদের পুরস্কার প্রদান করা হবে।

## বিকশিত ভারত-এর স্বপ্ন পূরণে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিত কৃষি : শিবরাজ চৌহান

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.): """বিকশিত ভারত"""-এর রূপকল্প বাস্তবায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিত হল কৃষি। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। শনিবার কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, 'আমি প্রধানমন্ত্রী মোদীর প্রতি কৃতজ্ঞ যে, তিনি আমাকে কৃষির এই গুরুত্বপূর্ণ বিভাগ পরিচালনা করার জন্য দায়িত্ব দিয়েছেন... """বিকশিত ভারত"""-এর স্বপ্ন পূরণের জন্য কৃষি হল সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিত... কৃষির মাধ্যমে প্রচুর কর্মসংস্থান তৈরি হয়... আমরা শীঘ্রই ১০০ দিনের জন্য আমাদের বিভাগীয় পরিকল্পনা জারি করব।'

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আরও বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথম অনুষ্ঠান বারাণসীতে অনুষ্ঠিত হতে চলেছে। তিনি কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রধানমন্ত্রী-কিষাণ সম্মান নিধির অর্থ প্রদান করবেন।' শিবরাজ আরও বলেছেন, 'আরও একটি গুরুত্বপূর্ণ প্রকল্প হল প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা। পিএম ফসল বিমা যোজনার মাধ্যমে ৪ কোটিরও বেশি কৃষকের অর্থনৈতিক নিরাপত্তা রয়েছে।

## মণিপুরের দুই সাহিত্যিককে সাহিত্য আকাডেমি ২০২৪-এর যুব ও বাল পুরস্কার

ইমফল, ১৫ জুন (হি.স.) : মণিপুরের দুই সাহিত্যিককে সাহিত্য অকাডেমি ২০২৪ পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে। ওই দুই সাহিত্যিক সম্মানজনক সাহিত্য অকাডেমির যুব এবং বাল সাহিত্য পুরস্কার জিতেছেন।

বছর ৬৫-এর মণিপুরি সাহিত্যিক ক্ষেত্রমায়ুম সুবান্দানি তাঁর মণিপুরি উপন্যাস 'মালেম আতিয়া'-র জন্য বাল সাহিত্য পুরস্কার এবং ৩৫ বছর বয়সি ড. ওয়াইখম চিংখেইঙ্গানবাকে তাঁর কাব্য সংকলন 'আশিবা তুরেল'-এর জন্য যুব পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে।

ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কোয়াকেইথেল মইরাংপুরেলের বাসিন্দা ক্ষেত্রমায়ুম সুবান্দানি বিভিন্ন বিষয়ে বহু বই লিখেছেন। সাহিত্যকর্মের জন্য তিনি ইতিমধ্যে বহু পুরস্কার পেয়েছেন। এগুলির মধ্যে অন্যতম ড. আম্বেদকর ফেলোশিপ অ্যাওয়ার্ড, ২০০০ নিউদিল্লি; চন্দ্রসাখি লাইশরাম চুমথাং মন, ২০১২; তোয়াজম বিহারি নিংসিং সাহিত্য মন ২০১৩; রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় পুরস্কার ২০১৪; হিজাম ইরাবত জাতীয় পুরস্কার ২০১৫ ইত্যাদি। ক্ষেত্রমায়ুম সুবান্দানি বর্তমানে কেবল মহিলা সাহিত্য সংগঠন লেইকোলের সভানেত্রীর পদে অধিষ্ঠিত।

মণিপুর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি ডিগ্রিধারী লেইকাই খাবাম মানিং-এর বাসিন্দা ওয়াইখম চিংখেইঙ্গানবা বর্তমানে মণিপুরে অবস্থিত ন্যাশনাল স্পোর্টস অ্যাকাডেমির হিন্দি শিক্ষক হিসেবে কর্মরত। তিনি ওয়াইখম মহেন্দ্র এবং এলংবাম প্রমোর ছেলে।

চলতি বছরের ১৪ নভেম্বর নয়াদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে যুব পুরস্কারপ্রাপকদের একটি খোদাইকৃত তাম্র ফলক এবং ৫০ হাজার টাকার চেক সহ একটি ক্যাসকেট প্রদান করা হবে।

## কেরালা ব্লাস্টার্সের ফরোয়ার্ড শিজাজ টিপি-কে দলে নিল ইস্টবেঙ্গল

কলকাতা, ১৫ জুন (হি. স.): গত মরসুমের গোল্ডেন বুট জয়ী গ্রিক ফরোয়ার্ড দিমিত্রিওস দিয়ামান্টাকোসকে সই করানোর পর এবার কেরালা ব্লাস্টার্সের ফরোয়ার্ড শিজাজ টিপি-কে দলে নিয়েছে ইস্টবেঙ্গল। এমনটাই জানানো হয়েছে সোশ্যাল মিডিয়ার একটি পোস্টের মাধ্যমে।

আগামী মরসুমের জন্য ভাল দল গঠন করার পরিকল্পনা নিয়েছে ইস্টবেঙ্গল কর্তারা। সিনিয়র দলের পাশাপাশি রিজার্ভ বেঞ্চ—এর দলকেও সাজাচ্ছে ইস্টবেঙ্গল। রিজার্ভ দলের জন্য ইতিমধ্যে একাধিক ফুটবলারকে নিয়েছে ক্লাব। এবার আইএসএল ছাড়াও একাধিক টুর্নামেন্টে অংশ নেবে ইস্টবেঙ্গল।

## তাপপ্রবাহে অতিষ্ঠ বারাণসী, কাশীতে গঙ্গার জলস্তর নামল সর্বনিম্ন স্তরে

বারাণসী, ১৫ জুন (হি.স.): তীব্র তাপপ্রবাহে অতিষ্ঠ উত্তর প্রদেশ-সহ দেশের বিভিন্ন রাজ্য। গরমে নাস্তানাবুদ শিবনগরী বারাণসীও। এবার গরম এতটাই পড়েছে যে বারাণসীতে গঙ্গার জলস্তর অনেকটাই কমে গিয়েছে, যা এখনও পর্যন্ত সর্বনিম্ন। বারাণসীতে প্রচণ্ড গরমের কারণে গঙ্গার জলস্তর এখনও পর্যন্ত সর্বনিম্ন পর্যায়ে পৌঁছেছে। সাধারণত জুন মাসে গঙ্গার জলস্তর থাকে প্রায় ৭০ থেকে ৮০ মিটার, যা এখন ৩০ থেকে ৩৫ মিটারে নেমে এসেছে। জলস্তর কম থাকায় ঘাট থেকে দূরে চলে গিয়েছে গঙ্গা - ভাঙা নৌকা, ছড়িয়ে-ছিটিয়ে থাকা আবর্জনা, ভাঙা পাথর ঘাটের প্রাকৃতিক সৌন্দর্য্য নষ্ট করছে।


**No.619/TSR-7/QM/24/ 5275**
**Dated, the 11th June' 2024.**
**NOTICE INVITING TENDER**

On behalf of the Governor of Tripura sealed quotations are invited by the undersigned from the bonafied / registered suppliers / authorized dealer for supplying the under mentioned items to 7th Battalion TSR(IR-VI) during the financial year 2024-2025.

01. QM Store items & Job work.
02. MT Motor spare parts, Store & Job works etc.
03. Stationery store items.
04. M.I Room store items.

2. Details of tender, terms & condition along with list of items may be collected from the Office of the Commandant, 7th Bn TSR (IR-VI) Sangkumabari, Jampuijala, Sepahijala Dist., Tripura on payment of Rs. 100/- for QM store items, Rs.50/- for QM job works, Rs. 100/- for M.T. Spare parts, Rs. 50/- for MT Store items, Rs. 50/- for MT job works, Rs. 100/- for Stationery store items and Rs. 100/- for M.I room store items on or before 19.06.2024 on any working day. The closing time / date for dropping of tender is 1700 hrs by 29.06.2024 and will be opened on the same day, if possible.

3. Details of tender may also be seen in (www.tripura.police.nic.in/ www.tripura.nic.in)

**ICA/C/261/24**

**Commandant 7th Bn TSR (IR-VI)**

**NOTICE FOR ADMISSION THROUGH SPOT ROUND COUNSELLING IN DIPLOMA ENGINEERING-2024**

Students willing to take admission in to 3 years Diploma Engineering Courses at Women's Polytechnic, Hapania, through **Spot round Counselling process (without DEEET)** are directed to apply through filled-in application form (with all relevant documents as notified with the application form) to the Office of the Principal, Women's Polytechnic, Hapania, with a processing fees of **Rs.200/-**. Candidates who have passed 10th standard or equivalent examination from any recognised board, already appeared in DEEET 2024 examination and are Permanent resident of Tripura are eligible to apply for the Spot-round Counselling process: Details of available seats after DEEET-2024 Counselling process are as follows:

| Name of Branch | Total Number of Seats Vacant | | |
|---|---|---|---|
| | UR | ST | SC |
| Information Technology (IT) | 06 | 09 | 05 |
| Computer Science & Technology (CST) | 00 | 09 | 01 |
| Medical Lab Technology (MLT) | 03 | 02 | 03 |
| Electronics & Telecommunications Engg (ETCE) | 11 (1 ESM) | 10 | 05 |
| Fashion Technology (FT) | 05 | 03 | 02 |

**Important dates:**

| | |
|---|---|
| Collection & Submission of application form for Admission in this institute. | 18/06/2024 to 28/06/2024 within 11.00 AM to 3.00 PM at Conference Hall of Women's Polytechnic, Hapania. |
| Last date of submission of the filled in applications forms with all necessary self attested documents at the institute. | 28/06/2024 at 4.00 PM at Conference Hall of Women's Polytechnic, Hapania. |
| Publications of provisional list of rejected candidates | 01/07/2024 at 03 PM |
| Hearing (claims if any) on the provisional list of rejected candidates. | 02/07/2024 between 11.00 AM to 3.00 PM at Conference Hall. |
| Publication of provisional merit list | 05/07/2024 at 12.00 Noon. |
| Address of query (if any) related to provisional common merit list. | 06/07/2024 between 11.00 AM to 3.00 PM at Conference Hall. |
| Publication of Final Merit list | 08/07/2024 at 12.00 Noon. |
| Dates of counselling cum admission | 12/07/2024 (1st round )& 18/07/2024 (2nd round for the remaining vacant seats after 1st round) |
| Admission after allotment of Seats | 12/07/2024 to 20/07/2024 (11 AM to 3 PM) |

- Application form may also be downloaded from the institute website www.wptripura.nic.in.
- All notices and merit lists will be published in the institute notice board and also in the institute website.
- Counselling starts from 12.00 noon. Eligible candidates must report & present at the institute within11.30 AM on the day of counselling. If any student fails to report on time the student may lose her merit seniority.
- The provisional merit list will be prepared based on the sum of marks obtained in **English, Mathematics & Physical science/science** in 10th standard exam. Or equivalent from any recognised board. In case of tie among candidates, overall percentage of marks followed by marks obtained in Mathematics, Physical science/ science or English will be considered to break the tie.
- Candidates who have appeared in the DEEET exam 2024 and secured rank will get merit seniority over the candidates who will apply freshly for admission.
- ESM category will be considered if the application is forwarded from Rajya Sainik Board, Tripura within 28.06.2024 (4 PM).
- In case of any dispute during the admission process, the decision of the institute will stand final.

For any updates and queries, students are advised to go through the institute website **www.wptripura.nic.in or contact-7005253558/7005189082/7005392496**

ICA/D-312/24

(Dr. Tirtharaj Sen, FIE)
Principal,
Women's Polytechnic, Hapania.

**Notice Inviting Quotation**

Sealed quotations are hereby invited for supply of (i) Hiring of Maruti Eeco vehicle (Ref. NIQ No: 4(22)/DBT/Acct/2023/1/153078/2024; Dated: 14 /06/2024) for the office of the undersigned. For detail of the quotation please see the website of Directorate of Biotechnology, Tripura. (www.dste.tripura.gov.in)

**ICA/C/ 271/24**

**Joint Director**
**Directorate of Biotechnology**
**(A. SENGUPTA)**
**Joint Director**
**Directorate of Biotechnology Govt. of Tripura.**

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**Mechanical Division, Ramnagar Rd. No-9, Agartala**
**Phone 0381-2330010, e-mail: mechdivision.amc@gmail.com**
**F. No-648/Mech. Div/AMC/3024/ Dt 14/06/2024**

**E-tender Notice**

Press Notice Inviting Tender No. 04/PNIT/AMC/Mech. Div/2024, Dt 23/02/2024, E- tender is invited by the Executive Engineer, Mech. Div., AMC on behalf of Hon'ble Mayor, AMC for the following work. (3rd Call)

| Sl No. | Name of the work | No Of Job | Approx Value of work | Application Fees in Rs. | EMD in Rs. | Date of Opening of Technical bid |
|---|---|---|---|---|---|---|
| 1 | Development and beautification of and old heritage Kali Temple & lifting the base/floor level of the temple upto 8 feet located at East Thana Road, Agartala | 01 | Rs. 17.00 Lakhs | 5000.00 | 20000.00 | 28th June, 2024 at 6PM |

The tender details shall have to be downloaded from website http://tripura tenders.gov.in from 14/06/2024 for online bidding Bids must be submitted online on or before 5:30 PM on 28/06/2024. Bids received online shall be opened on 28/06/2024 at 6 p.m. in the office of the Executive Engineer (Mechanical). Il the date of the opening happens to be a holiday, the bids will be opened on the next working day at the time and venue. Subsequent corrigendum/addendum if any shall be only available in tender site only. EMD & Application fees should be paid online only as per the e tendering system. The Agartala Municipal Corporation reserves all the rig is to concel the whole tendering process without assigning any reasons thereof.

**(Er. Chinmoy Chakraborty)**
**Executive Engineer (Mech**
**Agartala Municipal Corporation**

**NOTICE FOR RECRUITMENT**

The Tripura Health Protection Society (THPS) is going to fill up 01 (one) post for Medical Management & Quality Assurance Manager and 01 (one) post for Claim Processing Doctor, on contractual and fixed pay basis from the candidates who are permanent resident of Tripura, through walk-in interview, scheduled to be held on 3rd July 2024. The engagement will be initially for a period of 11 (eleven) months, which may be extended for further periods based on performance till the completion of the project.

The time for Registration of candidates, who are willing to appear in the interview, is from 11.00 AM till 01:00 PM at O/o the Executive Secretary, Tripura Health Protection Society, National Health Mission, SIHFW Building, Palace Compound, Agartala. The closing time of registration is 01:00 PM & interview will be conducted simultaneously on first come first serve basis and hence the candidates must remain present in due time.

Interested candidates need to visit the official website of THPS, https://abpmjay.tripura.gov.in/ for further details viz., vacancy details, eligibility, documents to be produced at the time of interview and Application Format etc.

ICA/D-314/24

Executive Secretary
Tripura Health Protection Society State Health Agency, AB- PMJAY
Govt. of Tripura

**NOTICE INVITING TENDER (NIT)**
**PNIT No.: 03/EE/TLM/2024-25, Dated 10/06/2024.**
**Tripura PWD Form - 6**

The Executive Engineer, Teliamura Division, PWD(R&B), Teliamura, Khowai, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/enterprise and eligible Contractors/ Firms/Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/ CPWD/ Railway/Gov't Organization of other State & Central for the following work:-

| SL NO. | DNIT No. | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 1. | 01/EE/TLM/PWD(R&B)/2024-25 | ₹. 24,23,279.00 | ₹. 48,466.00 | 180 (One hundred Eighty) days | Up to 3.00 P.M. on 29/06/2024. | At 11.00AM on 01/07/2024. |
| 2. | 02/EE/TLM/PWD(R&B)/2024-25 | ₹. 24,25,958.00 | ₹. 48,519.00 | 360 (Three hundred Sixty) days | | |
| 3. | 03/EE/TLM/PWD(R&B)/2024-25 | ₹. 23,89,700.00 | ₹.47,794.00 | 60(Sixty) days | | |
| 4. | 04/EE/TLM/PWD(R&B)/2024-25 | ₹. 24,26,964.00 | ₹.48,539.00 | 120 (One hundred twenty) days | | |
| 5. | 05/EE/TLM/PWD(R&B)/2024-25 | ₹. 24,05,136.00 | ₹.48,103.00 | 120 (One hundred twenty) days | | |

Notes:-
1. All the above-mentioned online activities should be done in the https://tripuratenders.gov.in.
2. Any subsequent corrigendum will be available in the website only.

**ICA/C/251/24**

**(Er. G. Jamatia)**
**Executive Engineer,**
**Teliamura Division, PWD (R&B).**

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## শরীরে জলের ঘাটতি হলেই বাসা বাঁধবে হাজারটা রোগ

সারা দিন কাজের চাপে পর্যাপ্ত পরিমাণে জল খেতে ভুলে যান অনেকেই। অনেকে গরমকালে বোতল বোতল জল খাওয়া শুরু করলেও বর্ষা এলেই আবার জল খাওয়া কমিয়ে দেন। জলের মাধ্যমেই বেশির ভাগ শারীরবৃত্তীয় কাজ সম্পন্ন হয়। শরীরে দৈনন্দিন জলের যে চাহিদা, তা পূরণ না হলে হাজারো শারীরিক গোলমাল শুরু হয়ে যায়।

জল শুধু শরীরে আর্দতা বজায় রাখে না, পরিপাকতন্ত্র ও শ্বাসতন্ত্রকে সুসংগঠিত রাখতেও জল অপরিহার্য। শরীরে জলের অভাব হলে, শরীর নিজে থেকেই সেই সঙ্কেত দেয় আমাদের। সেই লক্ষণগুলি চিনতে পারলেই বোঝা যাবে যে, শরীরে জলের অভাব মারাত্মক পর্যায়ে পৌঁছেছে।

কী কী উপসর্গ দেখলে বেশি করে জল খাওয়া শুরু করতে হবে? ১) শরীরে জলের অভাব হলে বর্ষার মরসুমেও ত্বক শুষ্ক দেখায়, শুধু তা-ই নয়, ঠোঁট ফাটতে শুরু করে। হঠাৎ করে ত্বক রুক্ষ বোধ করতে শুরু করলে এবং ত্বকে ব্রণ ও চুলকানির সমস্যা দেখা দিলে বুঝতে হবে, শরীরে জলের ঘাটতি হচ্ছে। ২) প্রস্রাবের রং লক্ষ করুন। হলুদ প্রস্রাব হলে বুঝতে হবে, শরীরে জলের অভাব রয়েছে। এ ছাড়াও শরীরে জলের ঘাটতির কারণে প্রস্রাবের পরিমাণ কমে যায় এবং প্রস্রাব করার সময় জ্বালা বোধ হয়। এই সব উপসর্গ দেখলেই সতর্ক হোন।

৩) মুখে হঠাৎ দুর্গন্ধ হচ্ছে? শরীরে জলের ঘাটতি হলে শ্বাসকষ্টের পাশাপাশি মুখে দুর্গন্ধও হতে পারে। জল মুখে পর্যাপ্ত পরিমাণে লালা উতাদনে সাহায্য করে। যা নিঃশ্বাসের দুর্গন্ধের জন্য দায়ী ব্যাক্টেরিয়াগুলি নিয়ন্ত্রণে কাজ করে।



৪) ডিহাইড্রেশন হলেই ঘন ঘন জল তেষ্টা পায়। বার বার জল খেলেও তৃপ্তি আসে না। সে ক্ষেত্রে সাধারণ জলের পরিবর্তে লেবু-জল বা ইলেক্ট্রলযুক্ত জল পান করলে এই সমস্যা থেকে মুক্তি পেতে পারেন।

৫) শরীরে জলের অভাব হলে অনেক সময় রক্তচাপ কমে যেতে পারে। অকারণে মাথাব্যথাও হতে পারে। সারা ক্ষণ আলস্য ও ক্লান্তি অনুভব করতে পারেন।

৬) জলের অভাবে শরীরে রক্তের পরিমাণ কমে যায়, তাই সমস্ত অঙ্গে পর্যাপ্ত রক্ত পৌঁছে দিতে হৃদ্যন্ত্রকে আরও বেশি পরিশ্রম করতে হয়। ফলে হৃদ্যন্ত্রের উপর চাপ পড়ে। হঠাৎ করে হৃদ্দন্দন এবং শ্বাস-প্রশ্বাসের হার বেড়ে যায়।

## হঠাৎ ওজন কমে যাওয়া কোন রোগের উপসর্গ হতে পারে?

অল্পতেই ক্লান্ত হয়ে পড়ছেন? এ দিকে, যতই সচেতন থাকুন না কেন, ওজন কিছুতেই নিয়ন্ত্রণে থাকছে না। ভালমন্দ না খেয়েও বেড়ে যাচ্ছে ওজন, চুল ঝরছে অকালে, ত্বক হয়ে উঠছে জৌলুসহীন। কর্মব্যস্ত জীবনে ছোটখাটো এই শারীরিক সমস্যাগুলি আমরা প্রায়ই অবহেলা করি। অথচ এই উপসর্গগুলির পিছনে লুকিয়ে থাকতে পারে থাইরয়েডের চোখরাঙানি।

তাই থাইরয়েডের সমস্যা দেখা দিলে বিগড়ে যেতে পারে হরমোনের ভারসাম্য, দেখা দিতে পারে একাধিক রোগ। অনেক সময়ে শুরুতে বোঝা যায় না রোগের উপসর্গ। আর রোগ চিনতে যে দেরিটা হয়ে যায়, তাতেই নষ্ট হয় অনেকটা গুরুত্বপূর্ণ সময়। ১) ক্লান্তি থাইরয়েডের সবচেয়ে বড় লক্ষণ। যদি অল্প কাজেই ক্লান্ত লাগে, তবে সতর্ক হওয়া জরুরি।

২) হঠাৎ কোনও কারণ ছাড়াই অতিরিক্ত রোগা বা মোটা হয়ে যাচ্ছেন কি? তা হলেও কিন্তু সতর্ক হোন। এটি থাইরয়েড হরমোনের মাত্রা ওঠা-নামা করার আর একটি গুরুত্বপূর্ণ সঙ্কেত।

৩) ঘাড়ের উপর কালচে দাগ পড়তে শুরু করেছে? এই লক্ষণ কিন্তু প্রায়ই আমরা অবহেলা করি। কিন্তু থাইরয়েডের মাত্রায় গোলমাল হলেই এই দাগ পড়তে থাকে। ৪) অনিদ্রার সমস্যাও থাইরয়েডের লক্ষণ হতে পারে। রাতের পর রাত ঘুম না হলে এক



বার থাইরয়েড পরীক্ষা করানো দরকার। ৫) উদ্বেগ এবং অবসাদ হঠাৎ বাড়তে শুরু করলেও সাবধান হওয়া দরকার। থাইরয়েড হরমোনের মাত্রার ওঠা-নামার সঙ্গে এর সরাসরি যোগ রয়েছে।

৬) মহিলাদের ক্ষেত্রে আর একটি বিষয়ও আছে। ঋতুস্রাব সময় মতো হচ্ছে কি না, খেয়াল রাখা জরুরি। অনিয়মিত ঋতুস্রাবও থাইরয়েডের উপসর্গ হতে পারে। ৭) সবাই আরামে বসে আছেন, অথচ আপনার প্রচণ্ড শীত করছে কিংবা গরমে দরদর করে ঘামছেন। হঠাৎ হঠাৎ এমনটা হলে সতর্ক হতে হবে।

## তৈলাক্ত ত্বকে নানা সমস্যায় নাজেহাল?



তৈলাক্ত ত্বকের সমস্যা শেষ হওয়ার নয়। ব্রণ, র্যাশ, ফুসকুড়ি লেগেই রয়েছে। সারা বছরই কিছু না কিছু সমস্যায় নাজেহাল থাকতেই হয়। এ ধরনের সমস্যার সহজ সমাধানও খুঁজে পাওয়া মুশকিল। তৈলাক্ত ত্বক যত্নে রাখা সহজ নয়। বিশেষ করে ত্বক যদি আর্দতা হারাতে শুরু করে, তা হলে সমস্যা বাড়তেই থাকে। তাই তৈলাক্ত ত্বকে ময়েশ্চারাইজারের ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেকে নিয়ম করে ময়েশ্চারাইজার ব্যবহার করেনও। তবে সেগুলি বাজারচলতি। তৈলাক্ত ত্বক অত্যন্তস্পর্শকাতরও হয়। ফলে ইচ্ছামতো সব প্রসাধনী ব্যবহার করা যায় না। বাজারচলতি ময়েশ্চারাইজার ব্যবহার করেও আবার হিতে বিপরীত হতে পারে। সবচেয়ে ভাল হয় যদি বাড়িতেই বানিয়ে নিতে পারেন ময়েশ্চারাইজার। ঘরোয়া উপায়ে বানানো প্রসাধনী ত্বকের কোনও সমস্যার কারণ হবে না।

গোলাপ ফুলের পাপড়ি

প্রথমে একটি পাত্রে অল্প পরিমাণ গোলাপজল ও গোলাপ ফুলের পাপড়ি নিয়ে বেশ কিছু ক্ষণ ফুটিয়ে নিন। এ বার মিশ্রণটি ছেঁকে নিয়ে ঠান্ডা করে নিন। বানিয়ে রাখা মিশ্রণটি ঠান্ডা হয়ে গেলে দু'টেবিল চামচ অ্যালো ভেরার জেল মিশিয়ে নিন। তার পর কাচের পাত্রে ঢেলে ফ্রিজে রেখে দিতে পারেন। ১৫-২০ দিন পর্যন্ত এ ময়েশ্চারাইজার ভাল থাকবে। ময়েশ্চারাইজারটি ব্রণ ও ফুসকুড়ির সমস্যা কমাতে এবং ত্বকের ঔজ্জ্বল্য বৃদ্ধিতে কাজ করবে। ত্বকের তৈলাক্ত ভাবও কমে যাবে।

দুধ এবং অলিভ অয়েল অল্প দুধ, লেবুর রস, দু'টেবিল চামচ অলিভ অয়েল নিয়ে একটি পরিষ্কার পাত্রে খুব ভাল করে মিশিয়ে নিন। তৈরি হয়ে যাবে প্রাকৃতিক ময়েশ্চারাইজার। এই ময়েশ্চারাইজারে থাকা দুধ ত্বক কোমল করবে ও অলিভ অয়েল ত্বকের পিএইচের মাত্রা নিয়ন্ত্রণ করবে। লেবুর রস ত্বকের দাগ-ছোপ দূর করতে সাহায্য করবে। তৈলাক্ত ত্বকের জন্য এই ময়েশ্চারাইজার দারুণ উপকারী।

টি ট্রি অয়েল

ত্বকের যত্নে টি ট্রি অয়েলের জুড়ি মেলা ভার। এই তেলে থাকা অ্যান্টি-অক্সিড্যান্ট ত্বকের সজীবতা বজায় রাখে। ব্রণর ঝুঁকি কমায়। ময়েশ্চারাইজার হিসাবেও দারুণ কার্যকর টি ট্রি অয়েল। তবে এই তেল সরাসরি ত্বকে না মেখে টি ট্রি অয়েল দিয়ে কোনও ফেস প্যাক বানিয়ে মাখতে পারেন। বেশি উপকার পাবেন।


## রোদে বাইরে বেরোতে পারছেন না বলে এসি ঘরে ট্রেডমিলে হাঁটছেন, আদৌ লাভ হচ্ছে কি?

প্রখর তাপে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। গরমের সঙ্গে দোসর হয়েছে আর্দতাজনিত অস্বস্তি। আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই বলেই আবহাওয়া দফতর সূত্রে খবর। বাইরে বেরোলে রোজই কেউ না কেউ অসুস্থ হয়ে পড়ছেন। এই পরিস্থিতিতে সকালে হাঁটতে যাওয়া এক রকম বন্ধ। তাই শরীরচর্চার প্রধান একটি অঙ্গ হয়ে উঠেছে ট্রেডমিল। ঘরে এসি চালিয়ে এই যন্ত্রের উপর হাঁটা অনেক বেশি সুবিধাজনক। কিন্তু তাতে খুব একটা লাভ হচ্ছে কি? পায়ে ভাল জুতো পরে সবুজ ঘাসের উপর হাঁটার কোনও বিকল্প নেই। কিন্তু সময়ের অভাবেই হোক বা আবহাওয়ার কারণে, এই রোদে বাইরে বেরিয়ে হাঁটাহাঁটি করতে পারছেন না অনেকেই। অগত্যা ট্রেডমিলই ভরসা। সূর্য মধ্যগগনে পৌঁছনোর আগে যদি হাঁটার পর্ব শেষ করে ফেলা যায়, তা হলে ভাল। কিন্তু যদি তা সম্ভব না হয়, সে ক্ষেত্রে যন্ত্রের উপর হাঁটা যেতে পারে। মাঠের খানাখন্দ কিংবা উঁচু-নিচু রাস্তায় হাঁটলে পা বা কোমরের সমস্যা হতে পারে। বদলে ট্রেডমিলের সমতল পাটাতনে হাঁটলে পা, হাঁটু কিংবা কোমরের ক্ষতি হওয়ার সম্ভাবনা কম। আবার, রোদ চড়া হওয়ার আগে যদি বাইরে খোলা হাওয়ায় হাঁটতে পারেন, তা হলে যে মানসিক আরাম পাওয়া যায়, তা চার দেওয়ালের মধ্যে রাখা যন্ত্রের উপর হাঁটলে পাওয়া সম্ভব নয়। তা ছাড়া শরীরে ভিটামিন ডি তৈরি হওয়ার বিষয়টিও মাথায় রাখা দরকার। গায়ে রোদ না লাগলে শরীরে সেই উপাদানের অভাব হবে। হাড়ের ক্ষয় রোধ করতে হলে শরীরচর্চার পাশাপাশি শরীরে এই উপাদানটি যথেষ্ট পরিমাণে থাকা প্রয়োজন। প্রশিক্ষকেরা বলছেন, যাঁরা নিয়মিত শরীরচর্চা করেন, তাঁদের বাইরে বা ঘরে কোথাও অসুবিধে হওয়ার কথা নয়। তবে, যাঁরা সেই ভাবে শারীরিক কসরত করেন না বা শরীরে কোনও রকম সমস্যা রয়েছে, তাঁদের জন্য এই গরমে ট্রেডমিলে বা বাইরে হাঁটা দু'টিই বিপজ্জনক হয়ে উঠতে পারে।

## ঋতুবন্ধের পর হার্ট ব্লক হওয়ার ঝুঁকি বেশি মহিলাদের

বয়ঃসন্ধির পর থেকে বিভিন্ন পর্যায়ে মেয়েদের দেহের অভ্যন্তরে শারীরবৃত্তীয় নানা পরিবর্তন ঘটতে থাকে। ঋতুচক্র শুরু, সন্তানধারণ এবং ঋতুবন্ধ এই তিনটি প্রক্রিয়ার সঙ্গে জড়িয়ে রয়েছে হরমোন। এই হরমোনের ভারসাম্য বিঘ্নিত হলে, তার প্রভাব পড়ে শরীরের উপর। চিকিৎসকদের মতে, একটা বয়সের পর, বিশেষ করে ঋতুবন্ধের পর মহিলাদের হৃদ্রোগের ঝুঁকি বেড়ে যাওয়া অন্যতম কারণই হল এই হরমোন।

মহিলারা ঋতুবন্ধের সময়ে এসে পৌঁছলে শরীরে ''ইস্ট্রজেন'' হরমোনের ক্ষরণ কমতে থাকে। তা রক্তে খারাপ কোলেস্টেরলের পরিমাণ বাড়িয়ে তোলার ক্ষেত্রে কিন্তু অনুঘটকের মতো কাজ করে। এই খারাপ কোলেস্টেরল বা "এলডিএল" রক্তবাহিকাগুলির পথ ক্রমশ সরু করে দেয়। ফলে রক্ত চলাচল বাধাপ্রাপ্ত হয়। সেখান থেকেই হার্ট অ্যাটাক বা স্ট্রোকের সম্ভাবনা বাড়তে থাকে। তবে স্বাস্থ্যকর খাওয়াদাওয়ার পাশাপাশি রক্তের এই খারাপ কোলেস্টেরলকে বশে রাখতে কয়েকটি বিষয় মেনে চলা কিন্তু জরুরি। মহিলাদের হৃদ১) বয়স ৪০ হলেই নিয়মিত কোলেস্টেরল পরীক্ষা করাতে হবে। ২) বয়স এবং উচ্চতা অনুযায়ী বিএমআই বা 'বডিমাস



ইনডেক্স'-এর মান যেন ২৫-এর মধ্যে থাকে। ৩) প্রতি দিন অন্তত পক্ষে ৩০ মিনিট শরীরচর্চা করতেই হবে। সকাল এবং সন্ধে, দু'বার করতে পারলে আরও ভাল। ৪) বেশি মাত্রায় উদ্ভিজ্জ প্রোটিন খেতে হবে। সঙ্গে বিভিন্ন ধরনের বাদাম এবং বীজ খেতে পারলে ভাল হয়। ৫) কৃত্রিম চিনি দেওয়া নরম ঠান্ডা কোনও পানীয় না খেতে পারলেই ভাল।

## ভাল অভিভাবক হতে গেলে সন্তানের কোনও আচরণের কারণে রাগ, হতাশা না দেখিয়ে ওর মন বুঝতে

খুদের দুষ্টুমি, দৌরাত্ম্য, অদ্ভুত সমস্ত কাণ্ডকারখানায় অনেক সময়ই মাথার ঠিক রাখতে পারেন না অভিভাবকেরা। বকাবকি করে ফেলেন, কখনও হয়তো হাতও উঠে যায়।

অন্য পক্ষে, খুদের মনেও অভিমান জমে। কিন্তু ছেলেমেয়েকে বড় করে তুলতে গেলে দ্রুত ধৈর্য হারালে চলবে কী করে? বরং সন্তানের মন বুঝে পরিস্থিতি সামাল দিতে হবে। হতে হবে সন্তানের প্রতি মনোযোগী। কয়েকটি বিষয় মাথায় রাখলেই কিন্তু সন্তানের সঙ্গে বোঝাপড়া আরও ভাল হতে পারে। বাবা-মা ও খুদে মিলে তৈরি হতে পারে সুখী পরিবার। ১. সন্তানকে সুস্থ ও ভাল ভাবে বড় করার জন্য বাবা-মাকেও হতে হবে সচেতন। খুদের সমস্ত দুষ্টুমি মুখে বুজে সহ্য করা বা নিজের রাগ, খারাপ লাগা প্রকাশ না করা এগুলো তার উপায় নয়। কিন্তু সে ক্ষেত্রেও ধৈর্যশীল হওয়াটা দরকার। হয়তো সে এমন একটা কাণ্ড ঘটিয়েছে, যার জন্য মাথাগরম হওয়া স্বাভাবিক। তবে প্রচণ্ড বকাবকির বদলে তাকে বুঝিয়ে বলা দরকার, কেন কাজটা ভুল। এই ভুলে কী ক্ষতি হয়েছে বা হতে পারত। ২. খুদের মনে অনেক কৌতূহল থাকে। তার প্রশ্নের উত্তর দেওয়া জরুরি। তার মন কী চাইছে, বুঝতে চেষ্টা করলে তার সঙ্গে বোঝাপড়া ভাল হয়। সন্তানকে বলতে দিন। আগেভাগে কোনও রকম বিচারে না গিয়ে, শুনুন তাঁর কথা। বোঝান যে, আপনি তার পাশে রয়েছেন।

৩. ডিজিটাল মিডিয়ার প্রতি ঝোঁক খুব কম বয়স থেকে তৈরি হচ্ছে এখন। একদম ছোট বেলায় থাকে নানা রকম কার্টুন দেখার বায়না। কিন্তু দীর্ঘ ক্ষণ মোবাইল বা ট্যাব দেখা চোখের জন্য ভাল নয়। অভিভাবক ও সন্তান মিলে ঠিক করুন, কোন সময় কে মোবাইল দেখবে, কত ক্ষণ দেখবে। সেই সময়ে একে অন্যকে কোনও ভাবেই বিরক্ত করা যেন না হয়! ৪. সন্তানের ছোট সাফল্যও উদ্যাপন করুন, কারণ এতে বাচ্চা কাজে উৎসাহ পাবে। আবার একই সঙ্গে ব্যর্থতা নিয়েও কথা বলা জরুরি। কেন সেটা হল না, কী হলে ভাল হবে, সন্তানকে বুঝিয়ে বলুন। ভুল থেকে শেখা যায়, সেই শিক্ষাটা শুরু থেকে তাকে দেওয়া জরুরি।

৫. খুদে সদস্যের কিন্তু আবেগ নিয়ন্ত্রণ করার শিক্ষা থাকে না। বাবা-মা হিসাবে সন্তানের প্রতিক্রিয়ায় রাগ করার বদলে সহনশীল হওয়া দরকার। বরং সে যাতে মনের কষ্ট, অনুভূতিগুলি সঠিক ভাবে বলতে পারে, সে বিষয়ে উৎসাহ দিতে হবে।

এই সমস্ত বিষয়গুলি মাথায় রাখলেই সন্তানের সচেতন অভিভাবক হয়ে ওঠা সম্ভব।

## মানসিক চাপ বশে রাখবেন কী ভাবে?

ঘরে-বাইরে বাড়তে থাকা কাজের চাপ, উদ্বেগজনিত সমস্যা নতুন নয়। সরকারি-বেসরকারি যে যেমন সংস্থাতেই কাজ করুন না কেন, মানসিক টানাপড়েনের মধ্যে দিয়ে যেতে হয় কম-বেশি সকলকেই। যার প্রভাব পড়ে শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের উপর। শারীরিক অন্যান্য জটিলতার মতো মানসিক সমস্যা চোখে দেখা যায় না বলে তা নিয়ে খুব একটা মাথা ঘামান না অনেকে।

কিন্তু এই চাপ বাড়তে থাকলে তার প্রভাব পড়ে ব্যক্তিগত জীবনে। বাড়তে থাকে অনিদ্রাজনিত সমস্যা। দীর্ঘ দিন ধরে চলতে থাকা এই সমস্যাগুলির সঙ্গে মোকাবিলা করতে ওষুধ নয়, ভরসা রাখুন দৈনন্দিন জীবনে স্বাভাবিক কিছু অভ্যাসের উপর। প্রতিদিনের রুটিনে কী কী পরিবর্তন আনলে মানসিক চাপ বশে থাকতে পারে

মনোবিদেরা বলছেন, মানসিক চাপ, উদ্বেগহীন জীবন চাইলেও বর্তমান কর্মসংস্কৃতিতে তা মেনে চলা প্রায় অসম্ভব। তবু তার মধ্যে মানসিক এবং শারীরিক ভাবে সু থাকতে নিয়মিত ধ্যান বা যোগাসন অভ্যাস করলে উপকার মিলবে। পছন্দের গান বা যন্ত্রসঙ্গীত শোনা, বই পড়াও এ ক্ষেত্রে বেশ কার্যকর। চাপমুক্ত সুন্দর একটি সকাল শুরু করতে গেলে আগের রাতে পর্যাপ্ত ঘুম জরুরি। তাই সুস্থ থাকতে রাতে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনোর পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা। ঘুম থেকে সাধারণত যে সময়ে ওঠেন, তার একটু আগে উঠতে পারলেই নির্ধারিত সময়ের মধ্যে এই সব বিষয়গুলিকে সংযোজন করা সম্ভব হবে। বেলা বাড়তে শুরু করলে নানা দিক থেকে বিভিন্ন রকম চিন্তা এসে ভিড় করতে থাকে। সেই সময়ে কাজে মন বসানোও মুশকিল হয়। তাই এ ক্ষেত্রে বিশেষজ্ঞদের মত, একটানা কাজ না করে মাঝেমাঝে বিরতি নেওয়ার অভ্যাস করলে যে কোনও কাজই ফলপ্রসূ হতে পারে। বেশির ভাগ মানুষই সাধারণত সকালে শরীরচর্চা করেন। তবে নিশ্চিন্তের ঘুম আনতে সামান্য কিছু শরীরচর্চা রাতে ঘুমোনোর আগেও করে নেওয়া যায়। তবে দীর্ঘ দিন ধরে যদি অনিদ্রাজনিত সমস্যা থাকে, সে ক্ষেত্রে চিকিতকের পরামর্শ নেওয়াই ভাল।

## কাপের পর কাপ চা খেলে কি কি ক্ষতি হতে পারে জানেন

বাঙালি মানেই চা-প্রেমী। কাজের চাপে হোক, বই পড়ার সময়ে হোক বা অবসরে, এক পেয়ালা গরম চা চাই-ই চাই। এক চুমুকেই শরীর তরতাজা হয়ে ওঠে। সেই সঙ্গে মেজাজও হয় ফুরফুরে। অফিসে, পাড়ার মোড়ে আড্ডা দিতে গিয়ে দিনে প্রায় পাঁচ থেকে ছয় বার চা খাওয়া হয়েই যায়। আর যাঁরা রাত জেগে কাজ করেন, তাঁদের তো কথাই নেই।

ঘুম তাড়াতে কাপের পর কাপ চা চলে। চিকিৎসকেরা বলছেন, রাতভর বার বার চা খেলে তার থেকে বিভিন্ন সমস্যা শুরু হতে পারে। চায়ের কাপে স্বস্তির চুমুক আপনার অস্বস্তির কারণ হতে পারে। চলুন জেনে নেওয়া যাক, রাতে কাপের পর কাপ চা খেলে কী কী ক্ষতি হতে পারে।

১) অম্বল- অতিরিক্ত চা খেলে অম্বল, বুকজ্বালা হতে পারে। এটি অন্ত্রে অ্যাসিডের উৎপাদন বাড়ায়। রাত জেগে অতিরিক্ত চা খাওয়ার কারণেও অ্যাসিড রিফ্লাক্সের সমস্যা বাড়তে পারে। ২) কোষ্ঠকাঠিন্য-চায়ে থিওফাইলিন নামে এক ধরনের যৌগ থাকে। এই যৌগ বেশি মাত্রায় শরীরে ঢুকলে কোষ্ঠকাঠিন্যের সমস্যা তৈরি করে। অনেকেই মনে করেন, সকালে গরম গরম চা খেলে পেট পরিষ্কার হয়। কিন্তু চিকিৎসকেরা জানাচ্ছেন, বার বার চা খেলে তার থেকে কোষ্ঠকাঠিন্যও হতে পারে। আর খালি পেটে ঘন ঘন চা খেলে, পেটের রোগ বাড়তে পারে। ৩) মাথা ঘোরাচায়ের মধ্যে প্রচুর পরিমাণে ক্যাফিন থাকে যা থেকে নানাবিধ সমস্যা হতে পারে। যদি বেশি পরিমাণে অর্থাৎ ৪০০-৫০০ মিলিগ্রামেরও বেশি ক্যাফিন শরীরে ঢোকে, তাহলে মাথা



ঘোরার সমস্যা দেখা দিতে পারে।

৪) অনিদ্রা

ঘন ঘন চা খেলে ঘুমের সমস্যা হয়। মাত্রাতিরিক্ত ক্যাফিন উত্তেজনা, অস্থিরতা বাড়িয়ে দেয়। অনিদ্রার সমস্যা দেখা দিতে পারে।

## "ওয়েট ট্রেনিং" করার আগে কোন ব্যায়ামগুলি করা জরুরি?

পুজো আসতে বাকি এখনও মাস কয়েক। অথচ ওজন কমানোর প্রস্তুতি এখন থেকেই নিতে শুরু করেছেন অনেকে। জিমেও ভর্তি হয়েছেন। জিমে গিয়ে ওজন ঝরানোর অন্যতম উপায় হল "ওয়েট ট্রেনিং"। নিয়ম করে ওজন তুললে রোগা হওয়া যায় তাড়াতাড়ি। কিন্তু প্রথম জিমে গিয়ে ওজন তোলা সহজ নয়। তা ঠিকও নয়। বেকায়দায় অনেক সময় আঘাত লেগে যেতে পারে।

তাই ওয়েট ট্রেনিং শুরু করার আগে কয়েকটি ব্যায়াম করা জরুরি। সেগুলি কী?

বার্ড-ডগ- বার্ড-ডগ আসলে পাখি ও কুকুরের বসার ভঙ্গি মিলিয়ে তৈরি হওয়া একটি ব্যায়াম। ব্যায়ামটি করার জন্য প্রথমে হামাগুড়ি দেওয়ার ভঙ্গি করুন। তার পর একটি পা পিছনের দিকে সোজা করে তুলুন। যদি ডান পা তোলেন, তা হলে তার বিপরীত দিকের হাত সামনের দিকে সোজা ভাবে তুলে রাখুন। হাত ও পা যেন সমান্তরাল রেখায় থাকে। ২০ সেকেন্ড এই ভঙ্গিতে থাকুন। তার পর পা ও হাত বদলান। এতে পিঠ ও কোমরের পেশি শক্তিশালী হয়।

ব্যান্ডেড লাটারাল ওয়াক অনেক সময়ে ক্রীড়া প্রতিযোগিতায় দুই পা বেঁধে হাঁটার খেলা থাকে। বিশেষ করে হাঁটু ব্যথার ক্ষেত্রে এই ব্যায়াম খুবই উপকারী। এর জন্য লাগবে একটি ''রেসিস্ট্যান্স ব্যান্ড''। দুই পায়ের গোড়ালির একটু উপরে ভাল করে রেসিস্ট্যান্স ব্যান্ড বেঁধে নিন। কিন্তু বাঁধার সময়ে খেয়াল রাখুন পা দু''টির মধ্যে যেন দুই কাঁধের সমান দূরত্ব থাকে। এ বার আলতো করে পায়ের ডিমের উপর চাপ দিয়ে স্কোয়াটের মতো তবে আধখানা শরীর ভাঙুন। পাশাপাশি, একটি পায়ে ভর দিয়ে অন্য পা ফেলে সরতে থাকুন।

হলো হোল্ড-পিঠের পেশি শক্তিশালী করার জন্য হলো হোল্ড এই শরীরচর্চাটি খুবই উপকারী। মাদুরে পিঠ দিয়ে পা ছড়িয়ে শুয়ে পড়ুন। এ বার আস্তে আস্তে আপনার মাথা, কাঁধ, পা ও হাত দু'টি মেঝের উপর থেকে তুলুন। পিঠ যেন মাটিতেই ঠেকে থাকে। এই ভঙ্গিতে ২০ সেকেন্ড থাকার পর ১০ সেকেন্ড বিশ্রাম নিয়ে আবার করুন।

# শনি ও রবিবার, অসমের হিল সেকশনে দুদিন বাতিল আটটি ট্রেন

## নিরাশ ঈদোৎসব পালনকারী বরাক উপত্যকার যাত্রীকুল

গুয়াহাটি, ১৫ জুন (হি.স.) : ভারী বৃষ্টিপাতের জেরে ডিমা হাসাও জেলার অন্তর্গত লামডিং-বদরপুর পাহাড় লাইনে লাল ও কমলা সতর্কতা জারি করেছে গুয়াহাটিতে অবস্থিত আবহাওয়া দফতর। তাই আজ শনি এবং আগামীকাল রবিবার স্বল্পদূরত্বের আটটি যাত্রীবাহী ট্রেন বাতিল করেছে উত্তরপূর্ব সীমান্ত (এনএফ) রেলওয়ে। তবে দূরপাল্লার ট্রেন পরিষেবা চালু রয়েছে। পরিস্থিতি পর্যালোচনা করে আগামী সোমবার থেকে ফের ট্রেন চলাচল শুরু হবে। উত্তরপূর্ব সীমান্ত এক প্রেসবার্তায় এ খবর জানানো হয়েছে। ঈদোৎসবের প্রাক্কালে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ আটটি যাত্রীবাহী ট্রেনের আজ এবং আগামীকাল বাতিল করে দেওয়ায় বহু যাত্রী গুয়াহাটি ও লামডিং স্টেশনে আটকে পড়েছেন। ঈদের জন্য যে সকল যাত্রী বরাক উপত্যকার বিভিন্ন জায়গায় যাওয়ার জন্য ওই সব ট্রেনে আসন সংরক্ষণ করেছিলেন, ট্রেনগুলি বাতিল করে দেওয়ায় তাঁরা প্রচণ্ড দুর্ভোগে পড়ার পাশাপাশি ঈদোৎসব পালন থেকে বঞ্চিত হবেন বলে নিরাশ হয়ে পড়েছেন।

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষের প্রেসবার্তায় জানানো হয়েছে, পাহাড়ে লাগাতার বৃষ্টির জেরে এবং আগামী দুদিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে গুয়াহাটির আহাওয়া দফতর লাল ও কমলা সতর্কতা জারি করেছে। তাই আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ওই ট্রেনগুলি বাতিল করা হয়েছে।আজ শনি এবং রবিবার, দুদিন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে যেগুলি ট্রেন বাতিল করেছে সেগুলি যথাক্রমে ১৫৬১৫/ ১৫৬১৬ নম্বর গুয়াহাটি-শিলচর এক্সপ্রেস, ১৫৬১৭/ ১৫৬১৮ নম্বর গুয়াহাটি-দুল্লভছড়া এক্সপ্রেস, ১৫৬১১/ ১৫৬১২ নম্বর রঙিয়া-শিলচর এক্সপ্রেস, ১৫৬৪১/ ১৫৬৪২ শিলচর-নিউ তিনসুকিয়া বরাক-ব্রহ্মপুত্র এক্সপ্রেস। এছাড়া ১৫৬২৬ নম্বর আগরতলা-দেওঘর এক্সপ্রেসের যাত্রার সময়সূচি পুনর্নির্ধারণ করা হয়েছে। আগরতলা দেওঘর এক্সপ্রেস শনিবার সন্ধ্যারাত ৭-টায় আগরতলা থেকে ছাড়ার কথা ছিল। কিন্তু ট্রেনটি শনিবার সন্ধ্যার পরিবর্তে শনিবার রাত ১১টা ৩০ মিনিটে আগরতলা থেকে দেওঘরের উদ্দেশ্যে রওয়ানা হবে।

### লামডিং-বদরপুর পাহাড় লাইনে লাল ও কমলা সতর্কতা জারি আবহাওয়া দফতরের

### আগামী দুদিনের জন্য বাতিল স্বল্পদূরত্বের আটটি ট্রেন

## দক্ষিণ অসমের জন্য সমীক্ষা হবে বিকল্প রেলপথের, জানান এনএফ রেলের এজিএম

গুয়াহাটি, ১৫ জুন (হি.স.) : ডিমা হাসাও জেলার বুক চিরে ধাবিত লামডিং-বদরপুর পাহাড় লাইনে লাল ও কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। যার দরুন আজ শনি এবং রবিবার আটটি যাত্রীবাহী ট্রেন বাতিল করা হয়েছে।

তবে পরিস্থিতি পর্যালোচনা করে আগামী সোমবার থেকে ফের ট্রেন চলাচল শুরু হবে। এ খবর জানিয়েছেন উত্তরপূর্ব সীমান্ত (এনএফ) রেলওয়ের অ্যাডিশনাল জেনারেল ম্যানেজার (এজিএম) রবিলেশ কুমার। তিনি জানান, তবে দূরপাল্লার ট্রেন পরিষেবা চালু রয়েছে।

আজ শনিবার গুয়াহাটির মালিগাঁওয়ের এনএফ রেলওয়ের সদর দফতরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ ব্যাপারে তথ্য দিচ্ছিলেন এজিএম রবিলেশ কুমার। এজিএম বলেন, ভারী বৃষ্টিপাতের জেরে লামডিং-বদরপুর হিল সেকশনের নিউ হাফলং রেলওয়ে স্টেশন সংলগ্ন একটি জায়গায় ট্র্যাকে পাহাড় থেকে কাদাজলের ধস নেমেছে।

ফলে ওই রুটে যাতায়াতকারী পাঁচটি ট্রেন আটকে রাখা হয়। তবে রেলের নিয়োজিত কর্মীরা সফলভাবে কাদাজল সরিয়ে ট্র্যাক পরিষ্কার করে আটকে রাখা ট্রেনগুলি চালু করেছেন। তিনি বলেন, এই পরিস্থিতিতে হিল সেকশনে ট্রেনের গতি ঘণ্টায় ২০ কিলোমিটারে নিয়ন্ত্রণ করা হয়েছে। এজিএম রবিলেশ কুমার বলেন, লামডিং-বদরপুর রেলপথ যখন ক্ষতিগ্রস্ত হয়, তখন ডিমা হাসাও সহ দক্ষিণ অসমের তিন জেলা, প্রতিবেশী রাজ্য ত্রিপুরা, মণিপুর এবং মিজোরামের যাত্রীরা প্রভাবিত হন।

প্রাসঙ্গিক এক প্রশ্নের জবাবে রবিলেশ বলেন, ভৌগোলিকভাবে চ্যালেঞ্জিং ওই হিল সেকশনের স্যাটেলাইট জরিপ করা হয়েছে, যাতে পাহাড়ের গঠন, মাটির ভারসাম্য ও ধারণক্ষমতা পরীক্ষা করে ভূমিধসের স্থায়ী সমাধান করা যায়।

তিনি বলেন, দক্ষিণ অসম তথা প্রতিবেশী তিন রাজ্যের জন্য বিকল্প রেলপথের সমীক্ষা চালাবে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে।

## জম্মুতে তাপপ্রবাহের পূর্বাভাস, আগামী ৪-৫ দিন শুষ্ক ও গরম থাকবে কাশ্মীরে

জম্মু, ১৫ জুন (হি.স.): জম্মুতে তাপপ্রবাহের পূর্বাভাস জারি করল আবহাওয়া দফতর। একইসঙ্গে জানানো হয়েছে, আগামী ৪-৫ দিন শুষ্ক ও গরম থাকবে কাশ্মীরে। তবে, ১৯-২১ জুন এই সময়কালে বিকেলের দিকে বিভিন্ন স্থানে হালকা বৃষ্টি হতে পারে, সেই সময় আকাশ থাকবে মেঘলা। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ১৮ জুন পর্যন্ত জম্মু ও কাশ্মীরের আবহাওয়া থাকবে মূলত শুষ্ক, আবার কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

আবহাওয়া দফতরের পক্ষ থেকে পূর্বাভাসে জানানো হয়েছে, আগামী ৪-৫ দিন জম্মুর সমতল ভূমিতে তাপপ্রবাহ এবং জম্মু ও কাশ্মীরের বাকি অংশে গরম ও শুষ্ক আবহাওয়া থাকবে। ১৯ থেকে ২১ জুনের মধ্যে বিভিন্ন স্থানে হালকা বৃষ্টি হতে পারে।

## উত্তর-পশ্চিম ও উত্তর ভারতে বজায় থাকবে গরম, কমলা সতর্কতা জারি

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.): গরমের দাপট কমছেই না উত্তর প্রদেশ ও ঝাড়খণ্ড-সহ দেশের বিভিন্ন রাজ্যে। ১৬ ও ১৭ জুনও তাপের দাপট বজায় থাকবে এই দুই রাজ্যের বিভিন্ন অংশে। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, পঞ্জাব ও উত্তরপ্রদেশ এবং ঝাড়খণ্ডের অনেক অংশে ১৬ জুন তাপপ্রবাহ থেকে অত্যধিক তাপপ্রবাহের পরিস্থিতি বজায় থাকবে।

আইএমডি আরও জানিয়েছে, জম্মু, হিমাচল প্রদেশ, পূর্ব মধ্যপ্রদেশেও ১৬ জুন তাপপ্রবাহ পরিস্থিতি থাকবে। পঞ্জাব ও উত্তর প্রদেশের অনেক অংশে ১৭ জুনও তাপপ্রবাহ পরিস্থিতির সম্ভাবনা রয়েছে। ১৭ জুন, রবিবার পূর্ব মধ্যপ্রদেশেও অত্যধিক গরম থাকবে। আইএমডি উত্তর-পশ্চিম, উত্তর ও পূর্ব ভারতে তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করেছে।

## যোগ দিবসের মূল অনুষ্ঠান এবার কাশ্মীরে, ২০ জুন শ্রীনগরে যাচ্ছেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২০ জুন জম্মু ও কাশ্মীরের গ্রীষ্মকালীন রাজধানী শ্রীনগরে যাচ্ছেন। শ্রীনগরে রাত্রিযাপন করার পর, পরবর্তী দিন ২১ জুন আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। এ বছর আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানটি হবে শ্রীনগরের শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র প্রাঙ্গণে।

সূত্রের খবর, প্রধানমন্ত্রী ২০ জুন শ্রীনগরে এসে পৌঁছবেন। রাত্রিযাপন করার পর পরবর্তী দিন আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। এ বছরের যোগ দিবসের থিম হল ""'নারী ক্ষমতায়নের জন্য যোগ।'

সূত্রের খবর, জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহার নেতৃত্বে জম্মু ও কাশ্মীর প্রশাসন প্রধানমন্ত্রীর সফরের প্রস্তুতির জন্য উচ্চ সতর্কতা অবলম্বন করেছে।

## রুদ্রপ্রয়াগে গভীর খাদে পড়ল টেম্পো ট্রাভেলার; মৃত্যু ৮ জনের, শোকস্তব্ধ মুখ্যমন্ত্রী ধামি

রুদ্রপ্রয়াগ, ১৫ জুন (হি.স.): উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে ১৫০-২০০ মিটার গভীর খাদে পড়ে গেল যাত্রীবোঝাই একটি টেম্পো ট্রাভেলার।। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৮ জনের। এছাড়াও ৮ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার রুদ্রপ্রয়াগ জেলায় বদ্রীনাথ হাইওয়ের ওপর থেকে যাওয়ার সময় বেসামাল হয়ে গভীর খাদে পড়ে যায় টেম্পো ট্রাভেলারটি।

খাদের শেষেই ছিল অলকানন্দা নদী, টেম্পো ট্রাভেলারটি নদীতে পড়ে জায়গায় এত সংখ্যক যাত্রীর মৃত্যু হয়েছে। গাড়োয়াল আইজি করণ সিং নাগনিয়াল বলেছেন, রুদ্রপ্রয়াগের এসপি ঘটনাস্থলে রয়েছেন। টেম্পো ট্রাভেলারটি নয়ডা থেকে আসছিল এবং রুদ্রপ্রয়াগ যাচ্ছিল। ১৫০-২০০ মিটার গভীর খাদে পড়ে যায় টেম্পো ট্রাভেলারটি। ঘটনাস্থল থেকেই উদ্ধার হয় ৭টি দেহ, ৯ জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে আরও একজনের মৃত্যু হয়।

ভয়াবহ এই দুর্ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রী জানান, আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। জেলাশাসক এই দুর্ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছেন। টেম্পো ট্রাভেলার চালক-সহ ১৭ জন ছিলেন বলে জানা গিয়েছে।

## ঘরোয়া অপরিশোধিত তেলের উপর উইন্ডফল ট্যাক্স প্রতি টন ৩,২০০ টাকা

নয়াদিল্লি, ১৫ জুন (হি. স.) : সরকার দেশীয় অপরিশোধিত তেলের উপর টন প্রতি ২০০০ টাকা করে উইন্ডফল ট্যাক্স কমিয়েছে। এই কমানোর পরে, দেশীয় অপরিশোধিত তেলের উপর উইন্ডফল ট্যাক্স প্রতি টন ৫, ২০০ টাকা থেকে কমে ৩,২০০ টাকা হয়েছে। নতুন দর ১৫ জুন শনিবার থেকে কার্যকর হয়েছে।

সরকারের জারি করা বিজ্ঞপ্তি অনুসারে, দেশীয় অপরিশোধিত তেলের উপর বিদ্যমান উইন্ডফল ট্যাক্স প্রতি টন ৫,২০০ টাকা থেকে কমিয়ে ৩, ২০০ টাকা করা হয়েছে। যাইহোক, বিজ্ঞপ্তি অনুসারে, পেট্রোল, ডিজেল এবং বিমান জ্বালানী (এটিএফ) রফতানির উপর অতিরিক্ত আবগারি শুল্ক শূন্যে রাখা হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, নতুন দর ১৫ জুন থেকে কার্যকর হয়েছে।

প্রসঙ্গত, ৩১ মে, দেশীয় অপরিশোধিত তেলের উপর উইন্ডফল ট্যাক্স প্রতি টন ৫,৭০০ টাকা থেকে কমিয়ে ৫,২০০ টাকা প্রতি টন করা হয়েছিল। সরকার প্রথম ১ জুলাই, ২০২২-এ গার্হস্থ্য অপরিশোধিত তেলের উপর উইন্ডফল ট্যাক্স প্রয়োগ করেছিল।

## সিকিমে আটকে বহু পর্যটক, ফোন নম্বর দিয়ে হেল্পডেস্ক চালু করল নবান্ন

কলকাতা, ১৫ জুন (হি.স.): প্রবল বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগের কারণে সিকিমে বেড়াতে গিয়ে আটকে পড়া পশ্চিমবঙ্গের পর্যটকদের জন্য হেল্পলাইন চালু করল রাজ্য সরকার। কালিম্পঙের জেলাশাসকের তরফে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে এ কথা জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পূর্ব সিকিম জেলার রংপোতে পর্যটকদের উদ্ধারের কাজ তদারকির জন্য তৈরি হয়েছে একটি হেল্পডেস্ক। সেই ডেস্কের দুই আধিকারিক রবি বিশ্বকর্মা (৮৭৬৮০৯৫৮৮১) এবং পুষ্পজিৎ বর্মণের (৯০৫১৪৯৯০৯৬) মোবাইল নম্বরও রয়েছে ওই বিজ্ঞপ্তিতে।

লাগাতার বৃষ্টিতে ধসের জেরে বিপর্যস্ত উত্তর সিকিম। পরিস্থিতি এমন জায়গায় পৌঁছেছে যে, পর্যটনের জন্য বিখ্যাত লাচুংয়ের সঙ্গে গোটা রাজ্যেরই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। রাজ্য সরকার জানিয়েছে, বিপর্যয়ের জেরে সিকিমে এখনও পর্যন্ত হাজারের বেশি পর্যটক আটকে রয়েছেন। তাঁদের অধিকাংশই পশ্চিমবঙ্গের। তা ছাড়া রয়েছেন বিদেশি নাগরিকও।

### আগুনের গুজবে চলন্ত ট্রেনে আতঙ্ক! ঝাড়খণ্ডে মালগাড়িতে কাটা পড়লেন তিন জন

রাঁচি, ১৫ জুন (হি.স.): ট্রেনে আগুন লেগেছে, হাওয়ায় ভেসে আসা এই গুজব শুনে প্রাণ বাঁচাতে বাইরে ঝাঁপ দিলেন যাত্রীরা। ঝাড়খণ্ডের এই ঘটনায় মালগাড়ির চাকায় কাটা পড়লেন ৩ জন। উল্টো দিক থেকে আসা মালগাড়িতে কাটা পড়েছেন ওই যাত্রীরা। এ ছাড়াও আরও কয়েক জন জখম হয়েছেন।

শুক্রবার রাত তখন ৮টা। সাসারাম-রাঁচির ইন্টারসিটি এক্সপ্রেস ছুটছিল নিজস্ব গতিতে। আচমকা গুজব রটে যায়, ট্রেনের ইঞ্জিনে আগুন লেগে গিয়েছে।

মুহূর্তে ট্রেনে আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রাণ বাঁচাতে কয়েক জন যাত্রী চলন্ত ট্রেন থেকেই বাইরে ঝাঁপ দেন। ওই সময়ে উল্টো দিক থেকে একটি মালগাড়ি আসছিল। এখনও পর্যন্ত ৩ জনের দেহ উদ্ধার করা হয়েছে। জখম হয়েছেন আরও কয়েক জন। ঝাড়খণ্ডের কুমান স্টেশনের কাছে এই ঘটনা ঘটেছে। রেল কর্তৃপক্ষ জানিয়েছে, ওই ট্রেনে কোনও আগুন লাগেনি। কোথা থেকে কী ভাবে গুজব রটল, তা স্পষ্ট নয়।

### ছত্তিশগড়ে বড় সাফল্য সুরক্ষা বাহিনীর; এনকাউন্টারে নিকেশ ৮ নকশাল, এক জওয়ান শহীদ

রায়পুর, ১৫ জুন (হি.স.): মাওবাদী ও সুরক্ষা বাহিনীর সংঘর্ষে আবারও রক্ত ঝরল ছত্তিশগড়ের অবুঝমাড়ের জঙ্গলে। শনিবার সকালে বস্তার ডিভিশনের নারায়ণপুর জেলায় গুলির লড়াইয়ে মৃত্যু হয়েছে নিষিদ্ধ সংগঠন সিপিআইএমএল (মাওবাদী)-র অন্তত আট সদস্যের। নিহত হয়েছেন নিরাপত্তা বাহিনীর এক জওয়ান। গুরুতর জখম দু'জন।

পুলিশ জানিয়েছে, গোপন সূত্রে মাওবাদী গেরিলা বাহিনী পিএলজিএ-র 'গতিবিধির' খবর এসেছিল নারায়ণপুর, দান্তেওয়াড়া এবং বিজাপুর জেলার সীমানাবর্তী পাহাড়-জঙ্গলঘেরা এলাকা থেকে। তার পরই তল্লাশি অভিযানে নামে ডিসট্রিক্ট রিজার্ভ গ্রুপ (ডিআরজি) ও পুলিশের মাওবাদী

## কুয়েতে আগুনে মৃত্যু গোরক্ষপুরের দুই বাসিন্দার, এসে পৌঁছল পার্থিব দেহ

গোরক্ষপুর, ১৫ জুন (হি.স.): কুয়েতের বহুতলে ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃত্যু হয়েছে উত্তর প্রদেশের গোরক্ষপুরের বাসিন্দা দু""'জনের। শনিবার সকালে সেই দু""'জনের দেহ নিয়ে আসা হয় গোরক্ষপুরে। উপস্থিত ছিলেন পরিবারের সদস্যরা। প্রশাসনের পক্ষ থেকে পরিবারের সদস্যদের হাতে পার্থিব শরীর তুলে দেওয়া হয়।

কুয়েতের ভবনে বিধ্বংসী আগুনে মোট ৪৫ জন ভারতীয়ের মৃত্যু হয়েছে। তাঁদের দেহ শুক্রবারই ভারতে ফিরিয়ে আনা হয়, আর শনিবার দেহগুলি পরিবারের সদস্যদের হাতে তুলে দেওয়া হয়। এই ৪৫ জনের মধ্যে রয়েছেন গোরক্ষপুরের দুই বাসিন্দা।

## অ্যান্টপ হিলে বাড়ির একাংশ ধসে নিহত দুই

মুম্বই, ১৫ জুন (হি. স.) : অ্যান্টপ হিলের বিজয়নগর এলাকায় একটি বাড়ির একটি অংশ ধসে দুই মহিলার মৃত্যু হয়েছে। ঘটনার খবর পেয়ে দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে ধ্বংসাবশেষ সরিয়ে উদ্ধার কাজ শুরু করে।

শুক্রবার গভীর রাতে বৃষ্টির কারণে একটি বাড়ির একাংশ ধসে পড়ে। এ ঘটনায় দুই মহিলা ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে যায়। এই খবর পাওয়া মাত্রই দমকলের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তৎক্ষণাৎ ধ্বংসস্তূপের নিচে চাপা দুই মহিলাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা দুজনকেই মৃত ঘোষণা করেন। তাদের দুজনের নাম শোভাদেবী মৌর্য্য (৪৫) এবং জাকিরুনিসা শেখ (৫০)।অ্যান্টপ হিল থানার টিম বিষয়টি তদন্ত করছে।

## শিমলাতেও অত্যধিক তাপের দাপট, হিমাচলে ঊর্ধমুখী তাপমাত্রার পারদ

শিমলা, ১৫ জুন (হি.স.): হিমাচল প্রদেশে প্রচণ্ড তাপের দাপট এখনই নিস্তার নেই, ১৬ জুন পর্যন্ত তাপপ্রবাহের পূর্বাভাস রয়েছে হিমাচলের বিভিন্ন জেলায়। এই সময়ে সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ঊর্ধমুখী। সমতল ও নিচু পাহাড়ে আগামী কিছু দিন সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা এক থেকে দুই ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পেতে পারে এবং স্বাভাবিকের চেয়ে বেশিই থাকবে।

আবহাওয়া দফতরের পক্ষ থেকে পূর্বাভাসে জানানো হয়েছে, ১৬ জুন (রবিবার) পর্যন্ত হিমাচল প্রদেশের উনা, বিলাসপুর, হামিরপুর, শিমলা, সোলান, কুল্লু, কাংড়া, সিরমাউর এবং মান্ডি জেলার বিভিন্ন অংশে তাপের দাপট বজায় থাকবে। গরম থেকে রেহাই পেতে, যে শিমলায় বেড়াতে যাচ্ছেন পর্যটকরা, সেখানেও এখন অত্যধিক গরম। স্বস্তির বার্তাও দিয়েছে আবহাওয়া দফতর, ১৮ ও ১৯ জুন হিমাচলে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## রাজস্থান: আন্তর্জাতিক সীমান্তে ১২ কেজি হেরোইন উদ্ধার করল বিএসএফ

যোধপুর, ১৫ জুন (হি. স.) : তথ্যের ভিত্তিতে শুক্রবার মধ্যরাতে শ্রীগঙ্গানগর সেক্টরে ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমান্তের রাইসিংহনগর ও অনুপগড় এলাকায় দুটি ভিন্ন স্থান থেকে ড্রোনের মাধ্যমে আসা সন্দেহভাজন চার প্যাকেট হেরোইন উদ্ধার করেছে সীমান্তরক্ষী বাহিনী।

গত মধ্যরাতে পাকিস্তান থেকে একটি ড্রোন আসতে দেখে হেরোইন পাচারের তথ্য পাওয়া যায়। সীমান্তরক্ষী বাহিনী ড্রোনের শব্দ শুনে সঙ্গে সঙ্গে ড্রোনের দিকে গুলি চালায়। এরপর ওই এলাকায় তল্লাশি চালিয়ে রাইসিংহনগর এলাকা থেকে দুটি ও অনুপগড় এলাকা থেকে মোট চারটি প্যাকেট হেরোইন উদ্ধার করা হয়। তল্লাশির সময় কোনো ড্রোন উদ্ধার করা হয়নি।

এই অভিযানে উদ্ধার করা সন্দেহভাজন হেরোইনের ওজন আনুমানিক ১২.৮৮ কেজি (প্যাকিং উপাদান সহ), যার আন্তর্জাতিক বাজারে মূল্য আনুমানিক ৬০ কোটি টাকা।

## কেন্দ্রের এই সরকার কত দিন চলে তাই দেখার : উদ্ধব; মোদীকে কটাক্ষ শরদের

মুম্বই, ১৫ জুন (হি.স.): কেন্দ্রের এনডিএ সরকারের তীব্র সমালোচনা করলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে। কটাক্ষ করে তিনি বলেছেন, 'কেন্দ্রের এই সরকার কত দিন চলে তাই দেখার।' শনিবার মুম্বইয়ে এক যৌথ প্রেস বিবৃতিতে উদ্ধব ঠাকরে বলেছেন, এবারের নির্বাচন ছিল সংবিধান ও গণতন্ত্র বাঁচানোর লড়াই। শীঘ্রই বিধানসভা নির্বাচন আসছে। এই সরকার ছিল মোদী সরকার এবং এখন এটি এনডিএ সরকারে পরিণত হয়েছে। এখন দেখার এই সরকার কতদিন দীর্ঘস্থায়ী হয়।' প্রধানমন্ত্রী মোদীকে কটাক্ষ করে এনসিপি-এসসিপি প্রধান শরদ পওয়ার বলেছেন, 'প্রধানমন্ত্রীর রোডশো এবং সমাবেশ যেখানেই হয়েছে, সেখানেই আমরা জিতেছি। তাই প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানানো আমি নিজের কর্তব্য বলে মনে করি।'

## কেজরির স্ত্রীকে সামাজিক মাধ্যমে পোস্ট মুছে ফেলার নির্দেশ, ৯ জুলাই পরবর্তী শুনানি

নয়াদিল্লি, ১৫ জুন (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের স্ত্রী সুনিতা কেজরিওয়াল সহ আরও পাঁচজনকে দিল্লি হাইকোর্ট সামাজিক মাধ্যমে পোস্ট করা আদালতে শুনানির ভিডিও মুছে ফেলার নির্দেশ দিয়েছেন।

ওই ভিডিওতে দেখানো হয়েছে, ২৮ মার্চ এনফোর্সমেন্ট ডিরেক্টরেট অরবিন্দ কেজরিওয়ালকে আবগারি কেলেঙ্কারি মামলায় যুক্ত থাকার অভিযোগে গ্রেফতারের পর, তিনি রাউস অ্যাভিনিউ কোর্টে বক্তব্য রাখছেন। এটি নিয়ম বহির্ভূত বলে একটি জনস্বার্থ মামলার আবেদনের প্রেক্ষিতে হাইকোর্টের এই নির্দেশ। আদালত ২৮শে মার্চ এই সংক্রান্ত সব পোস্টগুলিকে মুছে ফেলতেও সামাজিক মাধ্যমগুলিকে নির্দেশ

## করিমগঞ্জের ডেঙ্গারবন্দ-আসাইঘাট গ্রামীণ সড়কে ভাঙন, প্রশাসনের হস্তক্ষেপ দাবি

পাথারকান্দি (অসম), ১৫ জুন (হি.স.) : বন্যার পর এবার ছড়ার ভাঙনের কবলে পড়েছে করিমগঞ্জ জেলার অন্তর্গত পাথারকান্দি বিধানসভা এলাকার লোয়াইরপোয়া ব্লকের অধীন ডেঙ্গারবন্দ গ্রাম পঞ্চায়েতের ১ নম্বর ওয়ার্ডের ডেঙ্গারবন্দ-আসাইঘাট গ্রামীণ সড়কের একাংশ। ভাঙন রোধ করতে সংশ্লিষ্ট এলাকার মানুষজন বিধায়ক কৃষেণ্দু পাল এবং জেলাশাসক মৃদুলকুমার যাদবের হস্তক্ষেপ দাবি করেছেন।

সলগই বাজারের জাতীয় সড়কের সেতু-ঘেঁষা এই রাস্তার পাশ দিয়ে গিয়েছে হাতাইছড়া। বর্তমানে ছড়ার জল কমলেও ভারী বৃষ্টিপাতের ফলে ওই সড়কের প্রায় ৩০০ মিটার এলাকা ভাঙনের কবলে পড়ে তলিয়ে যাচ্ছে ছড়ায়। এতে সমস্যায় পড়েছেন ওই সড়ক দিয়ে যাতায়াতকারী কয়েকটি গ্রামের ছাত্রছাত্রী সহ প্রায় হাজারখানেক জনতা।

বিপদসংকুল সড়ক দিয়ে ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে হালকা যানবাহন সহ জনগণকেও। যে কোনও সময় গোটা সড়কটি ছড়ায় ধসে তলিয়ে যাওয়ার প্রবল সম্ভাবনা দেখছেন সড়ক দিয়ে যাতায়াতকারীরা।কিছুদিন আগে ওই সড়কের মধ্যভাগে বিদ্যমান কালভার্টের পাশে প্রায় দশ মিটার বন্যার জলে তলিয়ে গিয়েছিল ছড়ায়। তখন স্থানীয়রা নিজেদের প্রচেষ্টায় ভাঙা সড়কটি মেরামত করেছিলেন। কিন্তু ফের ছড়ার ভাঙনে এলাকার জনগণ চিন্তিত।

## গৌহাটি হাইকোর্টের প্রধান বিচারপতিকে সঙ্গে নিয়ে শিবসাগরে নিবনির্মিত নতুন বিচার বিভাগীয় আদালত ভবন উদ্বোধন মুখ্যমন্ত্রীর

শিবসাগর (অসম), ১৫ জুন (হি.স.) : গৌহাটি হাইকোর্টের প্রধান বিচারপতি বিজয় বিষ্ণোই এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে নিয়ে আজ শনিবার শিবসাগর জেলা বিচার বিভাগীয় আদালত ভবনের উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।

বিষ্ণুনগরে নবনির্মিত জেলা বিচার বিভাগীয় আদালত ভবনের উদ্বোধন করে রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেন, আইনি পরিকাঠামো উন্নত করতে এবং রাজ্যে বিচার ব্যবস্থাকে সহজলভ্য নিশ্চিত করার প্রয়াস করছে সরকার। মুখ্যমন্ত্রী বলেন, এই জেলা আদালত ভবন উদ্বোধন হওয়ায় সব বিচার ব্যবস্থা একই ছাদের নীচে সম্পন্ন হবে। তিনি আশা ব্যক্ত করে বলেন, এতে যে কোনও মামলার শীঘ্র নিষ্পত্তি হবে।

শিবসাগরে নতুন জেলা আদালত ভবনটি রাজ্যের আইনি পরিকাঠামোর একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এর লক্ষ্য শিবসাগর এবং পার্শবর্তী অঞ্চলের বাসিন্দাদের কাছে সহজলভ্য এবং দক্ষ আইনি পরিষেবা প্রদান করা, বলেন ড. শর্মা।

গোটা অসম জুড়ে আইনি পরিকাঠামো উন্নত করা সরকারের প্রতিশ্রুতির ওপর জোর দিয়ে মুখ্যমন্ত্রী ড. শর্মা বলেন, এই লক্ষ্যে উল্লেখযোগ্য বিনিয়োগ করা হচ্ছে। এর মধ্যে আজ শিবসাগরের নতুন জেলা আদালত ভবন জনগণের জন্য উৎসর্গ করা হয়েছে। এখানে এক ছাদের নীচে সমস্ত আইনি পরিষেবা পাওয়া যাবে। সমস্ত জেলা জুড়ে আইনি পরিকাঠামো উন্নত করতে ৩০০ কোটি খরচ করা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, একই ছাদের নীচে শিবসাগর জেলা আদালতে উদ্বোধন হওয়ায় আইনি প্রক্রিয়াগুলি দ্রুত নিষ্পত্তি হবে। মামলার স্থবিরতা হ্রাস পাবে এবং বিচার বিভাগকে দক্ষতার সাথে পরিচালনা করার জন্য একটি অনুকূল পরিবেশ প্রদান করবে।

## রুদ্রপ্রয়াগে গভীর খাদে পড়ল টেম্পো ট্রাভেলার; মৃত্যু ১০ জনের, শোকস্তব্ধ মুখ্যমন্ত্রী ধামি

রুদ্রপ্রয়াগ, ১৫ জুন (হি.স.): উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে ১৫০-২০০ মিটার গভীর খাদে পড়ে গেল যাত্রীবোঝাই একটি টেম্পো ট্রাভেলার।। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১০ জনের। এছাড়াও ১৫ জন আহত হয়েছেন, তাঁদের মধ্যে ৭ জনক উদ্ধার করে এইমস ঋষিকেশে ভর্তি করা হয়েছে। শনিবার রুদ্রপ্রয়াগ জেলায় বদ্রীনাথ হাইওয়ের ওপর থেকে যাওয়ার সময় বেসামাল হয়ে গভীর খাদে পড়ে যায় টেম্পো ট্রাভেলারটি।খাদের শেষেই ছিল অলকানন্দা নদী, টেম্পো ট্রাভেলারটি নদীতে পড়ে জায়গায় এত সংখ্যক যাত্রীর মৃত্যু হয়েছে। গাড়োয়াল আইজি করণ সিং নাগনিয়াল বলেছেন, রুদ্রপ্রয়াগের এসপি ঘটনাস্থলে রয়েছেন। টেম্পো ট্রাভেলারটি নয়ডা থেকে আসছিল এবং রুদ্রপ্রয়াগ যাচ্ছিল। ১৫০-২০০ মিটার গভীর খাদে পড়ে যায় টেম্পো ট্রাভেলারটি। ঘটনাস্থল থেকেই উদ্ধার হয় ৭টি দেহ, পরে আরও ৩ জন প্রাণ হারান।ভয়াবহ এই দুর্ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রী জানান, আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। জেলাশাসক এই দুর্ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছেন। টেম্পো ট্রাভেলার চালক-সহ ১৭ জন ছিলেন বলে জানা গিয়েছে। রুদ্রপ্রয়াগের এসপি বিশাখা অশোক ভাদানে বলেন, 'আমরা তথ্য পেয়েছি, টেম্পো ট্রাভেলারে ২৩ জন ছিল। প্রায় ১৫ জন আহতকে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। উদ্ধার অভিযান চলছে।'

## কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছল দ্বারিকেশের দেহ, শোকপ্রকাশ সুজিতের

কলকাতা, ১৫ জুন (হি.স.): কুয়েতের বহুতলে অগ্নিকাণ্ডের ঘটনায় মৃত মেদিনীপুরের বাসিন্দা দ্বারিকেশ পট্টনায়কের (৫২) দেহ শনিবার সকালে এসে পৌঁছল কলকাতা বিমানবন্দরে। রাজ্য সরকারের তরফে দমকলমন্ত্রী সুজিত বসু উপস্থিত ছিলেন বিমানবন্দরে। এছাড়াও বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পলও উপস্থিত ছিলেন। সুজিত বসু শোকপ্রকাশ করে বলেছেন, 'রাজ্য সরকার সম্ভাব্য যা কিছু করার সবই করবে।'

আবার বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পল বলেন, 'আমরা রাজ্য সরকারের কাছে দাবি করছি, নিহতের পরিবারকে ন্যূনতম ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া উচিত এবং সরকারকে মৃতের ১৪ বছর বয়সী মেয়ের শিক্ষার দায়িত্ব নেওয়া উচিত। এটি একটি বাস্তবতা যে কোনও কর্মসংস্থানের সুযোগ নেই বাংলায়। মমতা বন্দ্যোপাধ্যায়কে বলতে হবে, কেন মানুষজনকে চাকরির খোঁজে রাজ্যের বাইরে যেতে হবে।'প্রশাসন সূত্রে জানা গিয়েছে, কুয়েত থেকে শুক্রবার দুপুরেই দ্বারিকেশ পট্টনায়কের দেহ কোচি বিমানবন্দরে চলে আসে। আর শনিবার সকালে কলকাতা বিমানবন্দরে তাঁর দেহ আনা হয়। এবার মেদিনীপুর শহরের শরৎপল্লি এবং পরে দাঁতনে তাঁর গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হবে দেহ।

# ডেপুটেশন দিয়েছে

● আটের পাতার পর

আন্দোলনে যাবে বলে জানায়। এদিকে দুর্যোগপূর্ণ আবহাওয়ায় প্রচুর গ্রামবাসী তাদের আবেদনে সারা দিয়ে আসে এবং তিন অভিযুক্তির বিরুদ্ধে অতিসত্বর আইনের ব্যবস্থা গ্রহণ করার জন্য পানিসাগর থানায় পুলিশের কাছে এক লিখিত ডেপুটেশন দেয়। এদিকে জানা যায় পানিসাগর থানা কোর্টের কপি আসবে তার জন্য অপেক্ষা করে আছে তারপর ব্যবস্থা নেবে।গ্রামবাসীদের অভিযোগ, পানিসাগর থানা নাকি চার অভিযুক্তের টাকা পয়সার কাছে বিক্রি হয়ে গেছে। তাই গ্রামবাসীদের কথা কে কোন পাত্তাই দিতে রাজি নয় পানিসাগর থানা। পরিস্থিতি থমথমে মানুষ পুলিশ প্রশাসনের বিরুদ্ধে ক্ষেপে উঠেছে।

## নাড্ডা

● প্রথম পাতার পর

যাবে। সেখানেই নির্বাচনোত্তর সন্ত্রাসে ঘরছাড়া এবং আক্রান্তদের রেখেছে বিজেপি। তাঁদের সাথে দেখা করার পর বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের সঙ্গে ডায়মন্ড হারবার, সন্দেশখালি, বাসন্তী ঘুরে দেখবেন সদস্যরা। সেখানে আক্রান্তদের সাথে কথা বলবেন। এর পর সোমবার ওই কমিটির সদস্যরা কলকাতায় ফিরে কোচবিহারের উদ্দ্যেশ্যে রওনা দেবেন। সেখানে সন্ত্রাসে আক্রান্তদের সাথে কথা বলার পর তাঁরা দিল্লি ফিরে যাবেন।

## যাত্রা শুরু

● প্রথম পাতার পর

০৬:২০ ঘণ্টায়সাব্রুম থেকেরওনাদিয়েপ্রত্যেক বুধবার, শুক্রবার, রবিবার ও সোমবারে ১৯:২০ ঘণ্টায়শিয়ালদহ পৌঁছবে। এই সম্প্রসারণের ফলে, ত্রিপুরার দক্ষিণাঞ্চলের যাত্রীরা কলকাতার সাথে সরাসরি সংযোগ পাবেন। ব্যবসায়ী, শিক্ষার্থী, রোগীরা ব্যাপকভাবে উপকৃত হবেন।

ট্রেননং. ১৫৭৬৯ (আলিপুরদুয়ার জং.-মরিয়নি) ইন্টারসিটি এক্সপ্রেস দৈনিক ভিত্তিতে ১৬জুন, ২০২৪তারিখ থেকে ০৩:৪৫ ঘণ্টায়আলিপুরদুয়ার জং. থেকেরওনাদিয়েএকই দিনে ২০:০০ ঘণ্টায়মরিয়নি পৌঁছবে। একইভাবে, ট্রেননং. ১৫৭৭০ (মরিয়নি-আলিপুরদুয়ার জং.) ইন্টারসিটি এক্সপ্রেস দৈনিক ভিত্তিতে ১৭ জুন, ২০২৪তারিখ থেকে ০৯:১৫ ঘণ্টায়মরিয়নি থেকেরওনাদিয়েএকই দিনে ০০:৫০ ঘণ্টায়আলিপুরদুয়ার জং. পৌঁছবে। এই সম্প্রসারণের ফলে উত্তরবঙ্গের সাথে আপার আসাম অঞ্চলের বিদ্যমান রেল যোগাযোগকে আরও শক্তিশালী করবে এবং এই অঞ্চলে অর্থনৈতিক গতিবিধিকে প্রচার করবে। এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইট, এনটিইএস-এ পাওয়া যাবে এবং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রার শুরু করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

## আশিস

● প্রথম পাতার পর

রাজ্যের বেকার যুবাদের আস্থা বাড়ছে।

এদিন শ্রী বর্মণ অভিযোগ করেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দশ বছরের শাসনকালে একাধিক রাজ্যের বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গিয়েছে। বেকারত্বের জ্বালায় যুবককরা দিশেহারা। এর মধ্যে নিট পরীক্ষার ফলাফল নিয়ে বড় কেলেঙ্কারি হয়েছে।এদিন তিনি আরও অভিযোগ করেন, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা রাজ্যে মুখ থুবড়ে পড়েছে। এক কথায় বিজেপি সরকার বেকার বিরোধী সরকার তা জ্বলজ্যান্ত উদাহরণ।

এদিন তিনি আরও বলেন, আগামী ১৮ জুন কংগ্রেসের গুরুত্বপূর্ণ বৈঠক রয়েছে। ওই বৈঠকে জেলা ও ব্লক স্তরের সমস্ত নেতাদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস সিপিআইএমের সাথে জোট হয়ে বিজেপি -র বিরুদ্ধে লড়াই করবে কিনা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# হাওড়ায় ঝিলে স্নানে নেমে তলিয়ে গেল নবম শ্রেণির পড়ুয়া

হাওড়া, ১৫ জুন (হি. স.) : হাওড়ার বালি দুর্গাপুরের খেলাধুলা করার পর ঝিলে স্নানে নেমে তলিয়ে গেল নবম শ্রেণির এক পড়ুয়া। ঘটনাটি শনিবার দুপুরে ঘটেছে। জানা গিয়েছে, শনিবার বালি সমবায় পল্লীর ছোট ঝিলে দুপুর সাড়ে তিনটে নাগাদ বন্ধুদের সঙ্গে স্নানে নেমেছিল বছর চৌদ্দর মণীশ আগারওয়াল। সব ঠিকঠাক চলছিল। হঠাৎই মণীশকে জলে তলিয়ে যেতে দেখে সকলে। তার সঙ্গে থাকা বন্ধুরা চিৎকার করা শুরু করে। স্থানীয় মানুষজন জড়ো হয় এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় নিশ্চিন্দা থানার পুলিশ। তারা এসে খোঁজাখুঁজি শুরু করেছে। খবর পৌঁছেছে নাবালকের বাড়িতে। ইতিমধ্যে তার খোঁজে ঝিলে জাল ফেলে শুরু হয়েছে তল্লাশি।

# শালকুমারহাটে হাতির হানায় মৃত্যু বৃদ্ধার

শালকুমারহাট, ১৫ জুন (হি. স.) : শনিবার বৃষ্টির সকালে সুপারি কুড়োতে গিয়ে হাতির হানায় মৃত্যু হয়েছে এক বৃদ্ধার। ঘটনাটি জানাজানি হতেই আলিপুরদুয়ার-১ ব্লকের শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতের সিধবাড়িতে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এদিন ভোরে শিবি লোহার নামে ষাটোর্ধ ওই বৃদ্ধা সুপারি কুড়োতে গিয়েছিলেন। আর পাশের কলা বাগানে তখনও দাঁড়িয়ে ছিল এক বুনো হাতি। আচমকাই হাতিটি তেড়ে এসে শুঁড় দিয়ে পেঁচিয়ে প্রথমে আছাড় মারে বৃদ্ধাকে। তারপর পা দিয়ে পিষে দেয় হাতিটি। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। জলদাপাড়া বনদফতর অবশ্য নিয়ম মাফিক পরিবারকে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার কথা জানিয়েছে। তবে এই এলাকায় হাতির হানা রুখতে হবে বলে স্থানীয়দের দাবি।

পূর্ব সিধবাড়ি গ্রাম থেকে এক কিমি দূরেই জলদাপাড়া বনাঞ্চল। শিশামারা বিটের অধীন ওই এলাকা। আর এই বিট জলদাপাড়া পূর্ব রেঞ্জের অধীন। সংশ্লিষ্ট রেঞ্জের রেঞ্জ অফিসার বিশ্বজিৎ বিশোই বলছেন, 'ওই বৃদ্ধা এদিন ভোরে সুপারি কুড়াতে গিয়েছিলেন। তখনই হাতির আক্রমণে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। সোনাপুর ফাঁড়ির পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।' আর ক্ষতিপূরণ প্রসঙ্গে রেঞ্জারের বক্তব্য, 'সরকারি নিয়ম অনুযায়ী মৃতের পরিবারকে পাঁচ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে।'

# চালকলের বয়লার ফেটে জখম ৮ শ্রমিক

হাওড়া, ১৫ জুন (হি. স.): শনিবার একটি চালকলের বয়লার ফেটে জখম হলেন ৮ শ্রমিক। ঘটনাটি ঘটে বাগনান থানার বরুণদা এলাকায়। বিকট আওয়াজ করে বয়লার ফেটে যায়। সেই সময় সেখানে কর্মরত ছিলেন আট শ্রমিক।ঘটনাস্থলে পৌঁছয় বাগনান থানার পুলিশ ও দমকল। পুলিশ জানিয়েছে, প্রাথমিক চিকিৎসার পর ছজনকে ছেড়ে দেওয়া হয়। দুজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দমকলের প্রাথমিক অনুমান, অত্যধিক তাপ তৈরির ফলে বিস্ফোরণ হয়েছে। পরীক্ষার জন্য ডাকা হতে পারে ফরেনসিক বিভাগকে। এদিকে, স্থানীয়রা জানিয়েছেন আওয়াজের অভিঘাতে আশেপাশের বেশ কয়েকটি বাড়ির জানালার কাচ এবং দেওয়ালে ফাটল ধরেছে। কয়েক কিলোমিটার দূর পর্যন্ত আওয়াজ যায় ও কম্পন অনুভূত হয়। আওয়াজের ফলে কারখানার শ্রমিকরা ও আশপাশের লোকেরা অনেকে ভয়ে পড়ে যান।পুলিশ ও কারখানা সূত্রে জানা গিয়েছে, ঘটনার সময় প্রায় জনা দশ শ্রমিক কাজ করছিলেন। হঠাৎই বয়লার বিস্ফোরণ ঘটে। বয়লার বিস্ফোরণের ফলে তাঁরাও ছিটকে পড়েন। ছুটে আসেন কারখানায় কাজ করা অন্যান্য শ্রমিকরা। বিস্ফোরণের ফলে বয়লার-সহ পাশের গোটা কাঠামো ভেঙে পড়ে।কারখানার অন্যান্য শ্রমিকরা গিয়ে আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। হাওড়া জেলা পুলিশের এক কর্তা জানান, তাঁদের মধ্যে একজন বাগনান হাসপাতাল এবং আর একজনকে স্থানান্তরিত করা হয়েছে উলুবেড়িয়া মেডিক্যাল কলেজে।পুরো ঘটনার তদন্ত করা হচ্ছে। যদিও কর্তৃপক্ষের তরফে সুচন্দন বসু বলেন, 'আমরা রক্ষণাবেক্ষণ করি ঠিকই। তবে এটি একটি দুর্ঘটনা। আহতদের আমরা দ্রুত চিকিৎসার ব্যবস্থা করি।'

# অগ্নিকাণ্ডের জের, আপাতত বন্ধ অ্যাক্রোপলিস মল

কলকাতা, ১৫ জুন (হি. স.) : অগ্নিকাণ্ডের জেরে আপাতত বন্ধ অ্যাক্রোপলিস মল। কবে খুলবে এবিষয়ে কিছু জানানো হয়নি। প্রাথমিক তদন্তে গাফিলতির অভিযোগের প্রাথমিক সত্যতা মিলেছে। তদন্ত চলবে। আপাতত মল খোলা যাবে না। সবদিক খতিয়ে দেখে তারপর সিদ্ধান্ত হবে। শনিবার অ্যাক্রোপলিস মলে আসে ফরেনসিক টিম। দমকলের উচ্চপদস্থ আধিকারিকরা। মল কর্তৃপক্ষের কাছে একাধিক রিপোর্ট চেয়ে পাঠানো হয়।

ডিজি ফায়ার, জগ মোহন বলেন, ফায়ারের তরফ থেকে তদন্ত করা হয় কি ঘটনা ঘটেছিল এবং কেন ঘটল। ফায়ার সিস্টেমে কোনও ঘাটতি ছিল কিনা। ফরেনসিক টিম আসে তারা বিভিন্ন জায়গা থেকে নমুনা সংগ্রহ করে। এরপরই অ্যাক্রোপলিস মলকে আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।

# তাপসকে সরিয়ে কবিকে দায়িত্ব, ভোট মিটতেই এডিডিএ-র চেয়ারম্যান বদল

দুর্গাপুর, ১৫ জুন (হি. স.): ভোট মিটতেই আসানসোল-দুর্গাপুর উন্নয়ন পর্ষদ (এডিডিএ) চেয়ারম্যান বদল। আর তাই নিয়ে বিস্তর জল্পনা শুরু হয়েছে রাজনৈতিক মহলে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্নেহধন্য দুর্গাপুরের হোটেল ব্যবসায়ী কবি দত্তকে নতুন চেয়ারম্যান করা হল। গত লোকসভা নির্বাচনে কবিবাবুর হোটেল থেকে টানা ১৬ দিন দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় প্রচার করেছেন মুখ্যমন্ত্রী। সেই কবি দত্তকে চেয়ারম্যান করায় দারুন উল্লাস দুর্গাপুরের শিল্প বাণিজ্য মহলে।

শুক্রবার দুপুরে রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতরের সচিবের পাঠানো একটি নির্দেশে কবি দত্তকে আসানসোল দুর্গাপুর উন্নয়ন সংস্থার চেয়ারম্যানের পদে বসানোর কথা বলা হয়েছে। এতদিন তিনি ছিলেন ওই সংস্থার ভাইস চেয়ারম্যান। বছর তিনেক আগে দুর্গাপুরের প্রশাসনিক বৈঠকে মূখ্যমন্ত্রী কবি দত্তকে ওই পদে বসিয়েছিলেন। শুক্রবার সেই কবিকেই আবার উঠিয়ে আনা হয়েছে সংস্থার শিখরে। এর আগে এডিডিএ-র চেয়ারম্যান ছিলেন রাণীগঞ্জ-এর বিধায়ক তাপস বন্দ্যোপাধ্যায়। ভোট মিটতেই তাপস বন্দ্যোপাধ্যায়কে কেন সরানো হল, তাই প্রশ্ন উঠতে শুরু করেছে শিল্পাঞ্চলে।

বিজেপির নেতা তথা প্রাক্তন সাংসদ সুরিন্দর সিং আলুওয়ালিয়ার শ্যালক তাপস বন্দ্যোপাধ্যায়। এবারে আলুওয়ালিয়াকে বিজেপি আসানসোলের আসনে প্রার্থী করেছিল। যদিও তিনি পরিজিত হয়েছেন। তবে, বেশি ভোট পান কুলটি আর রাণীগঞ্জ বিধানসভা এলাকায়। তাপস বন্দ্যোপাধ্যায় এই রানীগঞ্জেরই বিধায়ক। টিএমসি প্রার্থী শত্রুঘ্ন সিনহা জিতলেও, ওয়াকিবহাল মহলের ধারণা, আসলে, তাপসকে পদ থেকে সরিয়ে তৃণমুল কংগ্রেস থেকে কি তাকে ব্যর্থতার দরুন শাস্তি দেওয়া হল। প্রশ্ন উঠতে শুরু করেছে রাজনৈতিক মহলে। যদিও, এবিষয়ে এদিন তাপস বন্দ্যোপাধ্যায় ও কবি দত্ত কেউ কোন মন্তব্য করতে চায়নি।

# স্নান করতে নেমে তলিয়ে মৃত্যু, বুদবুদের রনডিহায় দামোদরে জোড়া মৃতদেহ উদ্ধার

দুর্গাপুর, ১৫ জুন (হি. স.) : আবারও দামোদরে স্নান করতে নেমে তলিয়ে মৃত্যু হল যুবকের। প্রায় ২৪ ঘন্টা পর তল্লাশী চালিয়ে উদ্ধার হল জোড়া মৃতদেহ। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে বুদবুদের রনডিহা জলাধারের নিম্নবর্তী এলাকায়।পুলিশ সূত্রে জানা গেছে, মৃতদের একজনের নাম অভিষেক সিং (২৮), দুর্গাপুর নিউটাউনশিপ থানার এমএএমসি র বাসিন্দা। অপরজনের নাম এদিন সন্ধ্যা পর্যন্ত জানা যায়নি।

ঘটনায় জানা গেছে, শুক্রবার বিকালে অভিষেক ও তার জনা পাঁচেক বন্ধু রনডিহা জলাধারে বেড়াতে এসেছিল। সেখানে বন্ধুদের সঙ্গে খাবার খাওয়ার পর আরও দুই বন্ধু আসে। এবং বিকাল নাগাদ কয়েকজন মিলে দামোদরে স্নান করতে নামে। তখনই তলিয়ে যায় অভিষেক। বাকিরা তলিয়ে যেতে দেখে ভয়ে পালিয়ে যায়। আশপাশের লোকজন বিষয়টি দেখে বুদবুদ থানায় খবর দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। সন্ধ্যার পর অন্ধকারে উদ্ধার কাজ ব্যাহত হয়। পরদিন অর্থাৎ শনিবার সকাল থেকে আবার বিপর্যয় মোকাবিলার দল উদ্ধার কাজ শুরু করে। এদিন বিকাল নাগাদ প্রথমে নাম পরিচয়হীন একজনের মৃতদেহ উদ্ধার হয়। তার কয়েকঘন্টা পর অভিষেকের মৃতদেহ উদ্ধার হয়। প্রশ্ন উঠেছে, নাম পরিচয়হীন যুবকটিকে অভিষেকেরই বন্ধু? না, অন্য কেউ? যদিও সেসব তদন্ত সাপেক্ষ। এদিকে ঘটনায় প্রশ্ন উঠেছে রনডিহা জলাধারের নজরদারিতে।

অভিযোগ, মনোরম জায়গা হওয়ার সুবাদে বিকেলের দিকে অনেকে বেড়াতে আসে। নদী তিরবর্তী এলাকায় অনেকে মদ্যপান করে। তারপর মদ্যপ অবস্থায় স্নান করতে নামে। আর তখনই ঘটে অঘটন। বেশীরভাগ ক্ষেত্রেই মদ্যপরা স্নান করতে জলে তলিয়ে যায়। চলতি বছর গত ১৫ জানুয়ারি বন্ধুদের সঙ্গে রনডিহায় দামোদরে স্নান করতে নেমে তলিয়ে যায় শুভজিত ব্যানার্জী (১৮), আউশগ্রামের অমরারগড়ের এক যুবক। গত ২০২১ সালের ৫ জুলাই জলাধারের কিনারায় বন্ধুদের সঙ্গে জন্মদিনে সেলফি তুলতে গিয়ে তলিয়ে মৃত্যু হয় সায়ন কীর্তনিয়া(১৬) নামে এক যুবকের। যদিও, ওইসময় জলাধারে কিনারায় লোহার ব্যারিকেড করা হয়েছিল। তবে, ইদানীং মদ্যপানের আসর বেপরওয়াভাবে চলছিল বলে অভিযোগ। আর তাতেই প্রশাসনের নজরদারিতে প্রশ্ন উঠেছে। যদিও, গোটা ঘটনায় তদন্ত শুরু করেছে পুলিশ।

# গাজোলে মোবাইল নিয়ে মায়ের সঙ্গে বচসা, আত্মঘাতী ছাত্র

গাজোল, ১৫ জুন (হি. স.) : মোবাইল দেখা নিয়ে মায়ের সঙ্গে সামান্য বচসার জেরেই আত্মঘাতী হল এক স্কুল ছাত্র। শনিবার ঘটনাটি ঘটেছে গাজোলের বিধানপল্লি এলাকায়। ঘটনার পরই গাজোল স্টেট জেনারেল হাসপাতালে ছাত্রকে উদ্ধার করে নিয়ে আসা হয়। সেখানে তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা। ময়নাতদন্তের জন্য দেহ পাঠানো হয়েছে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে। ঘটনার তদন্ত শুরু করেছে গাজোল থানার পুলিশ।

পরিবার সূত্রে জানা গিয়েছে, মৃত ছাত্রের নাম রামিজ রেজা(১৭)। বাবা পেশায় সরকারি ব্যাংকের কর্মী। মা আইসিডিএস কর্মী। ৫ বছর বয়সের ছোট বোন রয়েছে। বিধানপল্লি বাসিন্দা তাঁরা। মালদার একটি বেসরকারি স্কুলে একাদশ শ্রেণিতে পড়ত রামিজ। বাড়ির সবাই মিলে ইদের আনন্দ উপভোগ করবে, সেজন্য গত বৃহস্পতিবার স্কুল থেকে বাড়ি ফিরে এসেছিল রামিজ। প্রতিবেশী এবং আত্মীয়দের বক্তব্য অনুযায়ী, সকালে নাকি মোবাইল দেখা নিয়ে মায়ের সঙ্গে সামান্য মন কষাকষি হয়েছিল রামিজের। এরপর বাবা ব্যাংকে চলে যান, মা চলে যান আইসিডিএস কেন্দ্রে। এই সময় শোবার ঘরে গলায় গামছার ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয় রামিজ। মা আইসিডিএস সেন্টার থেকে বাড়ি ফিরে এসে এই দৃশ্য দেখার পর চিৎকার চেঁচামেচি করে সকলকে ডাকতে থাকেন। প্রতিবেশীরা এসে দরজা ভেঙে রামিজকে উদ্ধার করে নিয়ে যায় গাজোল স্টেট জেনারেল হাসপাতালে। কিন্তু চিকিৎসকেরা পরীক্ষা করে তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃত ওই ছাত্রের পকেটে নাকি একটি চিরকুট পাওয়া গেছে। তাতে নাকি লেখা রয়েছে 'সরি আমার জন্য দুঃখ করো না'। পুলিশের তরফে জানানো হয়েছে, একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে। তদন্ত শুরু করেছে পুলিশ।

## অভিযোগ

● প্রথম পাতার পর

তার জমির উপর যে পরিমাণ গাছ,সুপারি ও লেবুর চাড়া রয়েছে তার মধ্যে দিন রাত তফাৎ সামনে আসে এবং বিষয়টি পরিষ্কার হয়ে যায় যে জহর দেববর্মা একাংশ সার্ভেয়ার ও কর্মীদের বিশাল অঙ্কের টাকার বিনিময়ে এই বাজেট বানিয়েছেন,রীতিমত কম্পন শুরু হয় সরকারের অন্দরে এবং এর পরিপ্রেক্ষিতে উনার জমি পুনরায় মোহনপুর মহকুমা শাসক কার্যালয় তরফে সার্ভে করানো হয়।

কিন্তু এই বিষয় উপস্থিত ডি সি এম মোহনপুর , এন এইচ আই ডি সি এল বা জায়গার মালিক জহর দেববর্মা এমনকি মোহনপুর মহকুমা শাসক কার্যালয় তরফেও কোনো প্রতিক্রিয়া বা স্পস্টিকরণ এখন পর্যন্ত পাওয়া যায়নি।

## বিক্ষোভ

● প্রথম পাতার পর

হচ্ছে। পাশাপাশি,রাজ্যের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীদের কলেজে ভর্তিতে সুব্যবস্থার দাবি জানানো হচ্ছে।

## রাজীব

● প্রথম পাতার পর

সভাপতি চন্দ্র শেখর দেব, বিজেপি সদর শহর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, জিমনাস্টিক দীপা কর্মকার সহ অন্যানরা।

এদিন তিনি বলেন, আজকের বিদ্যার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ। পাশাপাশি সমস্ত বিদ্যার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন তিনি।

## মায়ের আর্জি

● প্রথম পাতার পর

শুভজিৎ দাস। এখনও বেসরকারি হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে শুভজিৎ। গত ২৭ দিন যাবৎ ভেন্টিলেশনে আছে। ওই হাসপাতালের চিকিৎসকরা আশা ছেড়ে দিয়েছেন। তাকে উন্নত চিকিৎসার বহিঃরাজ্যে নিয়ে যাওয়া প্রয়োজন। কিন্তু তাঁর বাবার সর্বস্ব ফুরিয়ে গেছে। এখন তার মা মুখ্যমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন।

## খোয়াই

ঝড়ের তাণ্ডবে বড় একটি গাছ ভূপাতিত হয়েছে। এর পাশাপাশি কল্যানপুরের বিভিন্ন এলাকার সাধারণ মানুষের বাড়িঘর, বাড়ির বেড়া, বিভিন্ন গাছ মুহূর্তের মধ্যে ভেঙ্গে পড়েছে।

# রক্তদাতাদের সম্বর্ধনা জ্ঞাপন

বাঁকুড়া,১৫ জুন (হি. স.) : ৫০ বারের অধিক রক্তদাতাদের সম্বর্ধিত করলো রাজ্য স্বাস্থ্য বিভাগ।বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে বাঁকুড়া ব্লাড ব্যাঙ্কের উদ্যোগে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে শুক্রবার এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।অনুষ্ঠানে ৫০ বারের অধিক বার রক্তদান কারীদের সঙ্গে ২৫ বারের অধিক বার রক্তদান করেছেন এরকম ৩৫ জন রক্তদাতাকে সম্বর্ধনা জানানো হয়।এদিনের অনুষ্ঠানে সর্বোচ্চ ৯৮বার রক্তদানকারী বাঁকুড়ার প্রাক্তন জেলা সভাধিপতি পার্থ প্রতিম মজুমদার, ৮৮ বার রক্তদানকারী খাতড়া নিবাসী নিমাই চক্রবর্তী ও ৬৮বার রক্তদানকারী ভলান্টারি ব্লাড ডোনার্স সোসাইটির সম্পাদক বিপ্রদাস মিদ্যা ,৫০ বারের অধিক সৌমাভ ভট্টাচার্য,বিরল রক্তের গ্রুপ এবি নেগেটিভ পঙ্কজ চ্যাটার্জি সহ ৩৫জন রক্তদাতাকে সম্বর্ধনা জানানো হয়।অনুষ্ঠানে সম্মিলনী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাঃ পঞ্চানন কুন্ডু, এম এস ভি পি ডাঃসপ্তর্ষি চ্যাটার্জি, প্যাথলজি বিভাগের প্রধান ডাঃ স্বপন পাঠক, আরবিটিসির ডাইরেক্টর ডাঃস্মিথ,ব্লাড ব্যাঙ্কের এম ও আই সি ডাঃসুদর্শন সরেন উপস্থিত ছিলেন।

# অচল নোটের বদলে সচল নোট সংগ্রহ করতে গিয়ে এক ব্যাংক ম্যানেজার সমেত ধৃত সাত

করিমগঞ্জ (অসম), ১৫ জুন (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত রাতাবাড়িতে দুই কোটি টাকার অচল দু-হাজারি নোট বদল করতে গিয়ে পুলিশের হাতে এক ব্যাংক ম্যানেজার সহ ধরা পড়েছে সাত ব্যক্তি। ধৃতদের হাইলাকান্দিতে অবস্থিত কানাড়া ব্যাংকের ব্রাঞ্চ ম্যানেজার যশরাজ ডেকা, লোন অফিসার চিনলাল মৌন, হাইলাকান্দির জনৈক আনোয়ার হুসেন লস্কর, মহম্মদ শরিফুল আলম, বরপেটার রকিবুল হাসান, নলবাড়ির দ্বীপজ্যোতি বেজবরুয়া সহ আরেকজন। তার নামধাম জানা যায়নি। এর সঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে তাদের ব্যবহৃত চার চাকার একটি বলেরো এবং একটি ওয়াগন-আর গাড়ি।করিমগঞ্জ জেলা পুলিশ সদর দফতর সূত্রে জানা গেছে, স্থানীয় একটি চক্রের হাত থেকে বৃহস্পতিবার রাতে দুই কোটি টাকার দু-হাজারি অচল নোট বদল করে করতে নগদ সচল ৫০০ টাকা নোটের ৫০ লক্ষ টাকা নিয়ে রাতাবাড়ি বাজারে গিয়েছিল ধৃত ব্যাংকের ম্যানেজার সহ তার সাঙ্গোপাঙ্গরা।গোপন সূত্রে এ খবর পেয়ে রাতাবাড়ি থানার পুলিশ অভিযানে নেমে রাতাবাড়ি বাজারে গিয়ে একটি বলেরো এবং একটি ওয়াগন-আর গাড়ি সমেত ওই সাতজনকে পাকড়াও করেছে। তবে দুই কোটির দু-হাজারি নোটের চক্রটিকে জালে তুলতে পুলিশ সক্ষম হয়নি।প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, একটি দুষ্ট চক্রের মাধ্যমে ধৃত কানাড়া ব্যাংকের হাইলাকান্দির ব্রাঞ্চ ম্যানেজার দুই কোটি টাকার দু-হাজারি অচল নোটগুলো ২৫ শতাংশ কমিশনের বিনিময়ে সচল নোট দেবেন বলে কথা ছিল। কিন্তু লেনদেনের আগেই পুলিশ পৌঁছে যাওয়ায় তাদের সব অপচেষ্টা ব্যর্থ হয়ে যায়। পুলিশ ব্যাংক ম্যানেজার এবং তার সাঙ্গোপাঙ্গদের হাত থেকে ৫০০ টাকার নোটের মোট ৫০ লক্ষ টাকা বাজেয়াপ্ত করেছে। কিন্তু দু-হাজারি নোটের দুই কোটি টাকার চক্রটিকে ধরতে পারেনি পুলিশ। পুলিশ ওই চক্রকে ধরতে জাল বিছিয়েছে।এদিক ধৃতদের রাতভর রাতাবাড়ি থানায় টানা জিজ্ঞাসাবাদের পর আজ শুক্রবার করিমগঞ্জে এনে আদালতে পেশ করেছিল পুলিশ। আদালতের নির্দেশে তাদের জেল হাজতে পাঠানো হয়েছে। ধারণা করা হচ্ছে, ধৃত ব্যাংক ম্যানেজার সিন্ডিকেট গড়ে কমিশনের বিনিময়ে বহুদিন ধরে অচল টাকাকে সচল করার কাজে লিপ্ত ছিলেন। পুলিশ অবশ্য এই বিষয়টি গভীরভাবে খতিয়ে দেখছে।

# যুবক খুনের ঘটনায় অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ

হুগলি, ১৫ জুন (হি. স.) :: জামাইষষ্ঠীর দিন যুবক খুনের ঘটনায় অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। স্ত্রীর দিকেই অভিযোগের আঙুল উঠেছিল প্রথম থেকে। এবার গ্রেফতার করা হল স্ত্রীর প্রেমিককে। তদন্ত শুরু হওয়ার পরই গ্রেফতার করা হল এক যুবককে।

বৈদ্যবাটির মানিক ঘোষের বাগান এলাকায় ভাড়ায় থাকতেন হাওড়ার মাকরদহের বাসিন্দা দীপঙ্কর কুণ্ডু। জামাইষষ্ঠীতে খেতে ডেকে তাঁকে খুন করা হয় বলে অভিযোগ। প্রতিবেশী ও আত্মীয়রা দাবি করেছিলেন, মৃতের স্ত্রীর সঙ্গে বিবাহবহির্ভূত সম্পর্ক ছিল প্রতিবেশী যুবক প্রসেনজিৎ মাজি ওরফে রিজুর।পুলিশ তদন্তে জানতে পেরেছে, গত ৬ জুন দীপঙ্কর তাঁর স্ত্রী'কে নিয়ে দিঘা বেড়াতে যান। তাঁর সঙ্গে সম্পর্ক থাকা সত্ত্বেও স্বামীর সঙ্গে দিঘা বেড়াতে যাওয়া মেনে নিতে পারেননি প্রেমিক! পুলিশের অনুমান, সেই কারণেই দীপঙ্করকে খুনের পরিকল্পনা করেন রিজু। খুনের পিছনে আর কী কারণ থাকতে পারে, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। দীপঙ্কর হাওড়ায় সিকিউরিটি গার্ডের কাজ করতেন। মাঝেমধ্যে বৈদ্যবাটির ভাড়া বাড়িতে স্ত্রী ও ছেলের কাছে ফিরতেন। স্বামী না থাকার সুযোগেই স্ত্রীর সঙ্গে প্রতিবেশী যুবকের সম্পর্ক তৈরি হয় বলে অভিযোগ। এই নিয়ে দু'জনের অশান্তিও হয়েছে। ঘটনার পর থেকে অভিযুক্ত যুবকের কোনও হদিশ ছিল না। শুক্রবার দুপুর ১২ টা নাগাদ শ্রীরামপুর থেকে তাঁকে গ্রেফতার করে শ্রীরামপুর থানার পুলিশ। ধৃতকে এদিন শ্রীরামপুর আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

# অনলাইন পোর্টাল নিয়ে আশ্বাস শিক্ষামন্ত্রীর

কলকাতা, ১৫ জুন (হি. স.) : ২০২৪-'২৫ শিক্ষাবর্ষ থেকে স্নাতক স্তরে কেন্দ্রীয়ভাবে অনলাইনে ভর্তি প্রক্রিয়া যে চালু করা হবে, তা আগেই জানিয়েছিল সরকার। এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তিও জারি করেছিল শিক্ষা দফতর। তবে সেখানে কবে থেকে এটি চালু হতে চলেছে, তা বলা নেই। ফলে গত বছরের মত এবারেও অনিশ্চয়তায় কাটাচ্ছে বিপুল পরিমাণ শিক্ষার্থী। শনিবার তাঁদের আশ্বস্ত করলেন পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।সরকারি সূত্রের দাবি, নির্বাচনের জন্য এই পোর্টালের উদ্বোধন আটকে ছিল। নির্বাচন মিটে যাওয়ার পরেই এই বিষয়ে তৎপর হয়েছে শিক্ষা দফতর। বিকাশ ভবন সূত্রে খবর, মঙ্গলবার এই পোর্টাল উদ্বোধন হতে পারে। যদিও চূড়ান্ত সিদ্ধান্ত এখনও গৃহীত হয়নি।

গত ৮ মে উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশ করে সংসদ। বিভিন্ন রাজ্যে কলেজে ভর্তি প্রক্রিয়া প্রায় শেষের মুখে। এই আবহে কলেজ ভর্তির পোর্টাল চালুর অপেক্ষায় রয়েছে দ্বাদশ উত্তীর্ণ পড়ুয়ারা। শনিবার একটি শিক্ষা মেলায় এসে শিক্ষামন্ত্রী জানান, আমার সঙ্গে মুখ্যমন্ত্রীর আলোচনা শেষ পর্যায়ে চলছে। আশা করছি উনি খুব শীঘ্রই সবুজ সংকেত দিয়ে দেবেন। সবুজ সংকেত পেলেই উদ্বোধন হয়ে যাবে। আমার মনে হচ্ছে মঙ্গল বুধবারের মধ্যে হবে।"প্রসঙ্গত, কিছু মাস আগেই টেস্টিং প্রক্রিয়া শেষ হয়ে গিয়েছে এই পোর্টালের। সেই টেস্টিংয়ে এখনও পর্যন্ত সবকিছুই ইতিবাচক। মূলত এই পোর্টালের মাধ্যমে সমস্ত সরকারি এবং সরকার পোষিত কলেজগুলিতে পড়ুয়াদের জন্য কতগুলো সিট আছে, তা জানা যাবে। পাশাপাশি ভর্তির ফি ও আবেদন পত্র জমা দেওয়া যাবে।মূলত, কলেজে ভর্তির যে কারচুপি হয়, সেই অভিযোগে লাগাম দিতেই এই প্রয়াস শিক্ষা দফতরের। এই পোর্টালের মাধ্যমে একসঙ্গে ২৫টি আবেদন করা সম্ভব হলে বিকাশ ভবন সূত্রের খবর। সম্প্রতি কলকাতা হাইকোর্টের তরফে ওবিসি সার্টিফিকেট বাতিল নিয়ে যে নির্দেশ দেওয়া হয়েছে, তার জেরে পড়ুয়াদের খুব একটা সমস্যা হবে না বলেই জানিয়েছে শিক্ষা দফতর।

াঙ্গন

# গার্লস ক্রিকেটে আসাম রাইফেলস পাবলিক স্কুল চ্যাম্পিয়ন, রানার্স প্রণবানন্দ বিদ্যামন্দির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আসাম রাইফেলসপাবলিক স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। সদর আন্তঃ স্কুল গার্লস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে। উদ্যোক্তা ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। ফাইনাল খেলায় শনিবার প্রতিপক্ষ তথা গতবারের চ্যাম্পিয়ন প্রনবানন্দ বিদ্যামন্দির কে ৩৯ রানে হারিয়ে এবারের সদর সেরা দলের খেতাব জিতে নিয়েছে। বৃষ্টি এবং প্রতিকূল পরিস্থিতির ভ্রুকুটি ছিল, তৎসত্বেও প্রায় আধঘন্টা অপেক্ষা করে নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে সকাল ৯ঃ১৩ মিনিট নাগাদ ম্যাচ শুরুতে টস জিতে আসাম রাইফেলস পাবলিক স্কুল প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয় নির্ধারিত ২০ ওভারে তিন উইকেট হারিয়ে ১২৭ রান সংগ্রহ করে। ক্রিস্টিনা রেমা, প্রোমিকা হালামরা রান আউটের কারনে ব্যাটিংয়ে আজ তেমন সাফল্য না পেলেও ওপেনার অন্তরা মুহুরীর অপরাজিত ৩৪ রান, অনুষ্কা টুডুর অপরাজিত ২৩ রান এবং দলনেত্রী সুস্মিতা বসাকের ১৫ রান উল্লেখযোগ্য ছিল। তবে অতিরিক্ত খাতে প্রাপ্ত ৫২ রানের সুবাদে দলের স্কোর অনেকটা সমৃদ্ধ হয়েছে বলা চলে। প্রণবানন্দ বিদ্যামন্দিরের সোনাক্ষী নমঃশূদ্র একমাত্র উইকেটটি পেয়েছে।

পাল্টা ব্যাট করতে নেমে প্রনবানন্দ বিদ্যামন্দিরের সামনে তেমন চ্যালেঞ্জিং স্কোর না হলেও প্রারম্ভিক ব্যাটার্সরা দ্রুত আউট হয়ে প্যাভেলিয়নে ফিরলে শিবিরে কিছুটা হতাশা তৈরি হয়। ওপেনার অভিজ্ঞা বর্ধন ১৭ রানে ক্রিস্টিনার বলে বোল্ড হতেই খেলার মোর ঘুরে যায়। থার্ড ডাউনে নেমে অভিধা বর্ধন কিছুটা প্রয়াস জারি রাখলেও উপযুক্ত সঙ্গীর অভাবে বেশিদূর এগোতে পারেনি। ৭ উইকেট হারিয়ে ৮৮ রান সংগ্রহ করতেই নির্ধারিত কুড়ি ওভার ফুরিয়ে যায় অভিধা ২৮ রানে অপরাজিত থাকে। অতিরিক্ত হিসেবে ২৮ রান সংগৃহীত হলেও কার্যত তা কাজে আসেনি। অন্তরা, রাজলক্ষ্মী ও ক্রিস্টিনা রেমার বোলিং দাপটে গতবারের সেরা দল প্রণবানন্দ বিদ্যামন্দির কে এবার ফাইনালে হেরে রানার্স ট্রফিতে সন্তুষ্ট থাকতে হচ্ছে। রাজলক্ষ্মী ৮ রানে, অন্তরা ১০ রানে এবং ক্রিস্টিনা ১৬ রানে দুটি করে উইকেট পেয়েছে। স্নেহা দেব পেয়েছে একটি উইকেট। তবে ব্যাটে-বলে দুর্দান্ত অর্থাৎ অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে অন্তরা মুহুরী পেয়েছে ফাইনাল খেলায় প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব।

# রাজ্য সিনিয়র এলিট ক্রিকেটে আজ বিশালগড়-শান্তিরবাজার, সোনামুড়া-কমলপুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ফের প্রস্তুতি চূড়ান্ত। প্রথম দিনের দুটো ম্যাচ এখন ইতিহাস। কার্যত আগামীকাল থেকেই ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্য ক্রিকেট এলিট টুর্নামেন্ট শুরু হচ্ছে। আশা করা যাচ্ছে ব্যাট বল নিয়ে খেলোয়াররা মাঠে নামতে পারবেন। ধর্মনগর মাঠে বিশালগড়, শান্তির বাজারের ম্যাচ। এমবিবি স্টেডিয়ামে সোনামুরা কমলপুরের ম্যাচ। বৃষ্টি এবং মন্দ আবহাওয়া কতটুকু প্রতিবন্ধকতা তৈরি করে সেটাই এখন দেখার বিষয়। বৃষ্টি বিঘ্নিত খেলা বা পরিবেশ পরিস্থিতির কারণে ম্যাচ অমীমাংসিতভাবে শেষ হওয়া থেকে বাঁচাতে রিজার্ভ ডে পন্থা এই টুর্নামেন্টে কার্যকরী করা হলেও আগামীকালের ম্যাচে অনিবার্য কারণে তা বলবৎ থাকছে না। ম্যাচ অমীমাংসিত থাকলে তা পরিত্যক্ত বলে ঘোষিত হবে এবং ম্যাচ থেকে দু দল পয়েন্ট ভাগাভাগি করে নিতে হবে। পরিবেশ পরিস্থিতিতে সবকিছুই সম্ভব ধরে নিয়েই আগামীকাল ধর্মনগরে কলেজ গ্রাউন্ড স্টেডিয়ামে বিশালগড় ও শান্তিরবাজার পরস্পরের মুখোমুখি হবে। অপর খেলাটি এমবিবি স্টেডিয়ামে সোনামুড়া খেলবে কমলপুরের বিরুদ্ধে। উল্লেখ্য, রিজার্ভ ডে-র ম্যাচ হিসেবে শনিবারে ধর্মনগরে কৈলাশহর উদয়পুরের খেলা এবং এমবিবি স্টেডিয়ামে মোহনপুর ও সদরের ম্যাচ দুটোই পরিত্যক্ত ঘোষিত হয়েছে।

# দুই জেলার চার মাঠে চার ম্যাচ দিয়ে আজ থেকে শুরু রাজ্য সিনিয়র প্লেট ক্রিকেট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। চার মহাকুমার চারটি মাঠে চারটি ম্যাচের প্রস্তুতি। বৃষ্টি বাধার সৃষ্টি করলে পরবর্তী দিনে ম্যাচটি রেফার করা ছাড়া বাকি সব প্রস্তুতি চূড়ান্ত। আগামীকাল থেকেই ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্য ক্রিকেট প্লেট টুর্নামেন্ট শুরু হচ্ছে। বৃষ্টি এবং মন্দ আবহাওয়া কতটুকু প্রতিবন্ধকতা তৈরি করে সেটাই এখন দেখার বিষয়। মাঝপথে বৃষ্টি বিঘ্নিত খেলা অমীমাংসিতভাবে শেষ হওয়া থেকে বাঁচাতে রিজার্ভ ডে পন্থা এই টুর্নামেন্টেও কার্যকরী করা হবে টিসিএ থেকে জানানো হয়েছে। রিজার্ভ ডে-তে খেলা পরিত্যক্ত হলে ম্যাচ থেকে দু দল পয়েন্ট ভাগাভাগি করে নিতে হবে। পরিবেশ পরিস্থিতিতে সবকিছুই সম্ভব ধরে নিয়েই আগামীকাল থেকে দুই জেলার চার মাঠে চারটি ম্যাচ দিয়ে টুর্নামেন্টের সূচনা ঘটছে।

গ্রুপে এ-তে খেলবে সাব্রুম, খোয়াই, অমরপুর, জিরানিয়া এবং তেলিয়ামুড়া। গ্রুপ বি-তে খেলবে ধর্মনগর, গন্ডাছড়া, লংতরাই ভ্যালী, আমবাসা ও বিলোনিয়া। আগামীকাল মেলাঘর মাঠে খোয়াই খেলবে সাব্রুমের বিরুদ্ধে। শান্তিরবাজার মাঠে অমরপুর ও তেলিয়ামুড়া পরস্পরের মুখোমুখি হবে।

বিলোনিয়া মাঠে লংতরাই ভ্যালি খেলবে আমবাসার বিরুদ্ধে। সাব্রুমে বিলোনিয়া ও গন্ডাছড়া পরস্পরের বিরুদ্ধে খেলবে। এদিকে, প্রাকৃতিক পরিস্থিতির কথা বিবেচনা করে টুর্নামেন্টের প্রতিটি ম্যাচের নির্ধারিত দিনের পরবর্তী দিন রিজার্ভ ডে হিসেবে রাখা হয়েছে। শুধুমাত্র আগামীকালের ম্যাচ চারটির ক্ষেত্রে কোনও রিজার্ভ ডে থাকবে না। পরবর্তী দিনে ধর্মীয় অনুষ্ঠানের পরিপ্রেক্ষিতে রিজার্ভ ডে রাখা যাচ্ছে না বলে সরাসরি পরিত্যক্ত ঘোষণা করে প্রতি দলকে দুই করে পয়েন্ট প্রদান করা হবে।

# জয়ের লক্ষ্যে জোরদার অনুশীলনে মগ্ন ইউ বি এস টির ফুটবলাররা

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। আগামী ১৭ জুন থেকে শুরু হতে চলেছে রাজ্য ফুটবল সংস্থা ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত এবছরের ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট। এবারের এই টুর্নামেন্টে অংশ নিতে চলেছে রেকর্ড সংখ্যক দল। মোট ১৬ টি দলকে নিয়ে আয়োজিত এবারের এই টুর্নামেন্টের যাবতীয় প্রস্তুতি প্রায় চূড়ান্ত। আসরকে সামনে রেখে ইতিমধ্যে অংশগ্রহণকারী ১৬ টি ক্লাব নিজেদের মতো করে প্রস্তুতি শুরু করে দিয়েছে। অংশগ্রহণকারী দলগুলিকে ইতিমধ্যেই লীগ কমিটি দুটি গ্রুপে বিভক্ত করেছে।গ্রুপ এ-তে রয়েছে আনন্দ ভবন, ইয়ুথ ক্লাব, জম্পুইজলা প্লে সেন্টার, ইউ.বি.এস.টি, সিমনা তমাকারি এফ.সি, পান্থই স্পোর্টিং সোসাইটি, ঐকত্যান যুব সংঘ ও কেশব সংঘ।এ গ্রুপের দ্বিতীয় ম্যাচে অর্থাৎ ১৯ জুন আসরে নিজেদের প্রথম ম্যাচে উমাকান্ত মিনি স্টেডিয়ামে মুখোমুখি হবে জম্পুলজলা প্লে সেন্টার ও ইউ.বি.এস.টি। আর এই ম্যাচকে সামনে রেখে কোচ বিশাল সাহার তত্ত্বাবধানে জোর কদমে অনুশীলন চালিয়ে যাচ্ছে ইউ.বি.এস.টি দলের ফুটবলাররা। শনিবার এমনটাই দেখা গেল আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে। অনুশীলনের ফাঁকেই এক সাক্ষাৎকারে দলের ফুটবল প্রশিক্ষক বিশাল সাহা জানান, প্রতিযোগিতাকে সামনে রেখে গত ৬ জুন থেকে অনুশীলন শুরু করে দিয়েছে ক্লাবের ফুটবলাররা। দলের ফুটবলাররা প্রতি ম্যাচে জয়ের লক্ষ্যকে সামনে রেখেই মাঠে নামবে।দলের মধ্যে বেশ কিছু প্রতিভাবান ফুটবলার রয়েছে, যাদের প্রতিভা দলকে যেকোন পরিস্থিতি মোকাবেলা করতে সাহায্য করবে। প্রাথমিকভাবে জয় দিয়ে অভিযান শুরু করার প্রত্যাশা নিয়েই প্রথম ম্যাচে মাঠে নামবে ফুটবলাররা।

# দীর্ঘ ৬ বছর পর জাতীয় টেনিস টুর্নামেন্ট আগরতলায়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টিটিএ-এআইটিএ পুরুষদের ন্যাশনাল র‍্যাঙ্কিং টেনিস টুর্নামেন্ট দীর্ঘ ৬ বছর পর পুনরায় শুরু হয়েছে। শেষবারের মতো ২০১৮ সালে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছিল। এই বছর, চ্যাম্পিয়নশিপের মোট পুরস্কারের অর্থ হবে এক লক্ষ টাকা। স্টেট টেনিস কমপ্লেক্স, মালঞ্চ নিবাস এবং দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্স উভয় পোল্ট্রি এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

শনিবার, আজ পুরুষদের সিঙ্গেলস ইভেন্টের বাছাই পর্ব অনুষ্ঠিত হয়। বৃষ্টি-বিঘ্নিত দিনে, কোয়ালিফাইং ড্র থেকে তৃতীয় বাছাই, ওড়িশার চন্দন অর্পণ সাহুকে মহারাষ্ট্রের অচিন্ত্য ভার্মা নক আউট করিয়েছেন। ভার্মা ৫-৭, ৬-২, ১০-৩ গেমে জিতে মূল ড্রয়ে প্রবেশ করেন।

অন্য সব বাছাইকৃত খেলোয়াররা সহজেই মূল ড্রয়ে প্রবেশ করেছেন। তারা হল তীর্থ ময়ুর দোশি, দেবাশিস সাহু এবং সাহেব সোধি। ত্রিপুরা রাজ্যের দুই খেলোয়াড় প্রত্যাশা অনুযায়ী মূল পর্বে উন্নীত হয়েছে। তারা হলো টুইজিলাং দেববর্মা এবং কৃষ্ণ কুমার দেববর্মা। চ্যাম্পিয়নশিপের মূল ড্রতে প্রবেশের যোগ্যতা অর্জন করেছে।

টুইজিলাং স্টেটমেট ক্রিস্টাল সরকারকে ৬-৩, ৬-৩এ সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করে যেখানে কৃষ্ণ কুমার অন্ধ্র প্রদেশের এম রাহুল কৃষ্ণকে ৬-৪, ৬-৪-এ পরাজিত করেছেন। টিটিএ-র প্রধান পৃষ্ঠপোষক, কুন্তমা শ্রীমহন্ত ডঃ বৃন্দন বিহারী দাস কাঠিয়াবাবার অনুপ্রেরণায় অনুষ্ঠিত মর্যাদাপূর্ণ জাতীয় র‍্যাঙ্কিং চ্যাম্পিয়নশিপ, সোমবার, ১৭ জুন থেকে শুরু হবে এবং শুক্রবার, ২১ জুন পর্যন্ত চলবে। ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের সম্পাদক সুজিত রায় এক বিবৃতিতে এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন।

# রিজার্ভ ডে-তে স্থগিত ম্যাচ দুটিই পরিত্যক্ত পয়েন্ট কৈলাশহর, উদয়পুর, মোহনপুর, সদরের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম দিনের স্থগিত ম্যাচ পরের দিন পরিত্যক্ত। একই হাল দুই জেলার, দুই মাঠের, দুটো ম্যাচের। উদ্বোধনী দিনের দুটি ম্যাচ বলে কথা। পরিবেশ পরিস্থিতি দুই দিনে দুই মাঠে একই রকম। মাঠে জল লেগে থাকার কারণে খেলা হয়নি। আউটফিল্ড ভেজা। খেলার অনুপযুক্ত। চার দলের খেলোয়াড়রা রিজার্ভ ডে হিসেবে শনিবারেও যথাসময়ে মাঠে উপস্থিত হলেও দু-দুটো খেলাই শেষ পর্যন্ত পরিত্যক্ত ঘুষিত হলো। পয়েন্টে ভাগ বসালো চার দল। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্য ক্রিকেট এলিট টুর্নামেন্ট কাগজে কলমে শুরু হলেও কার্যত মাঠে ব্যাট বল নামেনি, টসও হয়নি। প্রথম দিনের স্থগিত ম্যাচ রিজার্ভ ডে-তে রেফার করা হয়েছিল। অতিরিক্ত দিনেও খেলা হয়নি বলে, পরিত্যক্ত ঘোষণার পরিপ্রেক্ষিতে দুই ম্যাচের চার দল পয়েন্ট ভাগাভাগি করে নিয়েছে। উল্লেখ্য, টিসিএ আয়োজিত সিনিয়র স্টেট মিট এলিট টুর্নামেন্টে গ্রুপ এ-তে খেলছে উদয়পুর, কৈলাশহর, বিশালগড় এবং শান্তির বাজার।গ্রুপ বি-তে খেলছে সোনামুরা, সদর, কমলপুর ও মোহনপুর। শনিবারে ধর্মনগরে কলেজ গ্রাউন্ড স্টেডিয়ামে কৈলাশহর ও উদয়পুর এবং এমবিবি স্টেডিয়ামে মোহনপুর ও সদরের ম্যাচ দুটি পরিত্যক্ত ঘোষিত হওয়ায় চার দল দুই-দুই করে পয়েন্ট ভাগ করে পেয়েছে।

# ১ম ম্যাচেই জয়ের লক্ষ্যে সরোজ সংঘ ফুটবলারদের জার্সি প্রদানে লংতরাই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টীম প্রস্তুত। মাঝমাঠ, রক্ষণভাগ, দুজন গোলকিপার এমনকি রুলস অনুযায়ী বয়স ভিত্তিক ফুটবলারও রয়েছে দলে।

উদ্বোধনী দিনেই মাঠে নামছে সরোজ সংঘ। প্রতিপক্ষ ইকফাই ফুটবল ক্লাব। ১৭ জুন বিকেল তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে টিএফএ আয়োজিত সি ডিভিশন ফুটবল লীগের প্রথম ম্যাচেই জয়ের লক্ষ্যে দল মাঠে নামবে, কোচ প্রণব সরকারের তত্ত্বাবধানে।

আজ ক্লাব গৃহে এক বিশেষ অনুষ্ঠানে খেলোয়াড়দের জার্সি প্রদান করা হয়।

এতে পুরোপুরি স্পনসররের ভূমিকায় লংতরাই গুঁড়া মশলা স্পাইসেস ইন্ডাস্ট্রি।

অনুষ্ঠানে ক্লাবের বরিষ্ঠ সদস্য নারায়ণ চক্রবর্তী, সম্পাদক, টিম ম্যানেজার, সমস্ত ফুটবলার সহ অন্যান্যদের সঙ্গে লংতরাই গুঁড়া মশলা স্পাইসেস ইন্ডাস্ট্রির কর্ণধার তথা অন্যতম ক্রীড়া সংগঠক রতন দেবনাথ।

সরোজ সংঘের হয়ে যারা খেলবে মনোজিৎ সিং বড়ুয়া, বর্ণহরি জমাতিয়া, জয় কিষান দেববর্মা, সুস্থহরি জমাতিয়া, বিশ্বজিৎ দেব, বিকন চাকমা, প্রীতম সরকার, সমরজিৎ দেববর্মা, বয়ার দেববর্মা, রকি দেববর্মা, ইমরান হোসেন, মনীষ দেববর্মা, ঝুটন দেব, অকাংশু দেববর্মা, বিকাশ দেববর্মা, বিপ্লব দেববর্মা, বিরু দেববর্মা, জয় কিষান ঘাসি, সপ্তম দেব হরিজন, সুমিত ধানুক।

# সম্মান রক্ষার ম্যাচে উগান্ডাকে হারাল নিউজিল্যান্ড

কলকাতা, ১৫ জুন (হি. স.): ২০১৫ সালের পর আইসিসির টুর্নামেন্টে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে খারাপ রেজাল্ট করল নিউজিল্যান্ড। এবারের বিশ্বকাপে প্রথম দুটি ম্যাচ হেরে বিশ্বকাপ থেকে আগেই বিদায় নিয়েছে তারা। শনিবার সম্মান রক্ষার তৃতীয় ম্যাচে উগান্ডাকে উড়িয়ে দিয়েছে কেইন উইলিয়ামসনের দল।

তৃতীয় ম্যাচে উগান্ডার বিপক্ষে ৯ উইকেটের জয় পেয়েছে নিউজিল্যান্ড। শনিবার ব্রায়ান লারা স্টেডিয়ামে উগান্ডার দেওয়া ৪২ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ৮৮ বল হাতে রেখে জিতল নিউজিল্যান্ড।

উল্লেখ "সি" গ্রুপ থেকে ওয়েস্ট ইন্ডিজ এবং আফগানিস্তান অনেক আগেই সুপার এইটে চলে গেছে। আর ৩ ম্যাচের ৩টিতে হেরে গ্রুপের তলানিতে আছে উগান্ডা। আর ৩ ম্যাচের মধ্যে একটিতে জিতে তিনে উঠেছে নিউজিল্যান্ড।

# নেপালকে কাঁদিয়ে দক্ষিণ আফ্রিকা জয় পেল ১ রানে

সেন্ট ভিনসেন্ট, ১৫ জুন (হি. স.): বিশ্বকাপে অন্যতম বড় অঘটনের জন্ম দিতে দিতেও পারল না নেপাল। শেষ ২ বলে ২ রান দরকার ছিল নেপালের। কিন্তু পারল না নেপাল ইতিহাসের পাতায় নাম লেখাতে। নেপালকে কাঁদিয়ে ন্যূনতম ব্যবধানে জিতেছে দক্ষিণ আফ্রিকা।

শেষ ২ ওভারে ১৬ রান করতে হবে নেপালকে। এই অবস্থায় ১৯ তম ওভারের প্রথম ৪ বলে কোনো রান দেননি আনরিখ নর্টজে। বরং ফিরিয়েছেন আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে দ্রুততম শতকের মালিক কুশল মাল্লাকেও। তবে শেষ ২ বলে একটি ছক্কা সহ ৮ রান নেন সোমপাল কামি। এই অবস্থায় শেষ ওভারে যখন ৮ রান দরকার, তখন প্রথম ২ বলে কোনো রান দেননি বার্টম্যান। তৃতীয় বলে গুলশান ঝা বাউন্ডারি মারেন। পরের বলেও তিনি নেন ২ রান। কিন্তু শেষ ২ বলের একটিও ব্যাটেই লাগাতে পারেননি তিনি। ফলে ১ রানের ন্যূনতম ব্যবধানে জিতে যায় দক্ষিণ আফ্রিকা।

সেন্ট ভিনসেন্টে শনিবার নেপালের বিপক্ষে ১ রানে জিতেছে দক্ষিণ আফ্রিকা। দক্ষিণ আফ্রিকার দেওয়া ১১৬ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে ২০ ওভার শেষে ১১৪ রানে থামে নেপাল।

# বিশ্বকাপ থেকে পাকিস্তানের বিদায়, সুপার এইটে আমেরিকা

ফ্লোরিডা, ১৫ জুন (হি.স.): বৃষ্টি আর ভেজা আউট ফিল্ড সর্বনাশ করে দিল পাকিস্তানের। টি-টোয়েন্টি বিশ্বকাপে আয়ারল্যান্ড-আমেরিকা ম্যাচটি পরিত্যক্ত হল। আর সুপার এইটে প্রথমবারের মতো চলে গেল স্বাগতিক দেশ আমেরিকা। শুক্রবার (১৪ জুন) বিশ্বকাপের 'এ' গ্রুপের পাকিস্তান আয়ারল্যান্ড ম্যাচটি আর মাঠে গড়ায়নি। ম্যাচ পরিত্যক্ত হওয়ায় পয়েন্ট ভাগাভাগি করে নিল দুটি দল।

প্রায় ৩ ঘণ্টা চেষ্টা চালিয়েও আউটফিল্ড খেলার উপযুক্ত না হওয়ার জন্য ম্যাচটি পরিত্যক্ত হয়। এর ফলে ৪ ম্যাচ থেকে ৫ পয়েন্ট নিয়ে সুপার এইট নিশ্চিত করল আমেরিকা। ৩ ম্যাচে বর্তমানে বাবরদের পয়েন্ট ২। পরের ম্যাচে জিতলেও তারা আর সুপার এইটে যেতে পারছে না।

# বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন আফগানিস্তানের মুজিব

নিউইয়র্ক, ১৫ জুন (হি. স.): বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন আফগানিস্তানের স্পিনার মুজিব। তর্জনীর পুরনো আঘাতটা বেড়ে ওঠায় আর বিশ্বকাপে খেলতে পারছেন না মুজিব। উগান্ডার বিরুদ্ধে খেলেছিলেন। কিন্তু পরের ম্যাচ থেকে আর খেলতে পারেননি।

মুজিবের বদলি নিল আফগানিস্তান। বদলি হিসেবে আফগানিস্তান দলে নিয়েছে হজরতউল্লাহ জাজাইকে। তবে তিনি স্পিনার নন একজন ওপেনার। ওপেনার জাজাইয়ের অন্তর্ভুক্তি আইসিসির কাছ থেকে অনুমোদনও পেয়েছে। ব্যাটিং লাইনকে শক্তিশালী করার জন্যই জাজাইকে নেওয়া হয়েছে জানিয়েছে, আফগানিস্তান।

# কোপা প্রস্তুতি ম্যাচ: মেসি-মার্তিনেসের জোড়া গোল, আর্জেন্টিনার সহজ জয়

কলকাতা, ১৫ জুন (হি. স.): আর কিছুদিন বাদে কোপা আমেরিকা শুরু হবে।

তার আগে আর্জেন্টিনা তাদের সবশেষ প্রস্তুতি ম্যারচে সহজেই গুয়াতেমালাকে হারাল।

শনিবার ভোরে শুরু হওয়া প্রস্তুতি ম্যাতচে ৪-১ গোল জিতেছে লিওনেল স্কালোনির দল। লিওনেল মেসি ও লাউতারো মার্তিনেসের জোড়া গোলে গুয়াতেমালাকে হারালো আর্জেন্টিনা। গুয়াতেমালার গোলটি হয়েছে আত্মঘাতী।

আগামী শুক্রবার কানাডার বিপক্ষে ম্যাচ দিয়ে কোপা আমেরিকার শিরোপা ধরে রাখার অভিযান শুরু করবে আর্জেন্টিনা। আর্জেন্টিনার 'এ' গ্রুপে আছে দুই প্রতিপক্ষ পেরু ও চিলি।

# শনিবার ভারত বনাম কানাডা ম্যাচ ফ্লোরিডায়, রয়েছে বৃষ্টির হুমকি

ফ্লোরিডা, ১৫ জুন (হি. স.): শনিবার বিশ্বকাপে ভারত কানাডা ম্যাচ। কিন্তু দক্ষিণ ফ্লোরিডায় ভারী বৃষ্টি চলছে। আর এই ভারী বৃষ্টি ভারত-কানাডার ম্যাচটি ধুয়ে যেতে পারে। সুতরাং ম্যাচটি হওয়ার সম্ভাবনা কম। শুক্রবার বৃষ্টির মধ্যে সূর্য্য আলো দেখা গিয়েছিল। সেন্ট্রাল ব্রোওয়ার্ড পার্ক এবং ব্রোওয়ার্ড কাউন্টি স্টেডিয়ামের আশেপাশের এলাকায় দুই ফুট পর্যন্ত বৃষ্টি হয়েছে, যার ফলে ফ্লোরিডার গভর্নর রন ডিসান্টিস জরুরি অবস্থা ঘোষণা করেছেন।

ম্যাচে কোনও ফলাফল ভারতের টুর্নামেন্টের সম্ভাবনার উপর কোন প্রভাব পড়বে না। কারণ ভারত সুপার এইটে চলে গেছে। আর কানাডা, তিন ম্যাচে দুটি হারের কারণে, বাদ পড়তে চলেছে বিশ্বকাপ থেকে।

# ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ: জার্মান ঝড়ে উড়ে গেল স্কটল্যান্ড

কলকাতা, ১৫ জুন (হি. স.): দুর্দান্ত জয়ে শুরু হল তিন বারের চ্যাম্পিয়ন জার্মানির পথচলা।

মিউনিখের আলিয়াঞ্জ অ্যারেনায় শুক্রবার রাতে উদ্বোধনী ম্যাচটি ৫-১ গোলে জিতেছে তিনবারের ইউরোপ চ্যাম্পিয়নরা। তাদের গোলগুলো করেন ফ্লোরিয়ান ভিরৎজ, জামাল মুসিয়ালা, কাই হাভার্টজ, নিকলাস ফুয়েলখুগ ও এমরে কান।

প্রতিপক্ষ এমন আক্রমণাত্মক ফুটবল খেলবে তা যেন জানাই ছিল না স্কটল্যান্ডের। পুরো ম্যাচে ৮০ শতাংশের বেশি সময় পজেশন রেখে গোলের জন্য ২০টি শট নেয় জার্মানি, যার ১০টিই ছিল লক্ষ্যে। অন্যদিকে স্কটিশরা একটিমাত্র শট নেয়।

# এশিয়ান মহিলা চ্যাম্পিয়ন্স লিগ আগস্টে শুরু হবে

হংকং, ১৪ জুন (হি. স.): এশিয়ান মহিলা চ্যাম্পিয়ন্স লিগ আগস্টে শুরু হচ্ছে। শুক্রবার এই ঘোষণা করেছে এশিয়ান ফুটবল কনফেডারেশন।

জাপানের বর্তমান এশিয়ান মহিলা ক্লাব চ্যাম্পিয়নশিপ বিজয়ী উরাওয়া রেড ডায়মন্ডস লেডিস সহ মহাদেশের ২২টি দেশের একটি করে ক্লাব প্রতিযোগিতায় খেলবে।

# ২০২৬ বিশ্বকাপে জায়গা নিশ্চিত করল যারা

নিউইয়র্ক, ১৫ জুন (হি. স.): আগামী ২০২৬ টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ভারত- শ্রীলংকায়। তার আগে বিশ্বকাপের পরিকল্পনা ঠিক করে রেখেছে আইসিসি। এই আসরে খেলবে ২০টি দল। ২০ দলের মধ্যে ৯টি দল চূড়ান্ত হয়ে যাবে আর ৩ দিনের মধ্যেই। এদিকে কয়েকটি দল পরের বিশ্বকাপে জায়গা নিশ্চিত করে ফেলেছে।

এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে সুপার এইটে ওঠা ৮ দল সরাসরি পরের বিশ্বকাপে খেলবে। ইতোমধ্যে সুপার এইটের ৬টি দল এখনই বিশ্বকাপে জায়গা নিশ্চিত করে ফেলেছে। এই ৬ দল হলো- অস্ট্রেলিয়া, ভারত, যুক্তরাষ্ট্র, দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ এবং আফগানিস্তান। ভারত অবশ্য সুপার এইটে না উঠলেও আয়োজক হিসেবে সরাসরি খেলার সুযোগ পেত। এদিকে শ্রীলংকা এবার সুপার এইটে উঠতে পারেনি।তাহলেও তারা আয়োজক হিসেবে খেলতে পারবে।

সুপার এইটের বিবেচনায় থাকা বাকি দুই দল হবে বাংলাদেশ, ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং নেদারল্যান্ডসের মধ্যে থেকে। কারণ এই ৪টে দল এবার সুপার এইটে ওঠার লড়াইয়ে আছে। কোন দুটি দল যাবে তা ঠিক হয়ে যাবে আর দু একদিনের মধ্যে।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023




শনিবার নয়াদিল্লিতে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিংয়ের সাথে এক সৌজন্যসাক্ষাতে মিলিত হন।

## বিলেতি মদ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন।।** মধুপুর থানার পুলিশ ও সীমান্ত রক্ষী বাহিনী যৌথভাবে কমলাসাগর বিধানসভার কোনাবন হরিহরদুলা এলাকায় অভিযান চালিয়ে বিলেতি মদ উদ্ধার করে। সাথে গাড়ির চালককে গ্রেফতার করা হয়েছে।

অভিযানে টিআর০১এএস০২৯৬ নম্বরের একটি মারুতি ওমনি গাড়ি আটক করে এবং গাড়ি থেকে কার্টুন ভর্তি বিলেতি মদ উদ্ধার করে। সাথে গাড়ির চালক আকাশ দেবনাথকে গ্রেফতার করা হয়েছে। তার বাড়ি হরিহর দুলা বলে জানা গেছে।মধুপুর থানার সেকেন্ড ওসি অনিমেষ পাল জানান, পুলিশ এবং বিএসএফ দেখে গাড়িটি পালিয়ে যাবার চেষ্টা করেছিল। আটককৃত বিলেতি মদের কার্টুন গুলি পার্শবর্তী বাংলাদেশ পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল।

# কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে রাজ্য সরকার বছরে দু'বার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করছে : কৃষিমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন।।** কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে রাজ্য সরকার বছরে দু'বার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করছে। কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণ রাজ্য সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ি মোটরস্ট্যাণ্ডে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে রবি মরশুমের বোরো ধান ক্রয়ের সূচনা করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, গ্রামীণ এলাকার পরিকাঠামোর উন্নয়ন, গরীব মানুষ ও কৃষকের কল্যাণ না হলে দেশের অর্থনীতি শক্তিশালী হবে না। কারণ কৃষি এমন একটি ক্ষেত্র যেখানে সবচেয়ে বেশি কর্মসংস্থানের সুযোগ রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়কমন্ত্রী সুশান্ত চৌধুরী, সমবায়মী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিভীষণ দাস।

অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ আরও বলেন, দেশ ও রাজ্যের অর্থনীতির বিকাশ ও কৃষকের কল্যাণে কিষাণ সম্মাননিধি যোজনা, সহায়কমূল্যে ধান ক্রয়, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, মৃত্তিকা পরীক্ষার মতো প্রকল্পগুলি সহায়ক ভূমিকা নিচ্ছে। তাছাড়াও কৃষকদের আধুনিক চাষাবাদে অভ্যস্ত করে তুলতে সহায়কমূল্যে কৃষি যপাতি দেওয়া হচ্ছে। তিনি বলেন, দেশের ১১ কোটির বেশি কৃষক কিষাণ সম্মাননিধি যোজনায় উপকৃত হয়েছেন। রাজ্যেও ইতিমধ্যে কিষাণ সম্মাননিধি যোজনায় ২ লক্ষ ৫২ হাজার কৃষক উপকৃত হয়েছেন। রাজ্যে কৃষকদের মাসিক আয় বেড়ে এখন ১৩ হাজার ৫০০ টাকা হয়েছে। কৃষকদের উৎপাদিত পণ্য বিপণনের জন্য রাজ্যে কৃষি বাজার গড়ে তোলা হচ্ছে।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের কৃষকদের কল্যাণকে অগ্রাধিকার দিয়েছেন। ততীয়বার প্রধানমন্ত্রী হয়েই প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনায় কৃষকদের জন্য ২০ হাজার কোটি টাকা মঞ্জর করেছেন। রাজ্য সরকারও কৃষকদের আয় দ্বিগুণ করতে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করছে। রাজ্য সরকার এখন পর্যন্ত ২ লক্ষ মেট্রিকটন ধান কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ক্রয় করেছে। এতে রাজ্যের কৃষকগণ ৩০০ কোটি ৮২ লক্ষ টাকা পেয়েছেন। এবার রাজ্যের ১৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এজন্য রাজ্যের ৫৮টি ব্লকের মধ্যে ৩১টি ব্লকে ধান ক্রয় কেন্দ্র খোলা হয়েছে। উল্লেখ্য, এবার প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হবে। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, কৃষকদের কল্যাণে রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে। এতে রাজ্যের কৃষকরা লাভবান হচ্ছেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খাদ্য দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। ধন্যবাদ জ্ঞাপন করেন শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য।

## মনুভ্যালিতে স্বাস্থ্য শিবির

**কৈলাসহর।।** ঊনকোটি জেলার সমরুরপাড় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন মনুভ্যালি আয়ুমান আরোগ্য মন্দিরে গত ১৩ জন এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২৮ জন এলাকাবাসী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন। তাদেরকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। তাছাড়া শিবিরে ১৪ জনের রক্তের নমুনা সংগ্রহ ও আর ডি কিটে রক্ত পরীক্ষা করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

## হালাইরপাড়ে ম্যালেরিয়া সনাক্তকরণ

**কৈলাসহর।।** ঊনকোটি জেলার সমরুরপাড় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে হালাইরপাড় ৫নং ওয়ার্ডে গত ১৩ জন আশাকর্মীরা ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচিতে অংশ নেন। এই কর্মসূচিতে আশাকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে রক্তের নমুনা সংগ্রহ করেন। মোট ২১ জনের ব্লাড স্প্লাইড কালেকশন করা হয়। পরীক্ষায় প্রত্যেকের রিপোর্ট নেগেটিভ এসেছে। আশাকর্মীগণ রক্তের নমুনা সংগ্রহের পাশাপাশি ম্যালেরিয়া প্রতিরোধে সচেতনতামূলক বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। তাছাড়াও জেলার নিশি রঞ্জন নন্দিতা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে জামতৈলবাড়ি আয়ুমান আরোগ্য মন্দির এলাকার ৩ জন যক্ষা রোগীকে পুষ্টিকর খাবার দেওয়া হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

## আইজিএম হাসপাতালের বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট পরিকাঠামো পর্যবেক্ষণে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন।।** বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমারের নেতত্বে দূষণ নিয়ণ পর্ষদের সদস্য সচিব বিশু কর্মকার সহ অন্যান্য আধিকারিকগণ আজ ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালের বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্টের পরিকাঠামো পর্যবেক্ষণ করেন। ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ণ পর্ষদ থেকে এক প্রেস রিলিজে জানানো হয়েছে, আইজিএম হাসপাতালের প্রতিটি ওয়ার্ডে বায়ো মেডিক্যাল ওয়েস্ট রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক বিভিন্ন রঙিন কোডেড বিন (যেমন হলুদ, লাল, সাদা নীল), জীবাণুমুক্ত করার জন্য অটোক্লেভ, নিডল কাটার ইত্যাদি রয়েছে। প্রাথমিক স্টোরেজের জন্য আলাদা রঙের কোডেড চেম্বার বিশিষ্ট একটি স্টোরেজ রুমও করা হয়েছে। প্রতিদিন বিভিন্ন বিভাগে বায়ো মেডিক্যাল ওয়েস্টগুলি পশ্চিম ত্রিপুরায় দেবেন্দ্রচন্দ্র নগরে অবস্থিত একটি কমন বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টের কর্তপক্ষের কাছে হস্তান্তর করা হচ্ছে। এই হাসপাতালে তরল বর্জ্য এবং পয়ঃপ্রণালী ব্যবস্থা শোধনের জন্য প্রতিটি ৫০ কেএলডি ক্ষমতার দুটি তরল বর্জ্য শোধনাগার স্থাপন করা হয়েছে। প্রতিনিধিদল আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেণ্ডেন্ট ডা. দেবশ্রী দেববর্মাকে অনুরোধ জানিয়েছেন এই হাসপাতালে তরল বর্জ্যের পুনরায় মূল্যায়ন এবং পরিশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে। বায়ো মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে স্বাস্থ্যকর্মীদের আরও সংবেদনশীল করার জন্য এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য দূষণ নিয়ণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমার আইজিএম হাসপাতাল কর্তপক্ষকে পরামর্শ দিয়েছেন। তিনি সরকারি এবং বেসরকারি স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলিকে বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্টের নিয়মগুলি মেনে চলার আহ্বান জানিয়েছেন।

## অনুপ্রবেশের দায়ে দুই বাংলাদেশী ও চার ভারতীয় নাগরিক ধৃত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন।।** সীমান্ত রক্ষীবাহিনীর চোখে ধুলো দিয়ে ত্রিপুরায় অনুপ্রবেশের দায়ে দুইজন বাংলাদেশী নাগরিককে আটক করে জিআরপি। সাথে আটক করা হয়েছে চারজন ভারতীয় নাগরিক। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। প্রসঙ্গত, ত্রিপুরায় প্রতিনিয়তই বাংলাদেশি অনুপ্রবেশ চলছে। সীমান্ত সুরক্ষা বাহিনী কঠোর নজরদারি থাকা সত্ত্বেও বাংলাদেশি অনুপ্রবেশ বন্ধ করা যাচ্ছে না। দালালদের মারফতে কাঁটাতারের বেড়া অতিক্রম করে রাজ্যে বাংলাদেশের অনুপ্রবেশ এর ঘটনা নিত্যদিনের হয়ে দাঁড়িয়েছে। গতকাল আগরতলার জিআরপি থানার আরপিএফ ও গোয়েন্দা বিভাগ যৌথভাবে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস থেকে দুইজন বাংলাদেশী ও চারজন পাঁচজন নাগরিককে গ্রেফতার করেছে।জিআরপি থানার ওসি তাপস দাস জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস দিয়ে দুজন বাংলাদেশি ও চারজন ভারতীয় নাগরিক আগরতলা রেলস্টেশনে এসে পৌছাঁবেন। সেই খবরের ভিত্তিতে রেলস্টেশনে অভিযান চালিয়ে জিআরপি। ওই সময় রেল স্টেশনে দুজন বাংলাদেশি দ্রুত গতিতে হেঁটে বের হচ্ছে। সে সময় জিআরপি পুলিশের সন্দেহ হলে তাদেরকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। পুলিশী জিজ্ঞাসাবাদে তারা ত্রিপুরায় অবৈধভাবে প্রবেশের বিষয়টি স্বীকার করেছেন। ধৃতরা হলেন, বাংলাদেশের বাসিন্দা রূপসী রাণী মজুমদার, সাগর চন্দ্র বৈদ্য এবং আগরতলা বাসিন্দা লক্ষ্মণ সরকার, সঞ্জিত দাস, সুমন দেব, বিজয় নমঃ দাস।এদিন তিনি আরও জানিয়েছেন, তাদের কাছ থেকে ভারতীয় টাকা, বাংলাদেশের মুদ্রা সহ মোবাইল উদ্ধার হয়েছে। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। গতকাল তাদেরকে আদালতে সোপর্দ করা হবে বলে জানান তিনি।

## বিশালগড়ে সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা

**বিশালগড়।।** বিশালগড় মহকুমায় আজ থেকে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা হয়েছে। বিশালগড়ের রাস্তার মাথাস্থিত খাদ্য গোদাম সংলগে আজ এক অনুষ্ঠানে বিধায়ক অন্তরা সরকার দেব এই কর্মসূচির উদ্বোধন করেন। সহায়কমূল্যে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করে বিধায়ক বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার কৃষকদের কল্যাণে কাজ করছে। কৃষকদের আয় দ্বিগুণ করতেই রাজ্যে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বিশ্বজিৎ সাহা, চড়িলাম বিএসি'র চেয়ারম্যান জাকলু দেববর্মা, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাখী দাস কর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ছন্দা দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী। ধন্যবাদ জ্ঞাপন করেন বিশালগড় মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক হিমানীষ লস্কর।

## নিজ ঘরে ফাঁসিতে আত্মঘাতী ছাত্রী, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন।।** নিজ ঘরে থেকে এক ছাত্রীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়েছে। আজ দুপুরে মেলাঘর থানাধীন ইন্দিরানগর এলাকায় ঘর থেকে এক ছাত্রীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য দেখা দিয়েছে। কিন্তু কি কারণে সে আত্মহত্যা পথ বেছে নিয়েছে পরিবারের সদস্যদের মনে সেই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। এদিকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে। আপাতত অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

ঘটনার বিবরণে জানা যায়, আজ দুইটা নাগাদ মেলাঘর ইন্দিরা নগর আট নম্বর ওয়ার্ড এলাকার বাসিন্দা হাসিনা বেগমের মেয়ে কুলসুম বেগম নিজ ঘরে ফাঁসিতে আত্মহত্যা করে। পাঁচ বছর আগে তার বাবা বাংলাদেশের চলে গিয়েছেন। এরপর তার মা হাসিনা বেগম মানুষের বাড়িতে কাজ করে দিনযাপন করছেন। সদ্যপ্রাপ্ত মেয়েটি এবার মাধ্যমিকে উত্তীর্ণ হয়ে একাদশে পা দিয়েছিল। কিন্তু কি কারণে সে এমন পথ বেছে নিয়েছে তা পরিবারের সদস্যরা বলতে পারেন নি। কারণ, বাড়িতে তার উপর কোন চাপ তৈরি করা হয়নি, তারপরও কি কারনে মেয়েটি ফাঁসিতে আত্মহত্যা করেছে সেই প্রশ্ন এখন ঘুরপাক খাচ্ছে।

এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে মেলাঘর থানার পুলিশ। পুলিশ তার মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠিয়ে দিয়েছে। আপাতত পুলিশ অস্বাভাবিক মৃত্যু মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে।



শনিবার পানিসাগর টাউন হলে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আইনী সচেতনতা সভা অনুষ্ঠিত।

## পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সাধারণ সভা

**আগরতলা।।** পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সাধারণ সভা আজ পঞ্চায়েত সমতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ, পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যাগণ, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য, পুরাতন আগরতলা ব্লকের বিডিও সৈকত সাহা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল। সভায় ব্লকের বিডিও চলতি অর্থবছরে পঞ্চায়েত উন্নয়ন তহবিল ও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে যেসমস্ত প্রকল্প রূপায়িত হচ্ছে তা তুলে ধরেন। পঞ্চায়েত উন্নয়ন তহবিল ও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ব্লকের দুলুরা গ্রাম পঞ্চায়েতের গীতবিতান হলের সংস্কার, বিভিন্ন বিদ্যালয়ের শৌচালয় সংস্কার, অঙ্গনওয়াড়ি কেন্দ্র সংস্কারের কাজ করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ৩১ লক্ষ ৪ হাজার ৩৪৯ টাকা। বিডিও জানান, পুরাতন আগরতলা ব্লকে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে ৯টি কর্মসূচি বাস্তবায়ণ করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ৩১ লক্ষ ৫৭ হাজার ৭৩৫ টাকা। প্রধানমী আবাস যোজনায় এখন পর্যন্ত ব্লকের ৩,৭৬০ পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জরী দেওয়া হয়েছে।

## রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা হচ্ছে : খাদ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৫ জুন।।** রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা হচ্ছে। গণবন্টন ব্যবস্থায় ভোক্তাদের কাছে সঠিক পরিমাণে ও গুণগত পণ্য সামগ্রী পৌঁছে দেওয়া সুনিশ্চিত করতে রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছে। এ বিষয়ে ভোক্তাদেরও সচেতন করে তোলার জন্য খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস ও পরীক্ষাগারের পাকা ভবনের উদ্বোধন করে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী বলেন, সরকারের লক্ষ্য ভোক্তাগণ যেন কোনও অবস্থাতেই প্রতারিত বা বঞ্চিত না হন। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে সরকার কঠোর মনোভাব নিয়েছে। এজন্য প্রতিনিয়ত বিভিন্ন বাজারে অভিযান চালানো হচ্ছে। সরকার লক্ষ্য রাখছে কোনও অবস্থাতেই যেন মেয়াদ উত্তীর্ণ পণ্য সামগ্রী বাজারে বিক্রয় না হয়।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী আরও বলেন, শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস নিয়ে রাজ্যে মোট ১৮টি লিগ্যাল মেট্রোলজি অফিস রয়েছে। লিগ্যাল মেট্রোলজি অফিসগুলিতে ভোক্তাগণ পণ্য সামগ্রী নিয়ে তাদের অভিযোগ জানাতে পারবেন। পণ্য সামগ্রীর গুণগতমানও তারা এই অফিসে পরীক্ষা করার সুযোগ পাবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপা বৈদ্য। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। উল্লেখ্য, শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস নির্মাণে ব্যয় হয়েছে ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা।

## লোকসংগীত ও লুপ্তপ্রায় শিল্পকলা নিয়ে গবেষণার জন্য আবেদনপত্র আহ্বান

**আগরতলা।।** ডিমাপুরস্থিত উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের পক্ষ থেকে উত্তর-পূর্বাঞ্চলের অরুণাচল প্রদেশ, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যাণ্ড, সিকিম ও ত্রিপুরা রাজ্যের লোক ও জনজাতি সঙ্গীত, নৃত্য এবং লুপ্তপ্রায় শিল্পকলা নিয়ে গবেষণা করার জন্য গবেষকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে ১৫ জলাই, ২০২৪। আবেদনপত্রের ফরম্যাট সংশ্লিষ্ট রাজ্যের সংস্কৃতি দপ্তর কিংবা https://nezccdimapur.org.in শকংবা www.facebook.com/NEZCC পাওয়া যাবে। ভারতীয় নাগরিক এবং সংশ্লিষ্ট নাগরিকগণ এই গবেষণার জন্য আবেদন করতে পারবেন। উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের অধিকর্তা ড. প্রসন্ন গগই এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

## চণ্ডীপুর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

**কৈলাসহর।।** ঊনকোটি জেলার চণ্ডীপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত মধ্য চণ্ডীপুর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৩ জন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন করা হয়। তাছাড়াও অনুষ্ঠিত হয় স্বাস্থ্য শিবির। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস উপলক্ষে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সচেতনামূলক আলোচনা করেন। অনুষ্ঠানে ম্যালেরিয়া প্রতিরোধে ঔষধযুক্ত মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা, পরিবার পরিকল্পনা, জে এস

## দুই শতাধিক মানুষ থানা ঘেরাও করে থানায় ডেপুটেশন দিয়েছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন:** এক মহিলা চার ব্যক্তি দ্বারা শ্লীলতাহানির শিকার হয়েছিলেন। ওই ঘটনায় প্রতিবাদে পানিসাগর মহকুমার পেকুছড়া গ্রাম পঞ্চায়েতের প্রায় দুই শতাধিক মানুষ থানা ঘেরাও করে পানিসাগর থানায় ডেপুটেশন দিয়েছেন। তাঁদের দাবি, অভিযুক্ত চারজনকে অতিসত্বর পুলিশ গ্রেপ্তার করতে হবে না হলে তারা বৃহত্তর আন্দোলনে যাবে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, জমি এবং গবাদি পশু নিয়ে যাচ্ছিলেন মহিলা সাথে রফিক উদ্দিন শামসুদ্দিন ইসলাম উদ্দিন এবং জালালুদ্দিনের একটা বিবাদ চলছিল। ১১ জুন সাড়ে চারটায় তাঁরা মহিলাকে ছাগল নিয়ে যাওয়ার সময় প্রচন্ড মারধর করে এবং শ্লীলতাহানি করে বলে অভিযোগ। কখন হোসনা বেগমের চিৎকারে তার স্বামী আব্দুল সুফিন তাকে বাঁচাতে আসে। চার অভিযুক্ত তার স্বামীকেও মারধর করে। এদিকে ঘটনার দিন মহিলা থানাতে আসার আগেই তাদের নামে পানিসাগর থানায় অভিযুক্তরা একটি মামলা দায়ের করে। এই মামলাকে ভিত্তি করে পানিসাগর থানার পুলিশ মহিলা এবং তার স্বামী আব্দুল সুফীনকে বাড়িতে যাওয়ার আগেই তাদেরকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়।

জানা যায়, আব্দুল সুফীন ধর্মনগর কোর্টে পাঠালে জামিনে ছাড়া পায়। পানিসাগর থানায় তাদের অভিযোগ নিয়ে গেলে পানিসাগর থানা এই অভিযোগ রাখতে অস্বীকার জানায়। পরবর্তী সময় মহিলা এবং তার স্বামী অভিযুক্ত চারজনের বিরুদ্ধে কোর্টে মামলা দায়ের করে।

আজ অর্থাৎ শনিবার পানিসাগর মহকুমার পেকুছড়া গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ডের প্রায় দুই শতাধিক মানুষ সঠিক বিচার চেয়ে পানিসাগর থানা ঘেরাও করে। তারা জানায়, গ্রামের নয়জনের প্রতিনিধি দল অভিযুক্তদের বাড়িতে গেলে বিচারের জন্য তারা প্রতিনিধি দলকে অপমান করে পাঠিয়ে দেয় এবং বলে গ্রামবাসী পুলিশ প্রশাসন মন্ডল এমনকি বিধায়কসহ সর্বত্র তাদের পকেটে। শনিবার গ্রামবাসীরা পানিসাগর থানায় তাদের অভিযোগ নিয়ে ঘেরাও করে। এই চারজন অভিযুক্তের বিরুদ্ধে গ্রামবাসীরা সরব হয়।

তারা জানায় এই অভিযুক্তদের মধ্যে যে ইসলাম উদ্দিন নামে এক ব্যক্তি রয়েছেন উনি বালির ব্যবসার সাথে জড়িত এবং চার অভিযুক্তের টাকা-পয়সা বেশি থাকায় গ্রামে যা ইচ্ছে তাই করে বেড়ায় তাদের বিরুদ্ধে কোন ধরনের আইনের ব্যবস্থা গ্রহণ করা হয় না। কেন প্রায় দুই শতাধিক গ্রামবাসীর কথা বিশ্বাস করা হলো না তা নিয়ে অভিযোগে ফেটে পড়ে গ্রামবাসীরা। তাদের দাবি অতি সত্য এই চার অভিযুক্ত কে গ্রেপ্তার করতে হবে না হলে তারা বৃহত্তর ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।